

भारत सरकार  
GOVERNMENT OF INDIA  
राष्ट्रीय पुस्तकालय, कलकत्ता ।  
NATIONAL LIBRARY, CALCUTTA.

---

वर्ग संख्या '182: Rd  
Class No.  
पुस्तक संख्या 84. 13  
Book No.  
रा० पु०/ N. L. 38.

MGIPC—S4—9 LNL/66—13-12-66—1,50,000.

**LIBRARY**

This book was taken from the Library on the date last stamped. A fine of 1 anna will be charged for each day the book is kept over time.

19 MAR 1951

702

14/10

7 8 JUN 1951

22 JUN 1956

I. L. 44.

MGIPC-S7-III-3-74-15-9-36-20,000.

No. XII.

---

*Under the Patronage of the Government of Bengal, and dedicated, by  
permission, to the Governor General of India.*

ENCYCLOPÆDIA BENGALENSIS,

Or a series of publications in English and Bengali,

COMPILED FROM VARIOUS SOURCES,

ON HISTORY, SCIENCE, AND LITERATURE,

EDITED

BY THE REV. K. M. BANERJEA.

---

“ψυχης ιατρειον”

*Diod. Sic. l. 49.*

---

Improvement of the Mind.

---

VOL. II.

---

CALCUTTA:

R. C. LEPAGE AND CO. AND P. S. D'ROZARIO AND CO.

---

1850.

THE  
I M P R O V E M E N T

OF THE

M I N D

CONTAINING

REMARKS AND RULES

FOR THE

Attainment and Communication of useful Knowledge.

BY ISAAC WATTS, D. D.

VOL. II.

ADAPTED FOR THE USE OF YOUNG READERS IN BENGAL.

---

CALCUTTA:


R. C. LEPAGE AND CO. AND P. S. D'ROZARIO AND CO.

---

1850.







182. Rd. 84. 13.

## বিদ্যাকল্পদ্রুম ।

অর্থাৎ বিবিধ বিদ্যা বিষয়ক রচনা

শ্রীকৃষ্ণমোহন বন্দ্যোপাধ্যায় দ্বারা

সংগৃহীত ।

---

দ্বাদশ কাণ্ড ।

---

চিন্তোৎকর্ষ বিধান ।

দ্বিতীয় খণ্ড ।

---

কলিকাতা বিদ্যাকল্পদ্রুম যন্ত্রে শ্রীযুত হরিহর সান্যাল কর্তৃক  
মুদ্রিত হইল ।

ইং ১৮৫০ । শক ১৭৭২ ।

## CONTENTS.

---

CHAPTER XVI. Of enlarging the Capacity of the mind. ....	1 Page.
CHAPTER XVII. Of improving the Memory. .. ..	23
CHAPTER XVIII. Of determining a question. .. ..	46
CHAPTER XIX. Of inquiring into causes and effects. ..	61
CHAPTER XX. Of the sciences, and their use in particular professions. .. ..	66
PART II Introduction... ..	95
CHAPTER I. Methods of teaching, and reading lectures, ..	96
CHAPTER II. Of an instructive style. .. ..	106
CHAPTER III. Of convincing other persons of any truth, or delivering them from errors and mistakes. .. ..	112
CHAPTER IV. Of authority, of the abuse of it, and of its real and proper use and service. ....	122
CHAPTER V. Of treating and managing the prejudices of men... ..	133
CHAPTER VI. Of writing books for the public. .. ..	140
CHAPTER VII. Of writing and reading controversies. ..	144
APPENDIX. ....	150

## স্মৃতিকা পত্র ।

পৃষ্ঠা

১৬ পরিচ্ছেদ । মানসিক শক্তি বৃদ্ধির বিষয় । ... ..	১
১৭ পরিচ্ছেদ । মেধা বৃদ্ধি করিবার বিষয় । ... ..	২৩
১৮ পরিচ্ছেদ । প্রশ্ন নীমাংসার বিষয় । ... ..	৪৬
১৯ পরিচ্ছেদ । কার্য্য কারণানুসন্ধানের বিষয় । ... ..	৬১
২০ পরিচ্ছেদ । বিদ্যার বিষয় এবং বিশেষ ২ ব্যবসায়ে তাহার প্রয়োজন । ... ..	৬৬
উত্তর খণ্ড । ভূমিকা । ... ..	৯৫
১ পরিচ্ছেদ । অধ্যাপনা এবং উপদেশ দানের ধারা । ...	৯৬
২ পরিচ্ছেদ । অধ্যাপনার ধারা । ... ..	১০৬
৩ পরিচ্ছেদ । অন্যান্য ব্যক্তিকে কোন তত্ত্বের বিষয়ে জ্ঞান দানের অথবা তাহারদিগকে ভ্রম জাল হইতে মুক্ত করণের বিষয় । ... ..	১১২
৪ পরিচ্ছেদ । প্রভুত্বের বিষয় এবং তৎসম্বন্ধীয় ভদ্রাতন্ত্র ব্যব- হারের প্রসঙ্গ । ... ..	১২২
৫ পরিচ্ছেদ । লোকের অবিদ্যা শাসন করিবার বিষয় । ১৩৩	
৬ পরিচ্ছেদ । সাধারণের উপকারার্থ গ্রন্থ রচনা । ... ..	১৪০
৭ পরিচ্ছেদ । বিবাদ সম্বন্ধীয় প্রবন্ধ রচনা এবং অধ্যয়নের বিষয় । ... ..	১৪৪
পরিশেষ । ... ..	১৫০

**THE**  
**IMPROVEMENT OF THE MIND.**

# THE

## IMPROVEMENT OF THE MIND.

---

### CHAPTER XVI.

#### OF ENLARGING THE CAPACITY OF THE MIND.

THERE are three things which, in an especial manner, go to make up that amplitude or capacity of mind, which is one of the noblest characters belonging to the understanding.

1. When the mind is ready to take in great and sublime ideas without pain or difficulty.

2. When the mind is free to receive new and strange ideas, upon just evidence, without great surprise or aversion.

3. When the mind is able to conceive or survey many ideas at once without confusion, and to form a true judgment derived from that extensive survey.

The person who wants either of these characters may in that respect be said to have a narrow genius. Let us diffuse our meditations a little upon this subject:

## চিন্তাও কৰ্ম বিধান ।

---

### ১৬ পরিচ্ছেদ ।

মানসিক শক্তি বৃদ্ধির বিষয় ।

তিন প্রকারে বিশেষ রূপে মানসিক শক্তি বৃদ্ধি হয় আর সেই শক্তি বৃদ্ধিতেই চিন্তের পরম উৎকর্ষ হইয়া থাকে । মানসিক শক্তি বৃদ্ধির সেই তিন প্রকার এই, প্রথমতঃ যখন মনের মধ্যে অক্লেশে এবং অবাধে মহৎ ভাবোদয় হয়, দ্বিতীয়তঃ যখন অন্তঃকরণ বিন্ময় অথবা বিরাগ শূন্য হইয়া নূতন মত গ্রহণ করিতে প্রবৃত্ত হয়, তৃতীয়তঃ যখন অন্তঃকরণ চঞ্চল না হইয়া একে কালে নানা ভাব ধারণ এবং পরীক্ষা করিতে এবং বহু দর্শন প্রযুক্ত তাহার যথার্থ মীমাংসা করিতে সক্ষম হয় । যে ব্যক্তির মনের এই রূপ ক্ষমতা মাত্র নাই তাহাকে সুতরাং অস্পৃবুদ্ধি কহা যাইতে পারে । এই বিষয়ে বিস্তার পূর্বক বিবেচনা করা কর্তব্য ।

I. That is an ample and capacious mind which is ready to take in vast and sublime ideas without pain or difficulty. Persons who have never been used to converse with any thing but the common, little, and obvious affairs of life, have acquired such a narrow or contracted habit of soul, that they are not able to stretch their intellect wide enough to admit large and noble thoughts; they are ready to make their domestic, daily, and familiar images of things, the measure of all that is, and all that can be.

Talk to them of the vast dimensions of the planetary worlds; tell them that the star called Jupiter is a solid globe, two hundred and twenty times bigger than our earth; that the sun is a vast globe of fire, above a thousand times bigger than Jupiter—that is, two hundred and twenty thousand times bigger than the earth; that the distance from the earth to the sun is ninety-five millions of miles; and that a cannon bullet shot from the earth would not arrive at the nearest of the fixed stars in some hundreds of years; they cannot bear the belief of it; but hear all these glorious labours of astronomy as a mere idle romance.

Inform them of the amazing swiftness of the motion of some of the smallest or the biggest bodies in nature; assure them, according to the best philosophy, that the planet Venus, (i.e. our morning or evening star, which is nearly as big as our earth,) though it seems to move from its place but a few yards



১ যে ব্যক্তি অক্লেশে এবং অবাধে মহৎ ভাব গৃহণ করিতে পারে তাহার মানসিক শক্তি অত্যন্ত মহৎ । যে ২ লোক সাংসারিক সামান্য এবং ক্ষুদ্র ও সৰ্ব্ব প্রসিদ্ধ পদার্থ ব্যতীত অন্য কোন বিষয়ের প্রসঙ্গ করিতে অভিলাষ করে নাই তাহারদের মনঃ সংস্কার ক্রমশঃ সঙ্কীর্ণ হয়, তাহারা মহৎ ভাব গৃহণ করণার্থ বুদ্ধি বিস্তার করিতে পারে না, এবং আপনাদের প্রত্যহ ছষ্ট সাংসারিক পদার্থের পরিমাণে সকল বিষয়ের ভাবাভাব কল্পনা কবে ।

যদি তাহারদিগের নিকট গৃহ চক্রের প্রকাণ্ড পরিমাণের প্রসঙ্গ হয় অথবা বৃহস্পতি নামক নক্ষত্র পৃথিবী অপেক্ষা দুই শত বিংশতি গুণ বৃহৎ গোলাকার দ্রব্য ইহা জ্ঞাপন কর, আর যদি কহ যে সূর্য্য অগ্নিময় প্রকাণ্ড গোলাকার বস্তু এবং বৃহস্পতি অপেক্ষাও সহস্র গুণ বৃহৎ অর্থাৎ পৃথিবী অপেক্ষা দুই লক্ষ বিংশতি সহস্র গুণ বৃহৎ এবং পৃথিবী হইতে এক কোটি নবতি লক্ষ যোজন দূরস্থিত, আর পৃথিবীই কোন তোপের গোলা উঠে নিষ্ফল করিলে অতি নিকট বর্ত্তি নক্ষত্র মণ্ডলেও শত ২ বৎসরের মধ্যে তাহা উপনীত হইবে না, তবে তাহারা এই সকল কথার প্রসঙ্গে কোন অংশে বিশ্বাস না করিয়া জ্যোতিষ শাস্ত্রবেত্তাদের সমস্ত পরিশ্রমের ফল কেবল অলীক গল্প বোধ করিবে ।

অপর যদি তাহারদিগকে স্বাভাবিক কোন ২ বস্তুর আশ্চর্য্য বৈগামিত গতির কথা কহ, আর যদি উত্তম রূপে মীমাংসা করিয়া নিশ্চয় পূর্বক কহ যে শুক্র গৃহ অর্থাৎ শুকতারা নামে বিখ্যাত নক্ষত্র ঐয় পৃথিবীর সমান, এবং সমস্ত নাসের মধ্যে কেবল কতিপয় হস্ত পরিমাণে গমনশীল বোধ হইলেও বস্তুতঃ এক ঘটিকার মধ্যে ১৪০০০ যোজন পথ ভ্রমণ করে, অপর রৌদ্রের

in a month, does really fly seventy thousand miles in an hour; tell them that the rays of light shoot from the sun to our earth at the rate of nearly 200,000 miles in the second of a minute; they stand aghast at such sort of talk, and believe it no more than the tales of giants fifty yards high, and the rabbinical fables of Leviathan, who every day swallows a fish of three miles long, and is thus preparing himself to be the food and entertainment of the blessed at the feast of Paradise.

These unenlarged souls are in the same manner disgusted with the wonders which the microscope has discovered concerning the shape, the limbs, and motions of ten thousand little animals, whose united bulk would not equal a pepper-corn; they are ready to give the lie to all the improvements of our senses by the invention of a variety of glasses, and will scarcely believe any thing beyond the testimony of their naked eye without the assistance of art.

Now, if we would attempt, in a learned manner, to relieve the minds that labour under this defect,

1. It is useful to begin with some first principles of geometry, and lead them onward by degrees to the doctrine of quantities which are incommensurable, or which will admit of no common measure, though it be never so small. By this means they will see the necessity of admitting the infinite divisibility of quantity or matter.

ছটা সূর্য্যমণ্ডল হইতে নিঃসৃত হইয়া এক নিমেষের মধ্যে ৪০০০০ যোজন ব্যাপিয়া পৃথিবীতে পতিত হয় তবে তাহার। এমত বাক্যে বিশ্বয়াগম হইয়া ধনে, করিবে এ সকল শত হস্ত পরিমাণ রাক্ষসের গল্প তুল্য অলীক এবং যিহুদি পণ্ডিতগণের প্রোক্ত সেই প্রকাণ্ড জল জন্তুর বর্ণনার সঙ্কল যে প্রত্যহ সাক্ষি ক্রোশ পরিমাণ মৎস্য ভক্ষণ করিয়া স্বর্গ গত সাধুগণের তৃপ্তি জনক ভক্ষ্য হইবার নিমিত্ত পুষ্ট হইতেছে ।

এ সকল অল্প বুদ্ধি লোকের। ক্ষুদ্র দ্রব্য দর্শনার্থ নির্ম্মিত যন্ত্র দ্বারা প্রকাশিত আশ্চর্য্য কথা শুনিলেও বিরক্ত হয় । পরন্তু উক্ত যন্ত্র দ্বারা এমত ২ অসংখ্য ক্ষুদ্র কীটের আকৃতি অঙ্গ প্রত্যঙ্গ এবং গতি প্রকাশ হইয়াছে যাহারা সহস্র ২ সংখ্যাতে একত্র সংহত হইলে একটা সামান্য মরিচের তুল্যও বৃহৎ বোধ হয় না অথচ উক্ত অবোধ ব্যক্তির। তাহাতে বিশ্বাস না করিয়া বরং কাচময় যন্ত্র নির্মাণ দ্বারা জ্ঞানেন্দ্রিয়ের ব্যাপারের যে সূক্ষ্ম হইয়াছে তাহা মিথ্যা জ্ঞান করে এবং কৃত্রিম উপায় ব্যতীত স্ব ২ চন্দ্র চক্ষুতে যাহা সপ্রমাণ দর্শন করে তদতিরিক্ত কোন বিষয়ের কথাতে বিশ্বাস করে না ।

অতএব যাহারদের এই প্রকার কুসংস্কার আছে বিদ্যার প্রসঙ্গ করিয়া তাহাদের চিন্তা শোধন করিতে হইলে,

প্রথমতঃ ক্ষেত্র তত্ত্বের মূল সূত্রের উপক্রম করিয়া ক্রমশঃ অপবর্ত্য সংখ্যা যাহা অতি ক্ষুদ্র হইলেও অপবর্ত্য হয় না তদ্বিময়ের উপদেশ দিলে তাহারদের বোধ দৃষ্টি ক্রমশঃ প্রকাশ পাওয়াতে তাহার। অবশেষে সংখ্যা অথবা পদার্থের অপরিমিত ভাজ্যতা স্বীকার করিতে বাধ্য হইবে ।

This same doctrine may also be proved to their understandings, and almost to their senses, by some easier arguments in a more obvious manner. As the very opening and closing of a pair of compasses will evidently prove, that if the smallest supposed part of matter or quantity be put between the points, there will be still less and less distances or quantities all the way between the legs, till you come to the head or joint; wherefore there is no such thing possible as the smallest quantity. But a little acquaintance with true philosophy and mathematical learning would soon teach them that there are no limits either as to the extension of space, or to the division of body, and would lead them to believe there are bodies amazingly great or small, beyond their present imagination.

2. It is proper also to acquaint them with the circumference of our earth, which may be proved by very easy principles of geometry, geography, and astronomy, to be about twenty-four thousand miles round, as it has been actually found to have this dimension, by mariners who have sailed round it. Then let them be taught, that in every twenty-four hours either the sun and stars must all move round this earth, or the earth must turn round upon its own axis. If the earth itself revolve thus, then each house or mountain near the equator must move at the rate of a thousand miles, in an hour; but if, (as they generally suppose), the sun or stars move round the

তাহারদিগের হৃদয়ঙ্গম এবং প্রায় প্রত্যক্ষ গোচর করণার্থ উক্ত বিষয় আরও সহজ রূপে প্রতিপন্ন করা যাইতে পারে । কোম্পাস যন্ত্রের দুই পাদ মুক্ত এবং রুদ্ধ করিলেই স্পষ্ট বোধ হইবে যে দুই পাদের মধ্যে অতি অল্প অন্তরাল রাখিলেও দুই পাদের সম্পাত চিহ্ন পর্য্যন্ত সেই অন্তরাল আরও ক্রমশঃ স্বল্প করা যাইতে পারে অতএব কখন এমন ক্ষুদ্রতম সংখ্যা কম্পনা করা যায় না যে তাহার বিভাগ করা অসম্ভব । দর্শন শাস্ত্রে যৎকিঞ্চিৎ জ্ঞান এবং গণিত শাস্ত্রে বুৎপত্তি জন্মিলে তাহারা সহজে জানিবেন যে আকাশ বিস্তারের অথবা বস্তু বিভাগের সীমা নাই সুতরাং তাহারা উপস্থিত কম্পনার অতীত অতি বৃহৎ কিম্বা অতি ক্ষুদ্র পদার্থের সম্ভাৱ্যতা বিশ্বাস করিতে পারিবে ।

দ্বিতীয়তঃ তাহারদিগকে পৃথিবীর পরিধি পরিমাণ জ্ঞাপন করাও কর্তব্য, সেই পরিমাণ ক্ষেত্র তত্ত্ব এবং ভূগোল ও খগোল বিদ্যার অতি সহজ সূত্র সহকারে ৪৮০০ যোজন নির্ণীত হইতে পারে বস্তুতঃ নাবিকেরা জাহাজ যোগে পৃথিবী প্রদক্ষিণ করিয়া ঐ পরিমাণ নির্ণয় করিয়াছেন । পরে তাহারদিগকে উপদেশ করা যাইতে পারে যে দিবরাত্রির মধ্যে সূর্য্য এবং নক্ষত্র মণ্ডল পৃথিবী প্রদক্ষিণ করিয়া ভ্রমণ করে অথবা পৃথিবী স্বয়ং আপন ধ্রুব ব্যাসোপরি ঘূর্ণায়মান হয়েন, অপর পৃথিবী যদি স্বয়ং ঘূর্ণায়মান হইলেন তবে বিষুব রেখার নিকটস্থ সমুদয় গৃহ এবং পর্বত এক ২ ঘটিকায় পাচ শত ক্রোশ পরিমাণে গমন করিয়া থাকে । কিন্তু তাহারদের সাধারণ অনুভবানুসারে যদি সূর্য্য এবং নক্ষত্র মণ্ডলই পৃথিবীকে প্রদক্ষিণ করে তবে ইহা বক্তব্য যে সূর্য্য এবং

earth, then (the circumference of their several orbits or spheres being vastly greater than this earth) they must have a motion prodigiously swifter than a thousand miles an hour.\* Such a thought as this will by degrees enlarge their minds, and they will be taught, even upon their own principle of the diurnal revolutions of the heavens, to take in some of the vast dimensions of the heavenly bodies, their spaces and motions.

3. To this should be added the use of telescopes to help them to see the distant wonders in the skies; and microscopes, which discover the minutest parts of little animals, and reveal some of the finer and most curious works of nature. They should be acquainted also with some other noble inventions of modern philosophy, which have a great influence to enlarge the human understanding, of which I shall take occasion to speak more under the next head.

4. For the same purpose they may be invited to read those parts of Milton's admirable poem, entitled *Paradise Lost*, where he describes the armies and powers of angels, the wars and the senate of devils, the creation of this earth, together with the descriptions of Heaven, Hell, and Paradise.

It must be granted that poesy often deals in these vast and sublime ideas; and even if the subject or matter of the poem does not require such amazing and extensive thoughts, yet tropes and figures, which

নক্ষত্র গণের পথ এবং আকার পৃথিবী অপেক্ষা অতি বৃহৎ  
অপর তাহারা এক ২ ঘটিকার পাঁচ শত ক্রোশের অত্যধিক  
পরিমাণ বেগে গমন করে । এই প্রকার উপদেশ গ্রহণ করিয়া  
চিন্তা করিলে তাহারদের মানসিক ভাব ক্রমশঃ বিস্তারিত  
হইবে এবং তাহারা রাশি চক্রের প্রাত্যহিক ভ্রমণ বিষয়ক  
আপনারদের জ্ঞানানুসারেই খগোলস্থ বস্তু গণের প্রকাণ্ড  
আকৃতি এবং গতি ও অধিকৃত স্থল স্বীকার করিতে প্রবোধ  
প্রাপ্ত হইবে ।

তৃতীয়তঃ দূরবীক্ষণ যন্ত্র সহকারে তাহারদিগকে আকাশস্থ  
দূরবর্তী আশ্চর্য্য বস্তু দর্শন করাইলেও উপকার হইবে  
এবং ক্ষুদ্র দ্রব্য দর্শন যন্ত্রেরও ব্যবহার শিক্ষা দেওয়া কর্তব্য  
তাহাতে তাহারা ক্ষুদ্র ২ জন্তুর অতি সূক্ষ্মাঙ্গ দেখিতে পাইয়া  
পরমেশ্বরের রচনার কতিপয় সূত্র এবং চমৎকারক অংশ  
হৃদয়ঙ্গম করিতে পারিবে । অপর আধুনিক দর্শন বিদ্যায়  
প্রকাশিত অন্যান্য মহৎ বিষয়ও তাহার দিগকে জ্ঞাপন করা  
উচিত কেননা তাহাতে মানব চিন্তের বিস্তার সম্ভাব্য ।  
এতদ্বিষয়ে বাহুল্য রূপে বর্ণনা পরে করা যাইবে ।

চতুর্থতঃ এই কারণে তাহারদিগকে কখন ২ মিল্টন নামা  
পণ্ডিত রচিত “স্বর্গে বঞ্চিত” নামক মহা কাব্যের ঐ ২ অংশ  
পাঠ করিতে প্রবৃত্তি দেওয়া কর্তব্য যেখানে দূত গণের বল এবং  
পরাক্রম ও দুরাত্মাদিগের যুদ্ধ এবং সভা তথা পৃথিবীর সৃষ্টির  
বিবরণ এবং স্বর্গ নরকের বর্ণনা আছে ।

কবিতার মধ্যে এই প্রকার মহৎ এবং উৎকট ভাব পনঃ ২  
দৃষ্ট হয় ইহা অবশ্য স্বীকার করিতে হইবে । যে স্থলে কবিতার  
বিষয়ের প্রসঙ্গে আশ্চর্য্য এবং উৎকট ভাবের সম্বন্ধ না

are some of the main powers and beauties of poesy,  
do so gloriously exalt the matter, as to give a sublime  
imagination its proper relish and delight.

So when a boar is chased in hunting,

His nostrils flames expire,  
And his red eye-balls roll with living fire.

DRYDEN.

When Ulysses with-holds and suppresses his resentment,

His wrath compest  
Recoiling, muttered thunder in his breast.

POPE.

But especially where the subject is grand, the poet  
fails not to represent it in all its grandeur.

So when the supremacy of a god is described :

He sees with equal eye, as God of all,  
A hero perish, or a sparrow fall;  
Atoms or systems into ruin hurled,  
And now a bubble burst, and now a world.

POPE.

This sort of writings have a natural tendency to  
enlarge the capacity of the mind, and make sublime  
ideas familar to it. The Eastern writers use and allow  
much stronger figures and tropes than the Western.

Now there are many and great and sacred advantages to be derived from this sort of enlargement of the mind.

It will lead us into more exalted apprehension of  
the great God our Creator than ever we had before.



### চিত্তোৎকর্ষ বিধান ।

৩

থাকে সে স্থলেও কাব্যের অলঙ্কার এবং শক্তি স্বরূপ রূপকাদি  
শব্দে সে বিষয়ের এমন মহৎ শোভা হয় যে উৎকৃষ্ট ভাবে  
পূর্ণ ব্যক্তির তাহাতে প্রকৃত সুখ বোধ এবং আনন্দ  
জন্মে । যথা মৃগয়া কালে কোন বরাহের রাগ বর্ণনা এই  
রূপে হয় ।

“তাঁহার নাসিকা রক্ত হইতে অগ্নি এবং তাহার সোহিত  
নেত্র হইতে অলস্ত অনল নির্গত হয়” ।

ইউলিশিসের ক্রোধ সম্বরণ এই রূপে বর্ণিত হইয়াছে ।

“তাঁহার ক্রোধ সম্বৃত হইলে পর অস্তরে সেই ক্রোধ  
তর্জ্জন করিতে লাগিল” ।

বিশেষতঃ বিষয় উৎকট হইলে কবি তদুপযুক্ত ভাব প্রকাশ  
করিতে ত্রুটি করেন না ।

যথা পরমেশ্বরের মাহাত্ম্য বর্ণনা কালে এক জন কবি  
এই রূপ উক্তি করিয়াছেন ।

“ তিনি সর্বেশ্বর হইয়া নিরপেক্ষ চিত্তে মহাবীরের মূর্ত্তা  
এবং ক্ষুদ্র চটক পক্ষির পতন নিরীক্ষণ করেন, এবং সমুদ্র  
পরমাণু অথবা সূক্ষ্ম পদার্থের ধূস তথা জল বিন্দুর এবং  
জগন্মণ্ডলেরও বিনাশ পরীক্ষা করেন” ।

এই প্রকার রচনা পাঠ করিলে স্বগতঃ চিত্ত প্রফুল্ল হয়  
এবং উৎকট ভাবের চিত্তায় মনের সংস্কার জন্মে । অপর এই  
রূপ বিস্তৃত ভাব মনে উৎপন্ন হইলে অনেক উপকার হয় ।

তাহাতে আনন্দের মনে স্মৃতিকর্ত্তা পরমেশ্বরের মাহাত্ম্য  
বিষয়ে পূর্বাপেক্ষা অতি মহৎ ভাব উৎপন্ন হয় । যে পৰা-  
মেশ্বর অতি বৃহৎ এবং অতি ক্ষুদ্র নানা বিধ বস্তু সংযুক্ত এই

It will entertain our thoughts with holy wonder and amazement, while we contemplate that Being who created these various works of surprising greatness and surprising snfallness; who has displayed most inconceivable wisdom in the contrivance of all the parts, powers, and motions of these little animals invisible to the naked eye; who has manifested a most divine extent of knowledge, power, and greatness, in forming, moving and managing the most extensive bulk of the heavenly bodies, and in surveying and comprehending all those unmeasurable spaces in which they move. Fancy, with all her images, is fatigued and overwhelmed in following the planetary worlds through such immense stages, such astonishing journeys as these are, and resigns its place to the pure intellect, which learns by degrees to take in such ideas as these, and to adore its Creator with new and sublime devotion.

II. I proceed now to consider the next thing wherein the capacity or amplitude of the mind consists--and that is, when the mind is free to receive new and strange ideas and propositions, upon just evidence, without any great surprise or aversion. Those who confine themselves within the circle of their own hereditary ideas and opinions, and who never give themselves leave so much as to examine or believe any thing beside the dictates of their own family, or sect, or party, are justly charged with a narrowness of

অচিন্ত্য ঘটনার সৃষ্টি করিয়াছেন তাঁহার মাহাত্ম্য ধ্যান করিলে মনের মধ্যে আনন্দ এবং আশ্চর্য্য বোধ জন্মে । তিনি আশ্চর্য্য কৌশলে চর্য্য চক্ষুর অদৃশ্য দৃঢ় জন্তুর অঙ্গ এবং শক্তি ও গতি বিধির নিয়ম করিয়াছেন এবং গগণ মণ্ডলস্থ বৃহৎ নক্ষত্র চক্রের সৃষ্টি এবং গতি বিধি নির্ধারিত করিয়া ও তাহারদের গন্তব্য অপরিমিত আকাশ নিরীক্ষণ এবং বিস্তার করিয়া অনন্ত শক্তি মাহাত্ম্য এবং জ্ঞান প্রকাশ করিয়াছেন । রাশি চক্রের আশ্চর্য্য ভ্রমণ এবং অসীম গতি ধ্যান করিলে অতি ভাবুক লোকেরও ভ্রম বোধ এবং মনঃ শৈথিল্য হয় কেবল বুধির চালনা দ্বারা ক্রমশঃ ঐ বিষয়ে জ্ঞান জন্মে এবং মনের মধ্যে নূতন ও উচ্চতর ভাব উৎপন্ন হওয়াতে সৃষ্টি কর্তার আরাধনায় তৎপরতা হয় ।

২ সম্প্রতি মানসিক শক্তি বাহুল্যের দ্বিতীয় লক্ষণ বিবেচনা করা যাইবেক অর্থাৎ অন্তঃকরণ যখন বিচ্ছিন্ন অথবা বিরাগ শূন্য হইয়া নূতন মত গ্রহণ করিতে প্রবৃত্ত হয় । যাহারা পিতৃ পিতামহ পুরুষ পরম্পরার শিক্ষিত মতেই আসক্ত থাকে এবং আপনারদিগকে স্বীয় গোত্রের কিম্বা দল অথবা সম্প্রদায়ের মতানুযায়ি উপদেশ ব্যতীত অন্য কোন কথা বিবেচনা অথবা বিশ্বাস করিতে অনধিকারী জ্ঞান করে তাহারদিগকে যথার্থ রূপে স্তূড়াস্ত্রা কহা যাইতে পারে । এই দোষের কতিপয় উদাহরণ আলোচনা করিয়া তৎশোধনের উপায় বর্ণনা করিব ।

soul. Let us survey some instances of this imperfection, and then direct to the cure of it.

1. Persons who have been bred up all their days within the smoke of their father's chimney, or within the limits of their native town or village, are surprised at every new sight that appears, when they travel a few miles from home. The ploughman stands amazed at the shops, the trade, the crowds of people, the magnificent buildings, the pomp, the riches, and equipage of the court and city, and would hardly believe what was told him before he saw it. On the other hand, the cockney, travelling into the country, is surprised at many actions of the quadruped and winged animals in the field, and at many common practices of rural affairs.

If either of these happen to hear an account of the familiar and daily customs of foreign countries, they pronounce them at once indecent and ridiculous. So narrow are their understandings, and their thoughts so confined, that they know not how to believe any thing wise and proper, beside what they have been taught to practise.

This narrowness of mind should be cured by hearing and reading the accounts of different parts of the world, and the histories of past ages, and of nations and countries distant from our own, especially the more polite parts of mankind. Nothing tends in this respect so much to enlarge the mind as travelling,—i. e.

১ বাহারা শিতৃগৃহের প্রাচীর অথবা জন্ম ভূমির সীমার মধ্যে আকস্মিকাল প্রতিপাদিত হইয়াছে তাহারা গৃহ হইতে বহির্গমন করিয়া কিয়দূর পর্য্যন্ত ভ্রাম্য ক্রমেই নূতন ২ বস্তু দর্শন করিয়া বিস্ময়াপন্ন হয়। কৃষীবি ব্যক্তি গ্রাম ত্যাগ করিয়া নগরে আসিলে তথ্য পণ্যবীথি এবং বাণিজ্য-ব্যাপার ও বহু লোক সংহতি এবং অপূর্ণ অট্টালিকা ও রাজ পুরুষ এবং পৌর জনগণের মহা ঐশ্বর্য ধন এবং অশ্ব রথাদি দেখিয়া চাক্ষুত হইয়া কিয়ৎ সে কখন চকিতে না দেখিলে সে সচল বিষয়ের কারণ বিশ্বাস করিত না। অপর নগরস্থ অধিবাসীর আভ্যন্তর দর্শনকারি জন গণ গৃহে গমন করিলে তাহারাও তথাকার খেচর ভূচর নানা জন্তুর নানা কার্য এবং অন্যান্য সামান্য গ্রাম্য বিষয় দেখিয়া বিস্ময়াপন্ন হয়।

অপর গ্রাম্য কৃষক অথবা নগরীর রসিক ব্যক্তি উভয়েই অপরিচিত দেশের নিত্য চরিতে আচার ব্যবহারের কথা শ্রবণ করিলে তাহা অস্বাভাব্য এবং হাস্যাস্পদ জ্ঞান করে। তাহারা এতদ্ভিন্ন এবং তাহাদের মনের গর্ব এত সক্ষীর্ণ যে আপনারা যে ব্যবহার অগ্রাস করিয়াছে তদ্ব্যতীত কোন পদার্থকে প্রকৃত ও বিবেচনাসিদ্ধ বলিয়া গ্ৰাহ্য ক্রিতে পারে না।

নেই সকল লোকের বুদ্ধির এই প্রকার সক্ষীর্ণতা দূর করিবার এক উপায় এই যে তাহারা পৃথিবীর নানা খণ্ডের বিবরণ শ্রবণ ও পাঠ করুক এবং অতীত কালের ইতিহাস ও দূর্বর্ত্তি দেশ এবং জাতির বিশেষতঃ মানব মণ্ডলীর অব্যসায়ন বৃত্তান্ত অধ্যয়ন করুক, অপর দেশ ভ্রমণ করুক কেননা বিদেশীয় নগর এবং জনপদে গমনাপেক্ষা মানসিক শক্তি বাহুল্য করিবার উত্তম উপায়ান্তর নাই। যদি আমাদের সাংসারিক

making a visit to other towns, cities, or countries, beside those in which we were born and educated; and where our condition of life does not grant us this privilege, we must endeavour to supply the want of it by books.

2. It is the same narrowness of mind that awakens the surprise and aversion of some persons, when they hear of doctrines and schemes in human affairs or in religion, quite different from what they have embraced. Perhaps they have been trained up from their infancy in one set of notions, and their thoughts have been confined to one single track in both the civil and religious life, without ever hearing or knowing what other opinions are current among mankind; or at least they have seen all other notions beside their own represented in a false and malignant light; whereupon they judge and condemn at once every sentiment but what their own party receives; and they think it a piece of justice and truth to lay heavy censures upon the practice of every different sect in religion or politics. They have so rooted themselves in the opinions of their party, that they cannot hear an objection with patience, nor can they bear a vindication, or so much as an apology, for any set of principles beside their own; all the rest is nonsense or heresy, folly or blasphemy.

This defect, also, is to be relieved by free conversation with persons of different sentiments; this will

অবস্থা দেশ ভ্রমণ করিবার উপযুক্ত না হয় তবে গ্রন্থ পাঠের দ্বারা তাহার প্রতীকার করা কর্তব্য ।

২ বুদ্ধির সন্ধীর্ণতা হেতু কোন ২ লোক আপনারদের মতের বিপরীত আচার অথবা ধর্ম সম্বন্ধীয় উপদেশ কিম্বা ব্যবস্থা শ্রবণ করিলে চমৎকৃত এবং বিরক্ত হয় । বোধ হয় তাহারা বালক কালাবধি কেবল এক প্রকার মত শিক্ষা করিয়াছে এবং তাহারদের মনের ভাব ঐহিক এবং পারত্রিক বিষয়ে এক পথেই রত আছে, মনুষ্য সমাজে অন্যান্য যে ২ মত চলিত আছে তাহা তাহারদের কর্ণ কিম্বা বুদ্ধি গোচর হয় নাই অথবা তাহারা আপনারদের মত ব্যতীত অন্য সকল মতের কেবল নিন্দাই শ্রবণ করিয়াছে তাহাতেই যাহা তাহারদের স্বীয় দলের গ্রাহ্য নহে সে সকল মতকে দুঃখ জ্ঞান করে এবং অন্যান্য সম্প্রদায়ের লোককে আচার ভ্রষ্ট বলিয়া অপবাদ করা যথার্থ এবং ন্যায় সিদ্ধ বোধ করে । অপর তাহারা স্বকীয় দলের মতে এমত দৃঢ় বিশ্বাস করে যে তদ্বিরুদ্ধ কোন আপত্তি শ্রবণও সহিষ্ণুতা করিতে পারে না এবং পরকীয় মতপোষক কিম্বা প্রতিপাদক কোন উক্তিই কর্ণ পাত করে না । ফলতঃ তাহারা স্বমত গ্নি়ন সকলই অলীক অথবা মূর্খতা কিম্বা পাষণ্ডতা কিম্বা দেবনিন্দায় পূর্ণ জ্ঞান করে ।

গ্নি়ন মতাবলম্বি লোকের সহিত অবাধে আলাপ করিলেও ঐ প্রকার দুই বুদ্ধির প্রতীকার হয়, তাহাতে আশ্রয় পত্র-কীয় মত পোষক উক্ত ধৈর্যাবলম্বন পূর্বক শ্রবণ করিতে

teach us to bear with patience a defence of opinions contrary to our own. If we are scholars, we should also read the objections against our own tenets, and view the principles<sup>t</sup> of other parties, as they are represented in their own authors, and not merely in the citations of those who would confute them.

3. I might borrow further illustrations both of this freedom and this aversion to receive new truths from modern astronomy and natural philosophy. How much is the vulgar part of the world surprised at the talk of the diurnal and annual revolutions of the earth? They have ever been taught by their senses and their neighbours to imagine the earth stands fixed in the centre of the universe, and that the sun, with all the planets and the fixed stars, are whirled round this little globe once in twenty-four hours; not considering that such a diurnal motion, by reason of the distance of some of those heavenly bodies, must be almost infinitely swifter, and more inconceivable, than any which the modern astronomers attribute to them. Tell these persons that the sun is fixed in the centre, that the earth with all the planets rolls round the sun in their several periods; and that the moon rolls round the earth in a lesser circle, while, together with the earth, she is carried round the sun; they cannot admit a syllable of this new and strange doctrine, and they pronounce it utterly contrary to all sense and reason.



শিক্ষা করি। বস্তুতঃ যথার্থ পণ্ডিত হইবার ইচ্ছা থাকিলে আমাদের স্বমতের বিরুদ্ধ আপত্তি পাঠ করা উচিত এবং পরকীয় মতের খণ্ডনকারির উদ্ধৃত বচন হইতে তাহা বিবরণ সংকলন না করিয়া সেই মতাবলম্বি লোকদিগের গৃহেই তাহা অভ্যাস করা কর্তব্য।

৩ অধুনিক জ্যোতির্শাস্ত্র এবং পদার্থ বিদ্যাতেও এই রূপ স্বাধীনতার এবং নূতনতত্ত্ব স্বীকার বিংয়ে বিরোধের উদাহরণ প্রাপ্ত হওয়া যায়। ইতর লোকে পৃথিবীর প্রাত্যহিক এবং সাম্প্রদায়িক গমনের প্রসঙ্গ শুনিলে কেমন বিস্ময়-পন্ন হয়? তাহারা প্রত্যক্ষ দর্শন এবং সহবাস লোকের কথা প্রমাণ বোধ করে যে পৃথিবী মণ্ডল জগতের মধ্য ভাগে স্থির আছে এবং সূর্য্য ও গৃহ নক্ষত্রাদি এই ক্ষুদ্র ভূগোলকে প্রত্যহ প্রদক্ষিণ করিয়া ভ্রমণ করিতেছে কিন্তু তাহারা কখন এমত বিবেচনা করে না যে খগোলীয় জ্যোতির্শাস্ত্রের প্রাত্যহিক ভ্রাণ কল্পনা করিলে কোন নক্ষত্রের অপরিমিত দূরত্ব হেতুক সেই সকল নক্ষত্রকে অগণনীয় এবং অচিন্ত্য বেগবিশিষ্ট জ্ঞান করিতে হইবে, যাহা আধুনিক জ্যোতির্বিজ্ঞানীদের মধ্যে কেহই কল্পনা করেন না। পরন্তু যদি তাহারদিগকে কহা যায় যে সূর্য্য জগতের মধ্যস্থিত এবং পৃথিবী ও গৃহগণ স্বয়ং নিরূপিত কালে তাহাকে প্রদক্ষিণ করে, তথা চন্দ্র মণ্ডল ক্ষুদ্র বর্ত্তুলাকৃতি রেখায় পৃথিবী প্রদক্ষিণ করত পৃথিবীর সমত্বিহীন সূর্য্য মণ্ডলের চতুর্দিকে ভ্রমণ করে তবে তাহারা এই নূতন এবং অশ্রুত মতের এক কথাও গ্ৰহণ করিবেন না বরং এ সকল উক্তি অসঙ্গীক এবং অস্বীকৃত জ্ঞান করিবেন।

Acquaint them that there are four moons also perpetually rolling round the planet Jupiter, and carried along with him in his periodical circuit round the sun, which little moons were never known till the year 1610, when Galileo discovered them by his telescope; inform them that Saturn has seven moons of the same kind attending him; and that the body of that planet is encompassed with two broad flat circular rings, the lowest of which is twenty thousand miles distant from the planet and thirty four thousand miles broad; and the other one twenty one thousand miles broad, at a distance of 1800 miles from the inner one; they look upon these things as tales and fancies, and will tell you that the glasses do but delude your eyes with vast images; and even when they themselves consult their own eyesight in the use of these tubes, the narrowness of their mind is such, that they will scarcely believe the senses when they dictate ideas so new and strange.

And, if you proceed further, and attempt to lead them into a belief that all these planetary worlds are habitable, and it is probable they are replenished with intellectual beings dwelling in bodics, they will deride the folly of him that informs them; for, they resolve to believe that there are no habitable worlds but this earth, and no spirits dwelling in bodies beside mankind; and it is well if they do not fix the brand of heresy on

অপিচ তাহারদিগকে যদি জ্ঞাপন কর যে বৃহস্পতি গ্রহের নিত্য প্রদক্ষিণকারী চন্দ্র চতুর্থ আছে যাহারা ঐ গ্রহের দক্ষিণাংশে নির্দিষ্ট সময় ব্যাপিয়া সূর্য মণ্ডলের চতুর্দিকে ভ্রমণ করে এবং ঐ চারিটি ক্ষুদ্র ২ চন্দ্র খৃষ্টীয় ১৩১০ শালের পূর্বে অবিদিত ছিল পরে গালিলিও দূরবীক্ষণ যন্ত্র দ্বারা উক্ত বৎসরে প্রকাশিত করেন । অপর যদি কহ যে শনিরও ঐ রূপ সাত সহস্র চন্দ্র আছে এবং ঐ গ্রহ দুই বিস্তীর্ণ বলয়েতে বেষ্টিত, তন্মধ্যে এক বলয়ের বিস্তার ৬৪০০ যোজন এবং তাহা গ্রহ হইতে ৪০০০ যোজন দূরস্থিত, অপর বলয়ের বিস্তার ৪২০০ যোজন এবং তাহা প্রথম বলয় হইতে ৩৬০০ যোজন দূরস্থিত, তবে তাহারাই এই সকল কথাও মন্থিয়া অপর গণ্য জ্ঞান করিয়া কহিবে যে কাচনয় ত্রয়োচক্ষুর ভ্রম হয় এবং পরে যদি তাহারাই কখন স্বচক্ষুতে ঐ সকল চন্দ্র দেখিয়া পরীক্ষা বসে তথাপি বুঝিয়া সক্ষীর্ণতা প্রযুক্ত প্রত্যক দর্শনেও উপেক্ষা করিয়া এমত নূতন ও অগূর্ব জ্ঞানকে অবিদ্যা বিন্যাস মাত্র কহিবে ।

অপর যদি তাহারদিগকে কহ যে গ্রহগণের মধ্যেও লোকালয় আছে এবং বোধ হয় তাহাতে জ্ঞানেন্দ্রিয় এবং দেহাদি বিশিষ্ট জীব নিবাস করে তবে তাহারাই এতদ্বশ উপদেশকে দূর্খ বলিয়া উপহাস করিবে কেননা পৃথিবী ব্যতীত লোকালয় অথবা মনুষ্য ব্যতীত শরীর বিশিষ্ট জীবাত্মা কখনই স্বীকার করিতে বাসনা করে না সুতরাং যে ব্যক্তি তাহারদের চিত্তকে বহু কাল ব্যাপি অবিদ্যা শৃঙ্খলের বন্ধন হইতে মুক্ত করিতে চত্বরে তাহারাই তাহাতে পারণ বলিয়া বলঙ্কিত না করিলেই মঙ্গলের বিষয় হয় ।

the man who is leading them out of their long imprisonment, and loosing the fetters of their souls.

There are many other things relating to mechanical experiments, and to the properties of the air, water, fire, iron, the loadstone, and other minerals and metals, as well as the doctrine of the sensible qualities—viz. colours, sounds, tastes, &c., which this rank of men cannot believe for want of a greater amplitude of mind.

The best way to convince them is by giving them some acquaintance with the various experiments in philosophy, and proving, by ocular demonstration, the multiform and amazing operations of the air-pump, the loadstone, the chemical furnace, optical glasses, and mechanical engines. By this means the understanding will stretch itself by degrees; and, when they have found there are so many new and strange things that are most evidently true, they will not be so forward to condemn every new proposition in any of the other sciences, or in the affairs of religion or civil life.

III. The capacity of the understanding includes yet another qualification in it,—and that is, an ability to receive many ideas at once without confusion. The ample mind takes a survey of several objects with one glance, keeps them all within sight and present to the soul, that they may be compared together in their mutual respects; it forms just judgments, and it draws proper inferences from this comparison, even to

এতদ্বিন্ন প্রত্যক্ষ পরীক্ষা সিদ্ধ এবং বায়ু জল অগ্নি লৌহ চুম্বক পুস্তর পুস্ততির প্রকৃতি সংক্রান্ত তথ্য রূপ রস শব্দাদি প্রত্যক্ষ গুণ সম্বন্ধীয় অনেক বিষয় আছে, উক্ত প্রকার লোকেরা বুদ্ধির সঙ্গীর্ণতা প্রযুক্ত তাহাতেও শীঘ্র বিশ্বাস করিতে পারে না ।

এ সকল বিষয়ে প্রবোধ জন্মাইবার নিমিত্ত তাহারদিগের সমক্ষে দর্শন শাস্ত্র সংক্রান্ত নানা প্রকার প্রত্যক্ষ পরীক্ষা বিস্তার করা এবং বায়ু নিরাকরণ যন্ত্র ও চুম্বক পুস্তর এবং কিমিয়া বিদ্যা সংক্রান্ত অগ্নিকুণ্ড এবং কাচময় দর্শন যন্ত্র ও শিল্পকরদিগের কল পুস্ততি বহুবিধ আশ্চর্য্য ব্যাপার প্রদর্শন করিয়া তাহা সম্মাণ করা পরামর্শ সিদ্ধ, ইহা করিলে ক্রমশঃ তাহারদের বুদ্ধির প্রকাশ হইবে এবং তাহারা অনেকানেক নূতন ও অপূর্ব পদার্থকে অসংশয় সত্য বলিয়া জানিতে পারিবে, তখন অন্যান্য শাস্ত্র অথবা লোকাচার কিম্বা ধর্ম্ম সম্বলিত কোন নূতন প্রস্তাব শ্রবণ করিলে তাহা দৃষ্ট্য করিতে সক্ষম হইবেক না ।

৩ বুদ্ধি বাহুল্য শব্দে আর এক গুণ উহ্য হয় অর্থাৎ তাহাতে একে কালে মনশ্চক্ষুস্ব্য ব্যতীত অনেক প্রকার ভাব হৃদয়ঙ্গম করিবার ক্ষমতাও বুঝায় । বিস্তারিত চিত্ত ব্যক্তি এক দৃষ্টিতে নানা পদার্থ দর্শন করেন এবং তাহারদের পরস্পর তুলনা করিবার নিমিত্ত সেই সকল পদার্থ মানস প্রত্যক্ষ করিয়া রাখেন সুতরাং যথার্থ বিচার দ্বারা পদার্থ সকলের তুলনা ও প্রকৃত অনুমান করিয়া শুদ্ধতা পূর্বক তর্ক বাহুল্য এবং উপপত্তি করিতে পারেন ।

a great length of argument, and a chain of demonstrations.

The narrowness that belongs to human souls in general is a great imperfection and impediment to wisdom and happiness. There are but few persons who can contemplate, or practise several things at once; our faculties are very limited; and, while we are intent upon one part or property of a subject, we have but a slight glimpse of the rest, or we lose it out of sight. But it is a sign of a large and capacious mind, if we can, with one single view, take in a variety of objects; or at least, when the mind can apply itself to several objects with so swift a succession, and in so few moments, as attains almost the same ends, as if it were all done in the same instant.

This is a necessary qualification in order to great knowledge and good judgment; for there are several things in human life, in religion, and in the sciences, which have various circumstances, appendices, and relations attending them; and, without a survey of all those ideas which stand in connexion with, and relation to, each other, we are often in danger of passing a false judgment on the subject proposed. It is for this reason there are so numerous controversies found among the learned and unlearned world, in matters of religion, as well as in the affairs of civil government. The notions of sin, and duty to God and our fellow-creatures—of law, justice, authority, and power—

মহুয়া জাতীয় সাধারণ লোকের বুদ্ধির সঙ্কীর্ণতা দোষ হেতু জ্ঞান এবং সুখ লাভে মহা ব্যাঘাত হয় । অত্যাঙ্গ লোক একে কালে বিবিধ বিষয় চিন্তা অথবা নানা প্রকার কার্য্য নির্বাহ করিতে পারে । আমারদের মানসিক শক্তি অতি সঙ্কীর্ণ সুতরাং কোন বিষয়ের একাংশ অথবা একটা গুণের আলোচনা করিবার কালে আনন্স অবশিষ্টাংশে স্পষ্টে দৃষ্টি করিতে অক্ষম হই অথবা একেবারে তাহা দর্শন করিতেই পারি না, কিন্তু এক দৃষ্টিতে নানা প্রকার পদার্থ দর্শন করিতে পারিলে মানসিক শক্তি ও বুদ্ধির বাহুল্য প্রকাশ পায় অঙ্গ স্রণের মধ্যে নানাবিধ বস্তু শাঘ দর্শন করিতে পারিলেও একে কালে দৃষ্টির ন্যায় কার্য্যসিদ্ধি হয় এবং তাহাতে ও বুদ্ধির বাহুল্য প্রকাশ হইয়া থাকে ।

পুচুর জ্ঞান লাভ এবং সকল বিষয় যথার্থ বিবেচনার নিমিত্ত এই প্রকার বুদ্ধি বাহুল্য আবশ্যিক হইয়াছে কেননা সংসারের মধ্যে বিদ্যা এবং ধর্ম্মের সাধনে অনেকানেক বস্তুর নানা প্রকার অবস্থা সম্বন্ধ এবং অঙ্গ আছে সুতরাং যে ২ পরস্পর ভাব সংলগ্ন এবং সম্বন্ধ, সে সকলে একত্র দৃষ্টি না করিলে নির্দষ্ট পক্ষে বারম্বার অবিবেচনা হইবার আশঙ্কা হইতে পারে, এই নিমিত্তই বিদ্যান এবং অবিদ্যান উভয় প্রকার লোকের মধ্যে ধর্ম্ম এবং রাজকীয় ব্যাপার সম্বন্ধে অসংখ্য বিবাদ উদ্ভিত হইয়া থাকে । পাপ এবং পরমেস্বর ও মানবের প্রতি কর্তব্যাকর্তব্য—তথা যাবস্থা, ন্যায়, অধিকার, শক্তি—এই সকল শব্দের অর্থ এবং তাৎপর্য্য এমত ব্যাপক এবং তাহা অঙ্গ প্রত্যঙ্গে এমত পূর্ণ যে তদ্বিষয়ের কোন ২

contain in them such complicated ideas, that when we are to judge of any thing concerning them, it is hard to take into our view at once all the attendants or consequents that must and will be concerned in the determination of a single question; and yet, without a due attention to many or most of these, we are in danger of determining that question amiss.

It is owing to the narrowness of our minds that we are exposed to the same peril in the matters of human duty and prudence. In many things which we do, we ought not only to consider the mere naked action itself, but the persons who act, the persons toward whom, the time when, the place where, the manner how, the end for which the action is done, together with the effects that must or that may follow, and all other surrounding circumstances; these things must necessarily be taken into our view, in order to determine whether the action, which is indifferent in itself, be either lawful or unlawful, good or evil, wise or foolish, decent or indecent, proper or improper, as it is so circumstanced.

There are a multitude of human actions in private life, in domestic affairs, in traffic, in civil government, in courts of justice, in schools of learning, &c, which have so many complicated circumstances, aspects, and situations with regard to time and place, persons and things, that it is impossible for any one to pass a right judgment concerning them, without entering into most



অংশ বিবেচনা করিবার কালে এক অঙ্গের মীমাংসায় যে ২ ফল উৎপাদ্য হয় সে সকলে এককালে দৃষ্টি করা অতি কঠিন বোধ হয় অথচ সে সকলের অধিকাংশ উপযুক্ত মনোযোগ না করিলে যথার্থ মীমাংসা হয় না ।

অপর চিত্তের সঙ্কীর্ণতা প্রযুক্ত আমারদের লৌকিক ব্যবহার বিবেচনায় ক্রটি হইবার সম্ভাবনা আছে । ভূরি ২ কার্যের অল্পকাল কালে আমারদের কর্তব্য হয় যে কেবল সেই কার্যের প্রকৃতি আলোচনা না করিয়া যে ব্যক্তি তাহার কৰ্ত্তা ও যাহার নিমিত্ত সেই কার্য সঙ্কল্পিত হয় এবং সে কার্যের দেশ কাল তাৎপর্য ধারা ও সম্ভাব্যকল প্ৰভৃতি তৎসম্বন্ধীয় সকল বিষয় বিবেচনা করি । কোন কার্য আপাততঃ দুষ্য না হইলেও ফলে বিহিত কি অবিহিত, উত্তম কি অধম, বিবেচনাসিদ্ধ কি অবিবেচনা সিদ্ধ, ভব্য কি অভব্য, সঙ্গত কি অসঙ্গত, এই সকল প্রশ্নের মীমাংসার্থ তৎসম্বন্ধীয় ঐ সকল বিষয়ে প্রণিধান করা কর্তব্য হয় ।

মনুষ্য সমাজে কি গৃহাশ্রমে কি বাণিজ্য ব্যবসায়ে কি রাজকীয় ব্যাপারে কি রাজ বিচারালয়ে কি বিদ্যালয়াদিতে অনেক স্থানে এমনতর প্রকার ভূরি ২ কার্য হইয়া থাকে যে তৎসম্বন্ধীয় দেশ কাল পাত্র বিবেচনা করিলে তাহার বিবিধ রূপ ও বিবিধ বিষয় প্রকাশ পায় সুতরাং সেই সকল রূপ এবং বিষয় দৃষ্টি করিয়া বহুল ভাবে আলোচনা এবং যথার্থ তুলনা না

of these circumstances, and surveying them extensively, and comparing and balancing them all aright.

Whence, by the way, I may take occasion to say, how many thousands are there who take upon them to pass their censures on the personal and the domestic actions of others, who pronounce boldly on the affairs of the public, and determine the justice or madness, the wisdom or folly, of national administrations, of peace and war &c., whom neither God nor man ever qualified for such a post of judgment! They were not capable of entering into the numerous concurring springs of action, nor had they ever taken a survey of the twentieth part of the circumstances which were necessary for such judgment or censures.

It is the narrowness of our minds, as well as the vices of the will, that oftentimes prevents us from taking a full view of all the complicated and concurring appendices that belong to human actions; thence it comes to pass that there is so little right judgment, so little justice, prudence, or decency, practised among the bulk of mankind; thence arise infinite reproaches and censures, alike foolish and unrighteous. You see, therefore, how needful and happy a thing it is to be possessed of some measure of this amplitude of soul, in order to make us very wise, or knowing, or just, or prudent, or happy.

I confess this sort of amplitude or capacity of mind

করিলে তদ্বিষয়ের প্রকৃত বিচার করা কাহার সাধ্য হইতে পারে না ।

এস্থলে প্রসঙ্গতঃ কথা যাইতে পারে যে কত সহস্র ২ লোক সূক্ষ্ম বিচার করণার্থ ঈশ্বর দত্ত ক্ষমতা কিম্বা মনুষ্য দত্ত অধিকার প্রাপ্ত না হইয়াও পরের চরিত্র এবং গৃহ ব্যাপারের নিন্দা করে এবং রাজকীয় ব্যাপারে স্বীয় অতি-প্রায় ব্যক্ত করিতে স্পর্ধা করিয়া রাজশাসন ও সন্ধি বিগৃহ প্রভৃতি কার্যের ন্যায্যন্যায় এবং বিবেচনা অবিবেচনার প্রসঙ্গের মীমাংসা করিতে সক্ষম হয় অথচ তাহার কোন কার্যের প্রবৃদ্ধি নিবৃদ্ধি জনক কারণে ওবেশ করিতে অক্ষম এবং তদ্বিষয়ের নিন্দা কিম্বা দোষাদোষ নির্ণয় করণার্থ যে ২ কথার আলোচনা করিতে হয় তাহারও বিংশত্যাংশে অতিজ্ঞ নহে ।

চিন্তের সক্ষীর্ণতা এবং দুষ্কৃত প্রবৃত্তি প্রযুক্ত আমরা বারম্বার পরের ব্যবহার সম্বন্ধীয় নানা বিষয়ে সম্পূর্ণ দ্বিষ্ট করিতে অক্ষম হই, এবং তন্নিমিত্ত মনুষ্য সমাজে বিবেচনা ন্যায় যথার্থ জ্ঞান ভব্যতার ত্রুটি হয়, আর অধর্ম ও অবিদ্যা সূচক অপরিমিত নিন্দকতা ও অসূয়া জন্মে । অতএব জ্ঞানবান অথবা বিদ্যাবান কিম্বা ন্যায়কারী অথবা বিবেচক কিম্বা সূখ ভাজন হইবার নিমিত্ত মানসিক শক্তির বিস্তার করা কেমন প্রয়োজনীয় এবং মঙ্গলকর তাহা আলোচনা কর ।

এ স্থলে স্বীকার করিতে হইবেক যে মানসিক শক্তির এই রূপ বিস্তার নিতান্ত ইচ্ছাধীন হয় না স্বভাবতঃ

is in a great measure the gift of nature, for some are born with much more capacious souls than others.

The genius of some persons is so poor and limited, that they can hardly take in the connection of two or three propositions, unless it be in matters of sense, and which they have learned by experience; they are utterly unfit for speculative studies; it is hard for them to discern the difference betwixt right and wrong in matters of reason on any abstracted subjects; these ought never to set up for scholars, but apply themselves to those arts and professions of life which are to be learned at an easier rate, by slow degrees and daily experience.

Others have a soul a little more capacious, and they can take in the connection of a few propositions pretty well; but, if the chain of consequences be a little prolix, here they stick and are confounded. If persons of this make should ever devote themselves to science, they should be assured of a solid and strong constitution of body, and well resolved to bear the fatigue of hard labour and diligence in study. If the iron be blunt, King Solomon tells us we must put more strength.

But, in the third place, there are some of so bright and happy a genius, and so ample a mind, that they can take in a long train of propositions, if not at once, yet in a very few moments, and judge well concerning the dependence of them. They can survey a variety of complicated ideas without fatigue or disturbance;

হইয়া থাকে কেননা কোন ২ লোক জন্মাবধিই অন্যাপেক্ষা বিস্তারিত চিন্তা হইয়া থাকেন ।

কোন ২ লোকের বুদ্ধি এমত সঙ্কীর্ণ যে তাহারা প্রত্যক্ষ সিদ্ধি অথবা সাক্ষাৎ দর্শন দ্বারা পূর্ব পরিচিত পদার্থ ব্যতীত অন্য কোন বিষয়ে পরস্পর সংলগ্ন বচনের অনুয় হৃদয়ঙ্গম করিতে পারে না । তাহারা বাহ্যেপ্রিয়াতীত পদার্থ চিন্তায় সর্বতোভাবে অক্ষম, এবং তৃষ্ণায় যুক্তির আলোচনা দ্বারা সদস্য অনুমান করা অত্যন্ত দুর্বল জ্ঞান করে । পরন্তু এতদ্বশ লোকেরদের পশ্চিতাভিমান করা কখন উচিত হয় না, তাহাদের কর্তব্য যে ঐ সকল শিল্প কার্য এবং ব্যবসায় প্রবৃত্ত হয় যাহা ক্রমশঃ নিত্য দর্শন দ্বারা সহজে শিক্ষা করা যাইতে পারে ।

কোন ২ লোকের যৎকিঞ্চিৎ বুদ্ধির বিস্তার থাকাতে তাহারা কতিপয় সংলগ্ন বচনের পরস্পর অনুয় বুদ্ধিতে পারে বটে কিন্তু হেতু সাধ্যের সংযোগ ও শৃঙ্খলা বন্ধন যৎকিঞ্চিৎ দুর্বল হইলে বুদ্ধির চালনা করিতে অক্ষম হইয়া যেরতর গোলযোগে পতিত হয় । এ প্রকার লোকেরা যদি দর্শন শাস্ত্রের মীমাংসায় প্রবৃত্ত হয় তবে শাস্ত্র চিন্তায় যত্ন করিবার নিমিত্ত আপনাদের শারীরিক বলের পরিমাণ করিয়া পরিশ্রম সহিষ্ণুতা করিতে প্রতিজ্ঞা করা কর্তব্য । রাজা শলিমান কহিয়াছিলেন যে লৌহের তীক্ষ্ণতা না থাকিলে তাহাতে অধিক শক্তি প্রয়োগ করা কর্তব্য ।

তৃতীয়তঃ এমত ২ লোকও আছে যাহারা সৌভাগ্যক্রমে তীক্ষ্ণ বুদ্ধি এবং প্রশস্ত চিন্তা হইয়া নানা প্রকার সংলগ্ন বচনে একে বারে মনঃসংযোগ করিতে পারেন, যদিও তাহারা এক ক্ষণ মধ্যে ঐ সকল বচনের তাৎপর্য অবধারণ করিতে না পারেন তথাপি অত্যল্প ক্ষণের মধ্যে বচন সকলের পরস্পর অনুয় হৃদয়ঙ্গম করিতে সক্ষম হইবেন । অপর দুইজন

and a number of truths, offering themselves as it were in one view to their understanding, does not perplex or confound them. This makes a great man.

Now, though there may be much owing to nature in this case, yet experience assures us, that even a lower degree of this capacity and extent of thought may be increased by diligence and application, by frequent exercise, and the observation of such rules as these :

I. Labour by all means to gain an attentive and patient temper of mind, a power of confining and fixing your thoughts so long on any one appointed subject, till you have surveyed it on every side and in every situation, and run through the several powers, parts, properties and relations, effects and consequences of it. He whose thoughts are very fluttering and wandering, and cannot be fixed attentively to a few ideas successively, will never be able to survey many and various objects distinctly at once, but will certainly be overwhelmed and confounded with the multiplicity of them. The rules for fixing the attention in the former chapter are proper to be consulted here.

II. Accustom yourself to clear and distinct ideas in every thing you think of. Be not satisfied with obscure and confused conceptions of things, especially where clearer may be obtained ; for one obscure or confused idea, especially if it be of great importance in the question, intermingled with many clear ones, and placed in its variety of aspects toward them,

বিবিধ সূত্রেও দৃষ্টি করিলে তাহারদের মনশ্চাক্ষুণ্য কিম্বা শ্রম বোধ হয় না, কলত একে কালৈ নানাবিধ তত্ত্বে চিত্ত সংযোগ করিলেও তাঁহারদের মন অস্থির কিম্বা ভ্রান্ত হয় না । এতদ্বশ স্মৃদ্ধি লোকেরাই মহত্ব লভ করেন ।

বুদ্ধির বাহুল্য যদিও স্বভাবতঃ উৎপন্ন হয় তথাপি আমরা পুত্য়ক প্রমাণ দ্বারা নিশ্চয় জানিতেছি যে বুদ্ধির বিস্তার অস্পষ্ট হইলেও যত্ন এবং মনোযোগ ও পুনঃ ২ চালনা এবং নিম্ন লিখিত নিয়ম পালন দ্বারা তাহার বৃদ্ধি হইতে পারে ।

১ মনোযোগিতা এবং স্থির চিত্ততা লাভ করিবার নিমিত্ত সর্বতোভাবে যত্ন কর, এবং যদবধি কোন নির্দিষ্ট বিষয়ের সর্বাংশ সম্যক প্রকারে দর্শন করিয়া তাহার সমস্ত গুণ শাখা সম্বন্ধ এবং ফল হৃদয়ঙ্গম না কর তদবধি তাহাতেই একাগ্রচিত্ত হইতে অভ্যাস কর । যে ব্যক্তির চিত্ত অতি চঞ্চল ও অস্থির এবং কোন নির্দিষ্ট ভাবে ক্রমশঃ সংলগ্ন হইতে পারে না সে ব্যক্তি একেবারে নানাবিধ পদার্থ এক দৃষ্টিতে স্পষ্ট রূপে দর্শন করিতে পারিবে না, বরঞ্চ পদার্থের আধিক্য হেতুক সে নিশ্চয় অস্থিরচিত্ত হইবে । অতএব মনঃ স্থির করিবার যে ২ নিয়ম পূর্ব পরিচ্ছেদে উক্ত হইয়াছে তাহা স্মরণ করিয়া বিবেচনা করা কর্তব্য হয় ।

২ যে ২ বিষয়ে প্রাধান্য কর তাহার স্পষ্ট ভাব গৃহণ করিতে যত্নশীল হইও । স্পষ্ট ভাব গৃহণের সম্ভাবনা থাকিলে অস্পষ্ট রূপে জ্ঞাত কোন বস্তুর বিষয়ে নিশ্চিন্ত থাকিও না কেননা কোন প্রশ্নের প্রাধান্য অঙ্গে স্পষ্ট ভাবের সহিত একটা অস্পষ্ট ভাবের সংযোগ থাকিলে সেই অস্পষ্ট ভাবের নানা প্রকার অর্থ বোধ হইবে এবং তাহাতে সকল ভাবের অর্থই অস্পষ্ট হইয়া যাইবে সুতরাং অন্তরিক্তির তিমিরাবৃত

will be in danger of spreading confusion over the whole scene of ideas, and thus may have an unhappy influence to overwhelm the understanding with darkness, and pervert the judgment. A little black paint will shamefully tincture and spoil twenty gay colours.

Consider yet further, that if you content yourself frequently with words instead of ideas, or with cloudy and confused notions of things, how impenetrable will that darkness be, and how vast and endless that confusion, which must surround and involve the understanding, when many of these obscure and confused ideas come to be set before the soul at once; and how impossible will it be to form a clear and just judgment about them?

It is needful therefore, if we would maintain a long remembrance of the things which we read or hear, that we should engage our delight and pleasure in those subjects, and use the other methods which are before prescribed, in order to fix the attention. Sloth, indolence, and idleness, will no more bless the mind with intellectual riches, than it will fill the hand with gain, the field with corn, or the purse with treasure,

Let it be added, also, that not only the slothful and the negligent deprive themselves of proper knowledge for the furniture of their memory, but such as appear to have active spirits, who are ever skimming over the surface of things with a volatile temper, will fix nothing in their mind. There must be the labour and the

এ বিষয়ের বিশেষ ২ নিয়ম এইরূপে বর্ণনা করা যাইতেছে।

১ যে ২ বিষয় স্মরণ করা অভিপ্রেত, তদভ্যাসে উপযুক্ত রূপ মনোযোগ এবং যত্ন করা কর্তব্য। কোন বিষয়ে উচিত মতে চিন্তা সংযোগ করিলে, তৎসংক্রান্ত সকল কথাই মনের মধ্যে ছড় রূপে সংস্কার বদ্ধ হয়। কোন ২ লোক কহিয়া থাকে যে তাহার কাহার বক্তৃতা শ্রবণ করিয়া স্মরণে রাখিতে পারে না, তাহার কারণ এই যে বক্তৃতা শ্রবণ কালীন তাহারদের অন্তঃকরণ চঞ্চল থাকে অথবা তাহার অনাদর বা অযত্ন বা উপেক্ষা পূর্বক তাহা শ্রবণ করে সুতরাং শ্রুত বক্তৃতার কিম্বা পঠিত লিপিবদ্ধ কথার বিষয় মস্তিষ্কের উপরি গাঢ়রূপে অঙ্কিত না হওয়াতে তাহা সদ্যো বিস্মৃত হওয়া আশ্চর্য্যমহে।

অতএব শ্রুত কিম্বা পঠিত কথা বহুকাল পর্য্যন্ত স্মরণে রাখিবার অভিপ্রায় হইলে তদ্বিষয়ে আমোদ করা আবশ্যক এবং মনঃস্থির করিবার অন্যান্য যে ২ উপায় পূর্বে উক্ত হইয়াছে তাহাও অবলম্বন করা উচিত। দীর্ঘ সূত্রতা এবং আলস্য করিলে যেমন অম্লের সংস্থান এবং শস্যের উৎপত্তি ও অর্থের সঞ্চয় অসম্ভব হয় অন্তরিন্দ্রিয়ের পক্ষে জ্ঞান রত্নও তদ্রূপ দুর্লভ হয়।

অধিকন্তু কেবল দীর্ঘসূত্র এবং অলস লোকেরা চিন্তের অলঙ্কার রূপ জ্ঞানেতে বঞ্চিত হয় এমত নহে অনেক ২ কঠোরদ্যত চঞ্চল লোকেরদেরও তাদৃশ বিড়ম্বনা হইয়া থাকে। তাহার চপলচিত্ত হইয়া কেবল কোন ২ বস্তুর উপরি তাগে দৃষ্টি করে সুতরাং তাহারদের হৃদয়ের অন্তরে কিছুই স্থির হইয়া থাকে না। অতএব চিন্তনীয় এবং জিজ্ঞাস্য বিশেষ ২

diligence of close attention to particular subjects of thought and inquiry, which only can impress what we read or think of upon the remembering faculty in man.

2. Clear and distinct apprehension of the things, which we commit to memory is necessary in order to make them stick and dwell there. If we would remember words, or learn the names of persons or things, we should have them recommended to our memory by a clear and distinct pronunciation, spelling, or writing. If we would treasure up the ideas of things, notions, propositions, arguments, and sciences, these should be recommended also to our memory by a clear and distinct perception of them. Faint, glimmering, and confused ideas will vanish like images seen in twilight. Every thing which we learn should be conveyed to the understanding in the plainest expressions, without any ambiguity, that we may not mistake what we desire to remember. This is a general rule, whether we would employ the memory about words or things; though it must be confessed that mere sounds and words are much harder to get by heart than the knowledge of things and real images.

For this reason take heed, (as I have often before warned), that you do not take up with words instead of things, nor mere sounds instead of real sentiments and ideas. Many a lad forgets what has been taught him, merely because he never well understood it; he

বিষয়ে পরিশ্রম এবং যত্ন পূর্বক মনোযোগ করা উচিত কেননা তদ্বারাই পঠিত বা চিন্তিত বিষয় স্মরণীয় হইতে পারে ।

২ স্মরণীয় বিষয় ধারণ করণার্থ তাহার স্পষ্ট ভাব গ্রহণ করা আবশ্যিক । যদি কোন ২ শব্দ কণ্ঠস্থ করিতে চাহ অথবা যদি কোন বস্তু বা ব্যক্তির নাম স্মরণ করিতে হয় তবে স্পষ্ট উচ্চারণ অথবা স্পষ্ট লিপি দ্বারা তাহা চিত্তের মধ্যে ধারণ করিতে চেষ্টা করা কর্তব্য । যদি কোন পদার্থ মত সূত্র তর্ক অথবা বিদ্যার বিষয় মনে রাখিতে আমারদের ইচ্ছা হয় তবে তাহাতে স্পষ্ট রূপে মনোযোগ করা উচিত । অস্পষ্ট এবং সন্দিগ্ধ ভাব সন্ধ্যাকালে দৃশ্য আকৃতির ন্যায় অন্তর্হিত হইয়া যায় । আমরা যে ২ বিষয় শিক্ষা করি তাহাতে দ্ব্যর্থ শব্দ প্রয়োগ না করিয়া বরং তাহা স্পষ্ট শব্দ দ্বারা বোধগম্য করা উচিত তাহাতে স্মরণীয় বিষয়ে আমারদের ভ্রম হইবেক না । আমরা কেবল কতিপয় শব্দ কণ্ঠস্থ করিতে বাসনা করি কিম্বা কোন বস্তুর ভাব স্মরণে রাখিতে চাহি, স্পষ্ট জ্ঞান লাভই এই উভয় বিষয়ের সামান্য সাধন, কিন্তু কোন পদার্থের অবগতি ও তাৎপর্য্য গ্রহণ অপেক্ষা শব্দ ও বাক্য মাত্র স্মরণে রাখা অতিশয় কঠিন হয় ।

অতএব পূর্বোক্ত পরামর্শানুসারে সাবধান হইও যেন বস্তুর পরিবর্তে কেবল বাক্য এবং ভাবের পরিবর্তে কেবল শব্দ শিক্ষা করিয়া আপনাকে চরিতার্থ জ্ঞান করিও না । অনেক অনেক বালক অধীত বিষয় উত্তম রূপে বুঝে নাই

never clearly and distinctly took in the meaning of those sounds and syllables which he was required to get by heart.

3. Method and regularity in the things we commit to memory is necessary, in order to make them take more effectual possession of the mind, and abide there long. Much as systematical learning is decried by some vain and humorous triflers of the age, it is certainly the happiest way to furnish the mind with a variety of knowledge.

Whatsoever you would trust to your memory, let it be disposed in a proper method, connected well together, and referred to distinct and particular heads or classes, both general and particular. An apothecary's boy will much sooner learn all the medicines in his master's shop, when they are ranged in boxes or on shelves according to their distinct natures, whether herbs, drugs, or minerals, whether leaves or roots, whether chemical or galenical preparations, whether simple or compound, &c., and when they are placed in some order according to their nature, their fluidity, or their consistence, &c., in phials, bottles, gallipots, cases, drawers, &c.. So the genealogy of a family is more easily learned, when you begin at some great-grandfather as the root, and distinguish the stock, the large boughs, the lesser branches, the twigs and the buds, till you come down to the present infants of the house. And, indeed, all sorts of arts and sciences,



একারণ তাহা বিন্মৃত হয় । তাহারা যে শব্দ এবং বর্ণ কণ্ঠস্থ করিতে অক্ষরদ্ধ হইয়াছিল তাহার যথার্থ তাৎপর্য্য স্পষ্ট রূপে গ্রহণ করিতে সক্ষম হয় নাই ।

৩ স্মরণীয় পদার্থ মনের মধ্যে উত্তম রূপে ধারণ করিয়া স্মৃতি পথে রাখিবার নিমিত্ত তদ্বিষয়ের শৃঙ্খলা এবং সুধারা করা কর্তব্য । কোন ২ নির্বোধ লোক বৃথা অভিমান করিয়া ব্যলীকতা প্রকাশ করত শৃঙ্খলা পূর্বক জ্ঞানার্জন করণে স্লেষ করিয়াছেন কিন্তু শৃঙ্খলা বন্ধনই নানাবিধ বিদ্যা লাভ দ্বারা অস্তঃকরণ শোভিত করিবার উত্তম উপায় ।

যে ২ বিষয় স্মরণ করিতে ইচ্ছা কর সে সকলের উত্তম শ্রেণী এবং একত্র সংযোগ পূর্বক সামান্য এবং বিশেষ বর্ণে প্রভেদ করা উচিত । কোন ঔষধ বিক্রেতার পণ্যস্থলে গুল্লু অথবা ধাতু কিম্বা বৃক্ষের মূল বা পত্র অথবা পাকজ মূল কিম্বা সূক্ষ্ম পদার্থ দ্বারা প্রস্তুত ঔষধ সকল সিঙ্কুক কিম্বা কাঠাধারোপরি শ্রেণীবদ্ধ করিয়া স্থাপিত হইলে এবং তাহা স্ব ২ দ্রবত্ব কিম্বা কাঠিন্যানুসারে ক্ষুদ্র কিম্বা বৃহৎ পাত্রে রক্ষিত হইলে ঔষধ বিক্রেতার ভৃত্য সে সকল বস্তু সহজে বাহির করিতে পারে । তদ্রূপ কোন বংশের উপাখ্যান কণ্ঠস্থ করণ কালে কোন আদি পুরুষকে তদ্বংশের মূল বোধ করিয়া পরে তাহার স্কন্ধ শাখা প্রশাখা কোরকাদি কল্পনানন্তর বর্ত্তমান বংশধর শিশু পর্য্যন্ত স্মরণ করিলে সহজে কার্য্যসিদ্ধি হইবে । ফলে যাবদীয় শিল্প অথবা

taught in a method something of this kind, are more happily committed to the mind or memory.

I might give another plain simile to confirm the truth of this. What horse or carriage can take up and bear away all the various rude and unwieldy loppings of a branchy tree at once? But, if they are divided yet further, so as to be laid close, and bound up in a more uniform manner into several faggots, perhaps those loppings may be all carried at one single load or burden.

The mutual dependence of things on each other helps the memory of both. A wise connexion of the parts of a discourse, in a rational method, gives great advantage to the reader or hearer, in order to his remembrance of it; therefore many mathematical demonstrations in a long train may be remembered much better, than a heap of sentences which have no connexion.

4. A frequent review, and careful repetition of the things we would learn, and an abridgment of them in a narrow compass for this end, has a great influence to fix them in the memory; therefore it is that the rules of grammar, and useful examples of the variation of words, and the peculiar forms of speech in any language, are so often appointed by the master as lessons for the scholars to be frequently repeated; and they are contracted into tables for frequent review, that what is not fixed in the mind at first may

দর্শন শাস্ত্রের এই রূপ শৃঙ্খলা পূর্বক উপদেশ করিলে তাহা সহজে হৃদয়ঙ্গম এবং স্মৃতি গোচর হয়।

এই বচন দ্রুত করণার্থ আমরা আর এক উদাহরণ উদ্ধৃত করিব। নানা শাখা বিশিষ্ট কোন বৃক্ষ ছেদন করিয়া সমুদয় ছিন্ন শাখা পল্লবাদি বিগ্ৰহালা পূর্বক রাশীকৃত করিলে কোন অশ্ব কিম্বা রথ তাহা একেবারে বহন করিতে পারে? কিন্তু যদি সেই শাখা প্রশাখা স্বতন্ত্র ২ করিয়া শৃঙ্খলা পূর্বক কএক আঁটিতে বদ্ধ করা যায় তবে বোধ হয় সেই শাখা প্রশাখা সকলি সহজে একেবারে বহন করা যাইতে পারে।

ছই একর পদার্থের পরস্পর সম্বন্ধ থাকিলে উভয়েরই সহজে স্মরণ হইতে পারে। কোন বক্তৃতার ভিন্ন ২ অংশ বিবেচনা পূর্বক সংযুক্ত করিলে পাঠক কিম্বা শ্রোতার পক্ষে তাহা স্মরণ করা অতি সহজ হয়। এই কারণ গণিত শাস্ত্র সম্বন্ধীয় উপপত্তি দীর্ঘ হইলেও তাহা যাত্রা সহজে স্মরণ করা যায়, কতিপয় অসংলগ্ন বচনের স্মরণও তদ্রূপ সহজ হয় না।

৪ শিক্ষিতব্য বিষয়ের বারম্বার সাবধান পূর্বক আলোচনা ও পুনরুক্তি করিলে এবং ভিন্নমিত্ত তাহার সারাংশ সংক্ষেপে গ্রহণ করিলে তাহা স্মরণ করা অতি সহজ হয়। এই কারণ অধ্যাপকেরা ছাত্রগণকে ব্যাকরণের সূত্র এবং শব্দ ও পদের বৈলক্ষণ্যের উদাহরণ অভ্যাস করিয়া পুনঃ ২ কণ্ঠস্থ বলিতে আদেশ করেন। ঐ সকল সূত্র পুনঃ ২ আলোচনার নিমিত্ত সংক্ষেপে শ্রেণীবদ্ধ করা যায় কেননা তাহা হৃদয়ের মধ্যে আদৌ বিদ্ধ না হইলেও সর্বদা আলোচনা এবং পুনরুক্তি দ্বারা স্মৃতি পথে স্থির থাকিতে পারে।

be stamped upon the memory by a perpetual survey and rehearsal.

Repetition is so very useful a practice, that a learned man of my friends, even from his youth to his old age, never read a book without marking some small points, dashes, or hooks, in the margin, to mark what parts of the discourse were proper for a review; and, when he came to the end of a section or chapter, he always shut his book, and recollected all the sentiments or expressions he had remarked, so that he could give a tolerable analysis and abstract of every treatise he had read, just after he had finished it. Thence he became so well furnished with a rich variety of knowledge.

Even when a person is hearing a sermon or a lecture, he may give his thoughts leave now and then to step back so far as to recollect the several heads of it from the beginning, two or three times before the lecture or sermon is finished. The omission or the loss of a sentence or two among the amplifications is richly compensated, by preserving in the mind the method and order of the whole discourse in the most important branches of it.

If we would fix in the memory the discourses we hear, or what we design to speak, let us abstract them into brief compends, and review them often. Lawyers and divines have need of such assistances; they write down short notes or hints of the principal heads

অপর পুনরুক্তি করণে যথেষ্ট উপকার হয় । আমার স্মৃহৎ এক জন পণ্ডিত বাল্যাবস্থাবধি বার্কক্য পর্যন্ত যে ২ গ্রন্থ পাঠ করিয়াছিলেন তত্তদন্তর্গত পুনরালোচনীয় বচন ক্ষুদ্র ২ বিন্দু এবং অন্যান্য চিহ্ন দ্বারা অঙ্কিত করিয়াছিলেন এবং কোন অধ্যায় কিম্বা পরিচ্ছেদের পাঠ সমাপ্ত হইলে পুস্তক রক্ষা করিয়া অঙ্কিত বচন স্মৃহৎ স্মরণ করিতেন স্মৃতরাং অধ্যয়ন সমাপ্ত হইবা মাত্র অধীত গ্রন্থের সারাংশ উত্তম রূপে প্রচার করিতে সক্ষম হন এবং এই প্রকারে তাঁহার নানা-বিধ বিদ্যাতে সঙ্গীচীনা দুঃপত্তি জন্মে ।

কোন ২ ব্যক্তি বক্তৃতা কিম্বা উপদেশ শ্রবণ কালে মধ্যে ২ ক্ষুত বিষয় চিন্তা করিয়া বক্তৃতা সমাপনের পূর্বে দুই তিন বার তাহার মুখ্যাংশ আদ্যোপান্ত স্মরণ করিতে পারে । যদি তাহার মধ্যে দুই এক বচন বিস্মৃত হয় তাহাতে হানি হয় না কেননা তৎপরিবর্তে সন্মুদয় বক্তৃতার প্রধান ২ অংশের ধারা এবং শৃঙ্খলা তাহার স্মরণে থাকে ।

যদি আমারদের শ্রোতব্য অথবা বক্তব্য বক্তৃতা আমরা স্মৃতি পথে রাখিতে বাঞ্ছা করি তবে তাহার সংক্ষিপ্ত সার গ্রহণ করিয়া পুনঃ আলোচনা করা উচিত । ব্যবস্থা এবং ধর্ম শাস্ত্র ব্যবসায়ি পণ্ডিত গণের এই রূপ সংক্ষেপ করিবার প্রয়োজন থাকে । তাঁহারা বিচারালয়ে অথবা ধর্মমন্দিরে বক্তৃতা করিবার নিমিত্ত যে ২ বিষয় মনে ধারণ করিতে বাঞ্ছা করেন তাহার প্রধান ৩ অংশ সংক্ষেপে লিপিবদ্ধ করেন কেননা ঐ রূপ

of what they desire to commit to their memory, in order to preach or plead; for such abstracts and epitomes may be reviewed much sooner, and the several amplifying sentiments or sentences will be more easily invented or recollected in their proper places. The art of short-hand is of excellent use for this, as well as for other purposes. It must be acknowledged, that those who scarcely ever take a pen in their hand to write short notes or hints of what they are to speak or learn, who never try to cast things into method, or to contract the survey of them, in order to commit them to their memory, had need to have a double degree of that natural power of retaining and recollecting what they read, or hear, or intend to speak.

Do not plunge yourself into other business or studies, amusements, or recreations, immediately after you have attended upon instruction, if you can well avoid it. Get time, if possible, to recollect the things you have heard, that they may not be washed all away from the mind by a torrent of other occurrences or engagements, nor lost in the crowd or clamour of other loud or importunate affairs.

Talking over the things which you have read with your companions, on the first proper opportunity you have for it, is a most useful manner of review or repetition, in order to fix them upon the mind. Teach them your younger friends, in order to establish your own knowledge while you communicate it to them.

সংক্ষিপ্ত রচনার আলোচনা শীঘ্র হইতে পারিবে এবং তৎসংলগ্ন অপেক্ষিত বাক্য সহজে কল্পনা বা স্মরণ করা যাইতে পারিবে এই নিমিত্ত সংক্ষেপে লিখিবার ধারাতে মহা উপকার দর্শে । যাহারা বক্তব্য অথবা শিক্ষিতব্য বিষয় সংক্ষেপে লিপিবদ্ধ করণার্থ প্রায় কখনও লেখনী হস্তে ধারণ করে না এবং যাহারা সহজে স্মরণ করিবার মানসে কোন বিষয় সংক্ষেপে স্মৃতিধারা করিতে চেষ্টা করে না তাহারদের পঠিত কিস্বা শ্রুত অথবা বক্তব্য বিষয় ধারণ ও স্মরণ নিমিত্ত দ্বিগুণ মেধাবিতার আবশ্যক হয় ।

উপদেশ প্রবণানন্তর তাহা মনে ধারণ করিবার স্পৃহা থাকিলে স্বেচ্ছানুসারে তৎক্ষণাৎ অন্য কর্ম কিম্বা বিদ্যাভ্যাসে অথবা বিহার করণে কিম্বা আনোদে ব্যাপ্ত হইও না যাহা করণ গোচর করিয়াছ তবিষয় স্মৃতি পথে রাখিবার নিমিত্ত কিয়ৎ কাল পর্য্যন্ত কেবল তাহাই চিন্তা করিও নচেৎ অন্যান্য কার্য্যে ব্যস্ত হওয়াতে সে সকল কথা বিস্মৃত হইবা অথবা তদপেক্ষা প্রয়োজনীয় ব্যাপারের গোলযোগে তাহা একে বারে নষ্ট করিবা ।

সুযোগ পাইবা মাত্র কোন সঙ্গি দোকের সহিত পঠিত বিষয়ের আলোচনা করিলে উত্তম রূপ অভ্যাস হয় এবং তাহাতে সে বিষয় স্মরণে থাকিবার বিশেষ সম্ভাবনা হয় । অপর আপন অপেক্ষা যুবক লোকদগকে তদ্বিষয়ে উপদেশ করিও তাহাতে তোমার আপনার সংস্কার পুগাট হইবে এবং তোমার জিহ্বা কণ এবং মন ইত্যাদি ইন্দ্রিয়ের ব্যাপারে স্মরণ শক্তি বৃদ্ধি পাইবে ! আমার আলাপিত এক ব্যক্তি

The animal powers of your tongue and of your ear, as well as your intellectual faculties will all join together to help the memory. I know one who studied hard in a remote corner of the land, and in solitude, yet he became a very learned man. He seldom was so happy as to enjoy suitable society at home, and therefore he talked over to the fields and the woods in the evening what he had been reading in the day, and found so considerable advantage by this practice, that he recommended it to all his friends, since he could give them the assurance of having proved it for seventeen years.

5. Pleasure and delight in the things we learn give great assistance towards the remembrance of them. Whatsoever, therefore, we desire that a child should commit to his memory, make it as pleasant to him as possible; endeavour to search his genius and his temper, and let him take in the instructions you give him, or the lessons you appoint him, as far as may be, in a way suited to his natural inclination.

Children may be taught to remember many things in a way of sport and play. Some young creatures have learned their letters and syllables, and the pronouncing and spelling of words, by having them pasted or written upon many little flat tablets or dies. Some have been taught vocabularies of different languages, having a word in one tongue, written on one side of these tablets, and the same word in another tongue on the other side of them.



আমার আলাপিত এক ব্যক্তি দেশের প্রান্ত ভাগে বহু পরিশ্রম পূর্বক নিষ্ঠুরে বিদ্যাভ্যাস করিয়া অতিশয় ব্যুৎপন্ন হইয়াছিলেন, তাঁহার গৃহের মধ্যে উপযুক্ত সমভিব্যাহারি না থাকাতে তিনি দিবাভাগে যাহা অধ্যয়ন করিতেন সায়ংকালে ক্ষেত্রে এবং বনে একাকী তদ্বিষয়ের আলোচনা করিতেন তাহাতে তাঁহার এমত উপকার বোধ হইয়াছিল যে তিনি আপন বন্ধুগণকে তদ্রূপ কবিতা পবামর্শ দিতেন কেননা তিনি সমুদয় বর্ষ পর্যন্ত পরীক্ষা করিয়া সেই উপায়ের উৎকর্ষ হৃদয়ঙ্গম করিয়াছিলেন ।

৫ শিক্ষিত বিষয়ে আমোদ এবং আচ্ছাদ করিলে তাহার স্মরণ করিবার মহা স্মরণ হয় অতএব কোন শিশুকে কোন বিষয় স্মরণ করাইতে মানুস করিলে সে বিষয়ে তাহার যৎপবোনাস্তি আমোদ জন্মাইতে চেষ্টা করিও, অপর তাহার বুদ্ধি এবং স্বভাব কি প্রকার তাহা নিশ্চয় করিতে যত্ন কর এবং তাহাকে যে ২ শিক্ষা দেও অথবা যে ২ পাঠ অভ্যাস করিতে নিযুক্ত কর তাহা সাধ্য ক্রমে তাহার স্বাভাবিক ইচ্ছার বিপরীত করিও না ।

বালকেরা ক্রীড়া করিতে ২ অনেক বিষয়ের শিক্ষা ও স্মরণ করিতে পারে । ক্ষুদ্র ২ তত্ত্বা কিস্তা তাদের উপর বর্ণ পদ এবং বাক্য লিখিত হওয়াতে কেবল তদালোচনায় কোন ২ শিশুর বর্ণ পরিচয় এবং পদ জ্ঞান ও লিখন পঠন শক্তি জন্মিয়াছে । অপর ঐ প্রকার তত্ত্বার একাংশে এক ভাষার শব্দ ও অন্যাংশে অন্য কোন ভাষার শব্দ লিখিত হওয়াতে কেহ ২ তদ্বারা বিবিধ ভাষার অভিধান অভ্যাস করিয়াছে ।

শিশুদিগের শিক্ষাদিবার নিমিত্ত ক্ষেত্রতত্ত্ব ভূগোল এবং

There might be also many entertaining contrivances for the instruction of children in several things relating to geometry, geography, astronomy, in such alluring and illusory methods, which would make a most agreeable and lasting impression on their minds.

6. The memory of useful things may receive considerable aid if they are thrown into verse; for the numbers and measures, and rhyme, according to the poesy of different languages, have a considerable influence upon mankind, both to make them receive with more ease the things proposed to their observation, and preserve them longer in their remembrance. How many are there of the common affairs of human life which have been taught in early years by the help of rhyme, and have been like nails fastened in a sure place, and rivetted by daily use!

And a hundred proverbial sentences in various languages are formed into rhyme or a verse, whereby they are made to stick upon the memory of old and young.

It is from this principle that moral rules have been cast into a poetic mould from all antiquity. So the golden verses of the Pythagoreans in Greek; Cato's distichs *De Moribus* in Latin; Lilly's precepts to scholars, with many others; and this has been done with very good success. A line or two of this kind, recurring on the memory, has often guarded youth from

জ্যোতিষের বিষয়েও অনেক আশ্রয় জনক উপায় করা যাইতে পারে সেই সকল উপায় কৌশল পূর্বক এমত চিন্তরঞ্জক এবং মনোহর করা যাইতে পারে যে তাহাতে তাহারদের মনে স্থানান্তর হয় অথচ ঐ ২ বিদ্যার বিষয়ে বহুকালস্থায়ী সংস্কার জন্মিতে পারে ।

৩ অপর প্রয়োজনীয় বিষয় হুন্দোবদ্ধ করিলে তাহা স্মরণ করিবার বিশেষ সুরোগ হয় কেননা নানা দেশীয় ভাষার হুন্দোবদ্ধে মিলন করিলে লোকেরদের অন্তঃকরণে গৃহীতব্য বিষয় গ্রহণ করিবার দৃঢ়তর প্রবৃত্তি জন্মে এবং তাহারা অন্তর্ভূত পদার্থ অনেক কাল পর্য্যন্ত ধারণ করিয়া রাখিতে পারে । বালকেরা কত ২ সাংসারিক ব্যাপারের বর্ণনা হুন্দোবদ্ধ দ্বারা অল্প বয়সে শিক্ষা করিয়াছে এবং তাহা তাহারদের মনে শলাকার ন্যায় গাঢ় রূপে প্রবেশ করিয়া অভ্যাস দ্বারা সংস্কার বদ্ধ হইয়াছে ।

নানা ভাষার শত ২ চলিত কথা হুন্দোবদ্ধ হওয়াতে তাহা সুবা এবং বৃদ্ধ উভয় প্রকার লোকের মনে দৃঢ় রূপে সংলগ্ন হইয়া থাকে ।

এই নিমিত্ত প্রাচীন কালাবধি নীতি শাস্ত্রের নিয়ম সকল হুন্দোবদ্ধ হইয়াছে, যথা পাইথাগোরসের শিষ্যগণের সূচীক গ্রীক শ্লোক, এবং ল্যাটিন ভাষায় কেটো রচিত সদাচার বিষয়ক শ্লোক, ও লিলি রচিত ছাত্রগণের উপদেশ ইত্যাদি । অনেক স্থলে ঐ প্রকার হুন্দোবদ্ধ দ্বারা উৎকৃষ্ট রূপ হিতোপদেশ বর্ণিত হইয়াছে । ঐ প্রকার দুই একটা শ্লোক সুবক লোকের স্মরণ হওয়াতে তাহারা দৃষ্কৃত সাধনে এবং

a temptation to vice and folly, as well as put them in mind of their present duty.

When you would remember new things or words, endeavour to associate and connect them with some words or things which you have well known before, and which are fixed and established in your memory. This association of ideas is of great importance and force, and may be of excellent use in many instances of human life. One idea which is familiar to the mind, connected with others which are new and strange, will bring those new ideas into easy remembrance.

It is also by this association of ideas, that we may better imprint any new idea upon the memory, by joining with it some circumstances of the time, place, company, &c. wherein we first observed, heard, or learned it. If we would recover an absent idea, it is useful to recollect those circumstances of time, place, &c. The substance will many times be recovered and brought to the thoughts by recollecting the shadow; a man recurs to our fancy by remembering his garment, his size or stature, his office or employment, &c. A beast, bird, or fish, by its colour, figure, or motion, by the cage, court-yard, or cistern wherein it was kept:

To this head also we may refer that remembrance of names and things which may be derived from our recollection of their likeness to other things which we know; either their resemblance in name, character,

নির্বোধাচরণে ভ্রয়োভ্রয় নিবৃত্ত হইয়া আপনারদের কর্তব্য বিষয়ে চেতনা প্রাপ্ত হয় ।

যখন তুমি কোন নূতন বিষয় কিম্বা বাক্য স্মরণ করিতে বাঞ্ছা কর তখন পূর্বানুভূত অথচ উত্তম রূপে সংস্কার বদ্ধ এমত কোন বিষয় কিম্বা শব্দের সহিত তাহা সংযুক্ত করিতে চেষ্টা করিও যাহা তুমি উত্তম রূপে জান এবং যাহা তোমার মনে গাঢ় রূপে সংস্কার বদ্ধ আছে । এই প্রকারে ভাব সংযোগ করিলে তদ্বিষয়ের অতিশয় উৎকর্ষ হয় ইহা সকলেই স্বীকার করেন এবং তাহাতে সংসারের মধ্যে অনেক উপকার দর্শে কেননা পূর্বানুভূত এবং উত্তম রূপে পরিচিত একটা ভাবের সহিত অন্যান্য নূতন এবং অপরিচিত ভাবের সংযোগ থাকিলে সেই সকল নূতন ভাব সহজে স্মরণে আইসে ।

ঐ রূপ ভাব সংযোগ দ্বারা আমরা নূতন ২ ভাবকে কোন বিশেষ দেশ কাল পাত্রের সহিত সংযুক্ত করিয়া স্মরণে রাখিতে পারি, যে দেশে কিম্বা যে কালে আমরা কোন কথা শ্রবণ কিম্বা শিক্ষা করিয়াছি তৎসহকারে সে কথারও স্মরণ হইতে পারে । আর আমরা যে কথা বিবৃত হইয়াছি তাহা স্মরণ করিবার নিমিত্ত তদ্বিষয়ক দেশ কাল স্মরণ করিলে উপকার দর্শে, যেমন ছায়া স্মরণ করিলে বারম্বার তদ্বস্তুর স্মরণ হয় । যথা কোন মনুষ্যের বস্ত্র আকৃতি অবলম্ব পদ কার্য প্রভৃতি স্মরণ করিলে সেই মনুষ্যেরও স্মরণ হয়, কোন পশু পক্ষি বা মৎস্যের বর্ণ আকৃতি কিম্বা গতি অথবা বাস করিবার অঙ্গন পিঞ্জর কিম্বা জলপাত্র স্মরণ করিলে সে পশু পক্ষি ও মৎস্যেরও স্মৃতি হয় ।

form, accident, or any thing that belongs to them. An idea or word, which has been lost or forgotten, has been often recovered by hitting upon some other kindred word or idea which has the nearest resemblance to it, and that in the letters, syllables, or sound of the name, as well as properties of the thing.

Let every thing we desire to remember be fairly and distinctly written and divided into periods, with large characters in the beginning; for, by this means, we shall the more readily imprint the matter and words on our minds, and recollect them with a glance, the more remarkable the writing appears to the eye. This sense conveys the ideas to the fancy better than any other; and what we have seen is not so soon forgotten as what we have only heard.

Under this head we may take notice of the advantage which the memory gains, by having the several objects of our learning drawn out into schemes and tables. Matters of mathematical science and natural philosophy are not only let into the understanding, but preserved in the memory by figures and diagrams. The situation of the several parts of the earth are better learned by one day's conversing with a map or sea-chart, than by merely reading the description of their situation a hundred times over in books of geography. So the constellations in astronomy, and their position in the heavens, are more easily remembered by hemispheres of the stars well drawn. It is by hav-

এই রূপে কোন অল্পভূত বস্তু এবং শব্দ স্মৃত হইলে তৎ-  
সদৃশ অন্যান্য বস্তু এবং শব্দের স্মরণ হইয়া থাকে অর্থাৎ  
নাম রূপ প্রকৃতি এবং অন্যান্য গুণের সাদৃশ্য প্রযুক্ত অন্য  
বস্তুর স্মরণ হয় যেমন কোন আখ্যা কিম্বা ভাব বিস্মৃত হইলে  
বারম্বার তৎসদৃশ শব্দ কিম্বা ভাব স্মরণ দ্বারা তাহা পুনশ্চ  
স্মৃতি পংখবর্ত্তী হয় অর্থাৎ বর্ণ অক্ষর শব্দ সাদৃশ্য দ্বারা নাম  
স্মরণ এবং গুণের সাদৃশ্য দ্বারা বস্তু স্মরণ হয় ।

আমরা যে ২ বিষয় স্মরণ করিতে বাঞ্ছা করি তাহা  
স্মরণ অক্ষরে স্পষ্ট রূপে ভিন্ন ২ পরিচ্ছেদে লিপিবদ্ধ করা  
উচিত এবং প্রথম ২ অক্ষর বৃহদাকার করা কর্তব্য কেননা  
তাহাতে তদ্বিষয় এবং শব্দ সহজে আমারদের মনে সংস্কার  
বদ্ধ হইবেক, আর লিপি স্পষ্ট এবং বৃহৎ বোধ হইলে  
শাস্ত্র তদ্বিষয় স্মরণও হইতে পারিবে ।

এ স্থলে আর বক্তব্য এই যে শিক্ষিত বিষয়ের প্রতিলিপি  
এবং তালিকা করিলে তাহা সহজে স্মরণে থাকে । ক্ষেত্র  
এবং অক্ষ দ্বারা গণিত এবং স্বাভাবিক বস্তু তত্ত্বের কেবল  
অল্পভব হয় এমত নহে কিন্তু তদ্বারা তাহা অস্তুঃকরণে  
ধৃতও হয় । পৃথিবীর চিত্রপট এক দিবস অবলোকন  
করিলে তাহার নানা খণ্ডের স্থান যাদৃশ সহজে বোধ গম্য  
হয় ভূগোল গ্রন্থে তাহার বর্ণনা শত ২ বার অধ্যয়ন করিলেও  
তদ্বিষয়ে তাদৃশ সংস্কার জন্মে না । জ্যোতিঃশাস্ত্রোক্ত গগনস্থ  
নক্ষত্র মণ্ডলের অবস্থানও নক্ষত্র সমূহের সূচাক্ষু চিত্রপট  
দ্বারা সহজে স্মরণ হয় । ঐ সকল পদার্থের চিত্র আকৃতি  
এবং তালিকা আমারদের পাঠাগার কিম্বা বাসস্থল অথবা  
গমনাগমনের স্থানের চতুষ্পাশ্বে বিস্তারিত করিয়া রাখিলে

ing such sort of memorials, figures, and tables, hung round our studies, or places of residence or resort, that our memory of these things will be greatly assisted and improved, as I have shown at large in the twentieth chapter, of the use of sciences.

I might add here, also, that once writing over what we design to remember, and giving due attention to what we write, will fix it more in the mind, than reading it five times.

## CHAPTER XVIII.

### OF DETERMINING A QUESTION.

I. WHEN a subject is proposed to your thoughts, consider whether it be knowable at all, or no; and, then, whether it be not above the reach of your inquiry and knowledge in the present state; and remember that it is great waste of time to busy yourselves too much amongst unsearchables. The chief use of these studies is to keep the mind humble, by finding its own ignorance and weakness.

II. Consider, again, whether the matter be worthy of your inquiry at all; and then, how far it may be worthy of your present search and labour, according to your age, your time of life, your station in the



তত্ত্বহীন বিষয়ক স্মৃতির উত্তম উপায় হয় । এই এতের  
বিংশতিতম অধ্যায়ে বিদ্যার প্রয়োজনের প্রসঙ্গে এ বিষয়  
বাহুল্য রূপে বর্ণিত হইবে ।

• এ স্থলে অন্য বক্তব্য এই যে স্মৃতি বিষয় একবার  
লিপিবদ্ধ করিয়া তাহাতে মনোযোগ করিলে তাহা মনের  
মধ্যে যেনত প্রগাঢ় রূপে প্রবিষ্ট হয় পাঁচবার পাঠ করিলেও  
তাহা হয় না ।

## ১৮ পরিচ্ছেদ ।

প্রশ্ন মীমাংসার বিষয় ।

১ মনের মধ্যে কোন প্রশ্ন উত্থাপিত হইলে বিবেচনা করিয়া  
দেখ যে তাহা বিদিতব্য কি না? এবং বর্তমান অবস্থাতে  
তাহা অতীন্দ্রিয় কি না? যদি অতীন্দ্রিয় হয় তবে তদ্বিষয়ে  
চেষ্টা করাতে অনর্থক কাল ব্যয় মাত্র । এই সকল বিষয়  
চিন্তার পুধান তাৎপর্য্য এই যে ইহাতে আশ্রয়দেয় স্থায়ী অন-  
ভিজ্ঞতা এবং মনের দুর্বলতা প্রকাশ হইয়া মনকে বিনয়ান্বিত  
করিয়া রাখিবে ।

২ দ্বিতীয়তঃ ঐ বিষয় প্রকৃত রূপে জিজ্ঞাস্য কি না তাহাও  
বিবেচনা কর এবং বর্তমান কালে তাহাতে মনোযোগ  
করিলে তোমার বয়ঃক্রম অবস্থা ক্ষমতা ব্যবসায় এবং  
অভিপ্রায় সঙ্গত হইবে কি না তাহাও মনে ২ অনুধাবন কর ।

world, your capacity, your profession, your chief design and end. There are many things worth inquiry to one man, which are not so to another; and there are things which may deserve the study of the same person in one part of life, which would be improper, or impertinent at another.

III. Consider whether the subject of your inquiry be easy or difficult; whether you have sufficient foundation or skill, furniture and advantages, for the pursuit of it. It would be madness for a young statuary to attempt at first to carve a Venus or a Mercury, and especially without proper tools. And it is equal folly for a man to pretend to make great improvements in natural philosophy without due experiments.

IV. Consider whether the subject be any ways useful or no, before you engage in the study of it; often put this question to yourselves, to what purpose? What end will it attain? Is it for the glory of God, for the good of men, for your own advantage, for the removal of any natural or moral evil, for the attainment of any natural or moral good? Will the profit be equal to the labour? There are many subtle impertinences learned in the schools; many painful trifles, even among the mathematical theorems and problems; many laborious follies, of various kinds, which some ingenious men have been engaged in. A due reflection upon these things will call the mind away from vain amusements, and save much time.

এমত অনেকানেক বিষয় আছে যাহা এক ব্যক্তির জিজ্ঞাস্য হইলেও অন্য কাহারও জিজ্ঞাস্য নহে এবং এক সময়ে কোন লোকের জিজ্ঞাস্য হইলেও অন্য সময়ে জিজ্ঞাস্য হয় না ।

৩ জিজ্ঞাস্য বিষয় সহজ কি না তাহাও বিবেচনা কর এবং তদন্তুশীলনার্থ তোমার যথেষ্ট ক্ষমতা ও অধিকার এবং আয়োজন ইত্যাদি উপায় তদন্তুছে কি না তাহাও মনে ২ অনুধাবন কর । কোন ভাস্কর আদ্যাবস্থাতে যদি উপযুক্ত যন্ত্রা-ভাবে বিনস দেবী অথবা মর্কুরিদেবের পুতিমূর্ত্তি নির্মাণ করিতে চেষ্টা করে তবে তাহাতে তাহার যজ্ঞপ উন্মাদ প্রকাশ পায় স্বাভাবিক বস্তু তদন্তুর উপযুক্ত রূপ পরাক্ষা ব্যতীত যদি কেহ অধিক ব্যুৎপন্ন হইতে চেষ্টা করে তাহাতেও তাহার তাদ্রুশ মূর্ত্ততা প্রকাশ পায় ।

৪ জিজ্ঞাস্য বিষয়ের অনুসন্ধানে প্রবৃত্ত হইবার অগ্রে বিবেচনা কর তাহাতে কোন উপকার হইতে পারিবে কি না? তাহার প্রয়োজন কি? এবং তাহাতে কি উপকার হইবে? ইহাতে কি পরনেশ্বরের মহিমা প্রকাশ কিম্বা মনুষ্যের উপকার অথবা তোমার আপনার হিত কিম্বা দুষ্কৃত ও দুঃখ নিবারণ অথবা সুকৃত ও সুখোৎপত্তি সম্ভাব্য? আর এতদ্বিষয়ে পরিশ্রমোপযুক্ত ফল দর্শিবে কি না? বারম্বার এই ২ প্রশ্ন করিও । পাঠশালাস্থ পণ্ডিতবর্গ তুরি ২ অসঙ্গত শুদ্ধ তর্কে কাল ব্যয় করিয়া থাকেন, গণিত সম্বন্ধীয় প্রশ্নের মধ্যেও অনেক নিরর্থক অথচ পরিশ্রম সাধ্য জল্প আছে কোন ২ স্বল্প বুদ্ধি পুরুষেরা তাহাতে প্রবৃত্ত হয়েন । এই সকল ব্যাপারে উপযুক্ত রূপে প্রণিধান করিলে অন্তঃ-করণ বৃথা আনন্দ হইতে নিরস্ত হইবে এবং বৃথা কাল ব্যয়েরও নিবারণ হইবে ।

V. Consider what tendency it has to make you wiser and better, as well as to make you more learned; and those questions which tend to wisdom and prudence in our conduct among men, as well as piety towards God, are doubtless more important and preferable beyond all those inquiries, which only improve our knowledge in mere speculations.

VI. If the question appears to be well worth your diligent application, and you are furnished with the necessary requisites to pursue it, then consider whether it be dressed up and entangled in more words than is needful, and contain or include more complicated ideas than is necessary; and if so, endeavour to reduce it to a greater simplicity and plainness, which will make the inquiry and argument easier and plainer all the way.

VII. If it be stated in an improper, obscure, or irregular form, it may be meliorated by changing the phrase, or transposing the parts of it; but be careful always to keep the grand and important point of inquiry the same in your new stating the question. Little tricks and deceits of sophistry, by sliding in or leaving out such words as entirely change the question, should be abandoned and renounced by all fair disputants, and honest searchers after truth.

The stating a question with clearness and justice goes a great way many times toward the answering it. The greatest part of true knowledge lies in a distinct

৫ জিজ্ঞাস্য বিষয় আলোচনা করিলে তোমার জ্ঞান বিদ্যা এবং স্বকৃত বুদ্ধি হইবার সম্ভাবনা আছে কি না তাহা বিবেচনা করিও। যাহাতে লোকতঃ ধর্মতঃ আমারদের বিজ্ঞতা ও বিবেচকতার বুদ্ধি হইতে পারে এমত বিষয়ের আলোচনা নিতান্ত প্রয়োজনীয়, যে বিষয়ে সামান্য জ্ঞান জন্মিবার সম্ভাবনা তাহা তাদ্রশ আবশ্যক নহে।

৬ যদি উল্লেখিত প্রশ্ন মনোযোগ এবং যত্নের সাধ্য হয় এবং তোমার যদি তদমুশীলনার্থ আবশ্যক সকল সামগ্রী প্রস্তুত থাকে তবে বিবেচনা করিয়া দেখ তাহা নিষ্প্রয়োজন বাগাডম্বরে পূর্ণ আছে কি না এবং তাহাতে প্রয়োজনাতীত অর্থের বাহুল্য আছে কি না? যদি ঐরূপ বাগাডম্বর এবং অর্থের বাহুল্য থাকে তবে তাহা সংক্ষিপ্ত এবং স্পষ্ট করিতে চেষ্টা কর তাহাতে তদ্বিষয়ের জিজ্ঞাসা এবং চর্চা সর্বতোভাবে সহজ হইবে।

৭ উল্লেখিত প্রশ্ন যদি অস্পষ্ট ও অমুপযুক্ত এবং অনিয়মিত রূপে উক্ত হয় তবে তাহার শব্দের এবং কোন ২ অংশের পরিবর্তন করিলে ঐ ২ দোষের শোধন হইতে পারিবে কিন্তু সাবধান হইও যেন শব্দ পরিবর্তনে জিজ্ঞাসার মুখ্য বিষয়ের ব্যত্যয় না হয়। অপর যাহাতে প্রশ্নের সমুদয় অর্থান্তর হয় এমত ২ কথার প্রয়োগ অথবা লোপ করা বিতণ্ডাকারির ছল এবং চাতুরী মাত্র, যথার্থ তार्কিক এবং সরল চিন্তা ও সত্যাত্মসন্ধানকারির তাহা পরিহার করা কর্তব্য।

কোন প্রশ্ন যথার্থ এবং স্পষ্ট রূপে উদ্দেশ্য করিলে তাহার উত্তর প্রদানের উত্তম উপায় হয়। যথার্থ জ্ঞানের প্রকৃত লক্ষণ এই যে স্পষ্ট বচনের স্পষ্টার্থ উপলব্ধি। কোন ২ লোক যথার্থ এবং স্পষ্ট রূপে প্রশ্নের উদ্দেশ্য করিয়া তদ্বিষয়ে যত জ্ঞান এবং আলোক বিস্তার করে অন্যান্য লোক অনেক ক্রণ পর্য্যন্ত মহা বাগাডম্বর এবং গোলযোগ করিয়াও তাদ্রশ দীপ্তি প্রকাশ করিতে পারে না। প্রশ্ন

perception of things which are in themselves distinct; and some men give more light and knowledge by the bare stating of the question with perspicuity and justice, than others by talking of it in gross confusion for whole hours together. To state a question is but to separate and disentangle the parts of it, from one another, as well as from every thing which does not concern the question, and then lay the disentangled parts of the question in due order and method: oftentimes, without more ado, this fully resolves the doubt, and shows the mind where the truth lies, without argument or dispute.

VIII. If the question relate to an axiom, or first principle of truth, remember that a long train of consequences may depend upon it; therefore it should not be suddenly admitted or received.

It is not enough to determine the truth of a proposition, much less to raise it to the honour of an axiom or first principle, to say that it has been believed, through many ages; that it has been received by many nations; that it is almost universally acknowledged, or nobody denies it; that it is established by human laws, or that temporal penalties or reproaches will attend the disbelief of it.

IX. Nor is it enough to forbid any proposition the title of axiom, because it has been denied by some persons, and doubted of by others; for some persons have been unreasonably credulous, and others have

উদ্দেশ্যের লক্ষণ এই যে তাহার তির ২ অংশ পৃথক করিয়া এবং যাহাতে প্রশ্নের সম্বন্ধ মাই তাহা হইতে স্বতন্ত্র করিয়া ঐ সকল পৃথক অংশ উপযুক্ত রূপে শুদ্ধলা বদ্ধ করণ । এই প্রকার করিলে প্রায় বাক্য বাহ্যল্যের অপেক্ষা থাকে না এবং তাহাতেই বারম্বার সংশয়চ্ছেদ হইয়া যায় এবং অন্তরিক্রিয় বিনা তর্ক ও বিবাদে সত্য প্রাপ্ত হয় ।

৮ উল্লেখিত প্রশ্ন যদি সত্যের কোন স্বতঃ সিদ্ধ মূল সূত্র বিষয়ক হয় তবে তাহা হইতে নানা বিষয়ের তাৎপর্য্য উহা হইতে পারে অতএব স্মরণে রাখ যেন তাহা স্মরণ্য গ্রাহ্য করিও না ।

কোন প্রশ্নের তথ্য মীমাংসা এবং তাহার মূল সত্য রূপে গ্রহণ করিবার নিমিত্ত কেবল এই ২ কথা বলিয়া তর্ক করা উচিত হয় না যে তাহা অনেক কালাবধি অনেক জাতীয় লোকের দ্বারা গৃহীত এবং প্রায় সর্ববাদি সম্মত হইয়াছে ও কেহই তাহা অস্বীকার করে না এবং তাহা রাজ ব্যবস্থাতে সত্য রূপে গ্রাহ্য হইয়াছে, তাহা অমান্য করিলে রাজদণ্ড কিম্বা লোক মিল্লার সম্ভাবনা হইবেক ।

৯ অধিকন্তু যেমন ভূরি লোকের সম্মতি প্রযুক্ত কোন বচনকে নিতান্ত সত্য কথা যায় না তদ্রূপ কোন ২ লোকের অবিশ্বাস এবং কোন ২ লোকের সন্দেহ প্রযুক্ত তাহাতে অসত্যতার আরোপ করাও উচিত নহে কেননা কোন লোক যেমন অসঙ্গত বিশ্বাসী হয় তদ্রূপ কোন ২ লোক অসঙ্গত অবিশ্বাসীও হইয়া থাকে । যখন কোন ঐতিজ্ঞের পক্ষ এবং সাংখ্যর বিষয়ে যৎকিঞ্চিৎ মনোযোগ

been as unreasonably sceptical. Then only should a proposition be called an axiom,\* or a self-evident truth, when, by a moderate attention to the subject and predicate, their connexion appears in so plain a light, and so clear an evidence, as needs no third idea, or middle term, to prove them to be connected.

X. While you are in search after truth in questions of a doubtful nature, or such as you have not yet thoroughly examined, keep up a just indifference to either side of the question, if you would be led honestly into the truth; for a desire or inclination of leaning to either side biasses the judgment strangely; whereas, by this indifference for every thing but truth, you will be excited to examine fairly instead of presuming, and your assent will be secured from going beyond your evidence.

XI. For the most part people are born to their opinions, and never question the truth of what their family, or their country, or their party profess. They clothe their minds, as they do their bodies, after the fashion in vogue, nor one of a hundred ever examined their principles. It is suspected of lukewarmness to

---

\* Most writers, as Watts does here, interpret the Greek word *Axiom*, used by Euclid and other Mathematical writers, to signify a self-evident truth. But its true meaning appears rather to be, "Assumption," or "a thing taken for granted," which needs not be self-evident. Euclid's axioms, in this sense, have the same relation to his theorems that his postulates have to his problems. They are theoretical postulates.



করিলেই তাহারদের অম্বয় স্পষ্ট রূপে অতিশয় সহজ এবং প্রামাণ্য বোধ হয় এবং তৎসিদ্ধার্থ হেতু নির্দেশের অপেক্ষা থাকে না কেবল তখনই সেই প্রতিজ্ঞাকে স্বতঃসিদ্ধ \* মূল সত্য কহা যায় ।

১০ সন্দিক্ত এবং অপরীক্ষিত বিষয়ে সত্যের অন্বেষণ করিবান্ন সময়ে যদি সরল ভাবে, সত্য প্রাপ্ত হইতে বাসনা কর তবে সম্পূর্ণ রূপে নিরপেক্ষ চিন্তা হইও কেননা কোন দিকে পক্ষপাত হইলে বিবেচনার ব্যত্যয় হইবে, অপর সত্য মাত্রের প্রয়ানে অন্যান্য বিষয়ে নিরপেক্ষ হইলে স্পর্দ্ধা পূর্বক বাক্য প্রয়োগ না করিয়া বরঞ্চ যথার্থ পরীক্ষা করিতে তোমার প্রবৃত্তি হইবে এবং প্রমাণাতীত পদার্থ স্বীকার করিতে তোমার ইচ্ছা হইবে না ।

১১ অধিকাংশ লোক আপন ২ পূর্ব পুরুষের মতই গ্রহণ করে এবং স্বদেশীয় ও স্বজাতীয় লোকেরা যে মত অবলম্বন করে তাহাতে কখনও সন্দেহ প্রকাশ করে না । তাহারা চলিত ধারানুসারে যেমত শরীরের বেশ ভূষা করে অন্তরিন্দ্রিয়ের বিষয়েও তাহারদের তদ্রূপ ব্যবহার । তাহারদের এক শত লোকের মধ্যে এমত এক জনকেও পাওয়া যায় না যে আপনার মত পরীক্ষা কবিয়া থাকে । বরঞ্চ যদি কেহ স্বীয় মত পরীক্ষা করা আবশ্যক জ্ঞান করে তবে

এই গ্রন্থের রচকের ন্যায় ভূরি ২ গ্রন্থকারের মতে ইউক্লিডোক্ত “আক্সিওম” গ্রীক শব্দের (অর্থাৎ এস্থলে যাহা স্বতঃসিদ্ধ বলিয়া অনুবাদিত হইল তাহার) অর্থ স্বতঃসিদ্ধ । কিন্তু ইহার যথার্থ তাৎপর্য্য “সিদ্ধ বলিয়া স্বীকার্য্য” স্বতরাং তাহা স্বতঃসিদ্ধ না হইতেও পারে । সম্পাদ্য প্রতিজ্ঞার সহিত স্বীকার্য্য কথার যে সম্বন্ধ উপপাদ্য প্রতিজ্ঞার সহিত ইউক্লিডোক্ত আক্সিওমেরও সেই সম্বন্ধ, অর্থাৎ তাহা উপপত্তি বিষয়ের স্বীকার্য্য কথা ।

suppose examination necessary; and it will be charged as a tendency to apostacy, if we go about to examine them. Persons are applauded for presuming they are in the right; and, (as Mr. Locke saith), he that considers and inquires into the reason of things, is counted a foe to orthodoxy, because possibly he may deviate from some of the received doctrines. And thus men, without any industry or acquisition of their own, (lazy and idle as they are,) inherit local truths—i. e. the truths of that place where they live, and are inured to assent without evidence.

This has a long and unhappy influence; for, if a man can bring his mind once to be positive and fierce for propositions whose evidence he has never examined, and that in matters of the greatest concernment, he will naturally follow this short and easy way of judging and believing in cases of less moment, and build all his opinions upon insufficient grounds.

XII. In determining a question, especially when it is a matter of difficulty and importance, do not take up with partial examination, but turn your thoughts on all sides, to gather in all the light you can towards the solution of it. Take time, and use all the helps that are to be attained, before you fully determine, except only where present necessity of action calls for speedy determination.

If you would know what may be called a partial examination, take these instances, viz.

তাহারা তাহাকে ভক্তিহীন কহে এবং যদি কেহ বস্তুতঃ তাহা পরীক্ষা করিতে উদ্যত হয় তবে সে ব্যক্তি পতিত বলিয়া নিন্দিত হয়। তাহাদের মত এই যে যাহারা বিবেচনা না করিয়া আপনারদের মত যথার্থ জ্ঞান করে তাহারাই প্রশংসা ভাজন, এবং লোক সাহেবের ঐক্তি প্রমাণ বিবেচনা পূর্বক যাহারা গৃহীত পদার্থের হেতু অনুসন্ধান করে তাহার। সংস্থাপিত ধর্মের বিরোধি রূপে গণ্য হয় কেননা তাহার কোন ২ প্রসিদ্ধ মতের লঙ্ঘনকারী। এই রূপ লোকেরা আসল্য বস্তুতঃ পরিশ্রমে কাতর হয় এবং স্বকীয় কোন গুণে ক্ষিত হইয়াও দেশীয় মত গ্রহণ করে অর্থাৎ যে দেশে বাস করে তথাকার চলিত মত অবলম্বন করে এবং কোন প্রমাণের উদ্দেশ্য না করিয়া তাহাতে বিশ্বাস করে।

এই প্রকার মনোবৃত্তিতে অনেক অনিষ্ট ঘটনা হয়, কেননা কোন ব্যক্তি যদি প্রমাণের আলোচনা ব্যতিরেকে অতি গুরুতর বিষয়ে মত স্থির করিয়া তাহাতে মস্ত হয় তবে সামান্য বিষয়েও অমূলক মত গ্রহণ করিতে সম্ভাবতঃ প্রবৃত্ত হইবে কারণ তাদ্রশ মতগ্রহণ সহজ এবং বিনা পরিশ্রমে হয়।

কোন প্রশ্নের মীমাংসা কালে বিশেষতঃ কঠিন এবং গুরুতর বিষয়ক প্রশ্ন নিষ্পত্তির সময়ে কেবল এক পক্ষে দৃষ্টি করিও না, তাহার সর্বাংশ বিবেচনা করিয়া মীমাংসা যৎপরোনাস্তি জ্ঞান সঞ্চয় করিতে চেষ্টা কর। অপর কোন বিষয়ে ব্যস্ত হইও না এবং সম্পূর্ণরূপে নিষ্পত্তি করণার্থ যে ২ উপায় অবলম্বন করা যাইতে পারে তাহাতেও ত্রুটি করিও না, আর যে স্থলে দ্বরা কবিবার প্রয়োজন হয় সেখানে শীঘ্র মীমাংসা করিও।

এক পক্ষে দৃষ্টি করিবার অর্থ কি, তাহা যদি জানিতে চাহ, তবে নিম্ন লিখিত উদাহরণে মনোযোগ কর।

When you examine an object of sense, or inquire into some matter of sensation, at too great a distance from the object, or in an inconvenient situation of it, or under any indisposition of the organs, or any disguise whatsoever relating to the medium or the organ of the object itself, or when you examine it by one sense only, where others might be employed; or when you inquire into it by sense only, without the use of the understanding, and judgment, and reason.

If it be a question which is to be determined by reason and argument, then your examination is partial, when you turn the question only in one light, and do not turn it on all sides; when you look upon it only in its relations and aspects to one sort of objects and not to another; when you consider only the advantages of it, and the reasons for it, and neglect to think of the reasons against it, and never survey its inconveniences too; when you determine on a sudden, before you have given yourself a due time for weighing all circumstances, &c.

Again, if it be a question of fact, depending upon the report or testimony of men, your examination is but partial, when you inquire only what one man or a few say, and avoid the testimony of others; when you only ask what those report who were not eye or ear witnesses, and neglect those who saw and heard it; when you content yourself with mere loose and general talk about it, and never enter into particulars; or

যদি অতি দূরে অথবা অল্পপযুক্ত স্থলে দণ্ডায়মান হইয়া কোন প্রত্যক্ষ পদার্থের আলোচনা কর অথবা অবলোকন কালে যদি তোমার জ্ঞানেন্দ্রিয়ের ব্যত্যয় থাকে কিম্বা দ্রষ্টব্য পদার্থের আকৃতিতে যদি বিকার জন্মে অথবা যদি দুই তিন ইন্দ্রিয় গ্রাহ্য পদার্থে কেবল এক ইন্দ্রিয় সন্নিবৃত্ত কর কিম্বা অন্তরিন্দ্রিয় বিবেচনা এবং যুক্তি তাগ করিয়া যদি কেবল বহিরিন্দ্রিয়ের কার্য্যে ব্যাপ্ত হও তবে এ প্রকার অবলোকনকে কেবল এক পক্ষে দৃষ্টি করা যাইবে তাহা সম্পূর্ণ দৃষ্টি নহে ।

যদি যুক্তি এবং তর্ক দ্বারা মীমাংসিতব্য বিষয়ের প্রশ্ন হয় তবে সর্বাংশ বিবেচনা না করিয়া কেবল এক পক্ষে দৃষ্টি করিলে অসম্পূর্ণ আলোচনা হইবে । কেবল এক প্রকার দ্রব্যের সহিত উক্ত প্রশ্নের সম্বন্ধ বিবেচনা করিয়া অন্য প্রকার বস্তুর উপেক্ষা করিলে এবং পূর্বপক্ষের হেতু ও গুণ বিবেচনা করিয়া উত্তর পক্ষীয় হেতুবাদে কর্ণপাত না করিলে এবং নব বিষয় আলোচনা করিবার নিমিত্ত উপযুক্ত কাল পর্য্যন্ত মনোযোগ না করিয়া দ্বরায় নিষ্পত্তি করিলে সম্পূর্ণ আলোচনা হইবেক না, কেবল খণ্ডিত আলোচনা হইবে ।

অপিচ উল্লেখিত প্রশ্ন যদি ইতিবৃত্ত সঙ্গীতীয় হয় সূত্রাং তাহাতে যদি শব্দ প্রমাণ অর্থাৎ পরের সাক্ষ্যের, অপেক্ষা থাকে তবে তুমি অধিকাংশ লোকের কথা অগ্রাহ্য করিয়া কেবল এক কিম্বা কএক ব্যক্তির বাক্য গ্রহণ করিলে তদ্বিষয়ের পরীক্ষা অসম্পূর্ণ হইবে । যাহারা স্বচক্ষে দেখিয়াছে এবং স্বকর্ণে শুনিয়াছে তাহারদিগকে উপেক্ষা করিয়া যদি যাহারা

when there are many who deny the fact, and you never concern yourself about their reasons for denying it, but resolve to believe only those who affirm it.

XIII. Take heed lest some darling notion, some favourite hypothesis, some beloved doctrine, or some common but unexamined opinion, be made a test of the truth or falsehood of all other propositions about the same subject. Dare not build much upon such a notion or doctrine till it be very fully examined, accurately adjusted, and sufficiently confirmed. Some persons, by indulging such a practice, have been led into long ranks of errors; they have found themselves involved in a train of mistakes, by taking up some petty hypothesis or principle, either in philosophy, politics, or religion, upon slight and insufficient grounds, and establishing that as a test and rule by which to judge of all other things.

XIV. For the same reason, have a care of suddenly determining any one question, on which the determination of any kindred or parallel cases will easily or naturally follow. Take heed of receiving any wrong turn in your early judgment of things; be watchful, as far as possible, against any false bias which may be given to the understanding, especially in younger years. The indulgence of some one silly opinion, or the giving credit, to one foolish fable, lays the mind open to be imposed upon by many. The ancient Romans were taught to believe that Romulus and Remus, the foun-

চাক্ষুষ এবং শ্রাবণ প্রত্যক্ষকারী নয় তাহারদিগের সাক্ষ্যের  
অন্বেষণ কর, আর যদি তদ্বিষয়ে সামান্য জল্প করিয়াছ  
সম্ভব হও এবং বিশেষ বিবেচনা না কর, অপর অনেক  
লোক সেই বিষয়কে অসত্য কহিলেও যদি তুমি তাহার  
কারণ অনুসন্ধান ও বিবেচনা করিতে বাসনা না করিয়া  
কেবল • তদ্বিষয়ের উল্লেখকারির কথা গ্রহণ কর তবে  
তাহাতেও সম্পূর্ণ পরীক্ষা হইবে না।

১৩ অতএব সাবধান, কোন মনোহর ভাব কিম্বা উপদেশ  
অথবা অপ্রামাণিক অথচ প্রসিদ্ধ মতে মত্ত হইয়া যেন তাহা-  
কেই তৎসম্বন্ধীয় সকল বিষয়ের সত্যাসত্য প্রকাশক চিত্র  
জ্ঞান করিও না। কোন মত কিম্বা উপদেশ সম্পূর্ণ রূপে পরীক্ষা  
এবং শুদ্ধ রূপে নিশ্চয় এবং প্রকৃত রূপে চূড়াকৃত না  
করিয়া তাহাকে সাহস করিয়া সত্যাসত্য নির্ণায়ক চিত্র  
জ্ঞান করিও না। কোন ২ লোক এই প্রকার কল্পনা দ্বারা  
প্রকাশ ২ ভ্রম বৃণে পতিত হইয়াছে, তাহার দর্শন রাজ-  
নীতি কিম্বা ধর্মশাস্ত্র সংক্রান্ত চিন্তরঞ্জক কোন অমূলক মত  
কিম্বা সূত্র গ্রহণ করিয়া তাহাকেই অন্যান্য পদার্থ নির্ণয়ের  
নিয়ম রূপে স্থাপন করে সূত্রাৎ তাহার ঘোরতর অবিদ্যাতে  
ভ্রান্ত হয় ॥

১৪ এই নিমিত্ত সাবধান হইও যেন এমত কোন প্রশ্নের  
মামাংসা ত্বরায় করিও না যাহাতে তৎসম্বন্ধ অন্যান্য প্রশ্ন  
নির্ণয় স্বভাবতঃ সম্ভাব্য হইবে। অপর সাবধান যেন নব্য  
অবস্থায় বস্তু বিচারে ভ্রান্ত হইও না, বাল্যকালে ভ্রমের  
মনোবৃত্তি যেন বিকৃত না হয় এতদর্থে যথা সাধ্য সতর্ক  
থাকিও। একটা মুর্থতা সূচক বাক্যের অনুসরণ করিলে  
কিম্বা একটা অলোক গল্পে বিশ্বাস করিলে অন্তঃকরণ নানা  
প্রকার মিথ্য বচনে বিভ্রান্ত হইবার সম্ভাবনা হয়। রোম দেশীয়  
লোকেরা বিশ্বাস করিত যে তাহারদের রাজ্য সংস্থাপক রমুলস

ders of their state and empire, were exposed in the woods, and nursed by a wolf; this story prepared their minds for the reception of any tales of the like nature relating to other countries. Trogus Pompeius would enforce the belief that one of the ancient kings of Spain was also nursed and suckled by a hart, from the fable of Romulus and Remus. It was by the same influence they learned to give up their hopes and fears to omens and soothsaying, when they were once persuaded that the greatness of their empire, and the glory of Romulus their founder, were predicted, by the happy omen of twelve vultures appearing to him, when he sought where to build the city. They readily received all the following legends of prodigies, auguries, and prognostics, for many ages together, with which Livy has furnished his huge history.

Besides, many an elegant and admirable sentiment or description of things, which is found among the poets, is well worth committing to memory; and the particular measures of verse greatly assist us in recollect-



কোমলান্তঃকরণ, অনুৎসুক লোক উৎসুক, অলস লোক কর্মোদ্যত, দুর্দান্ত লোক দমিত, দুষ্কৃতি লোক স্কৃতি, তথা ঈশ্বর পরায়ণ বিনয়াদ্বিত লোক সাহসিক এবং লক্ষ্যকাম ও কৃতকার্য হইতে পারে এমত সকল বাক্য প্রয়োগ করা ধর্মোপদেশকের উচিত । সর্বজাতীয় মনুষ্য পরমেশ্বরের পথ হইতে বিমুখ হইয়া ভয়ানক দূরে পতিত হইয়াছে এবং পবিত্র আচরণ ত্যাগ করিয়া সম্পূর্ণ রূপে অমঙ্গল প্রাপ্ত হইয়াছে অতএব ধর্মোপদেশকের কর্তব্য তাহারদিগের ঐ যার দুর্গতি মোচনার্থ যৎপরোনাস্তি বাকপটুতা প্রকাশ করেন ।

২৮ সম্প্রতি কাব্যের বিষয়ে যৎকিঞ্চিৎ উক্তি করা যাইতেছে ।

পশ্চিমাতিমানি লোক মাত্রের অবকাশ ক্রমে প্রাচীন অথবা আধুনিক ভাষায় রচিত কাব্যাদি গ্রন্থ পাঠ করা কর্তব্য এতদ্বিষয়ে অনেক কারণ আছে ।

১। হিন্দোবদ্ধ লোকের লোকাচার এবং পরমার্থ তত্ত্ব বিষয়ক ভূরি ২ নীতি শিক্ষার বিধি আছে, তাহা হিন্দোবদ্ধন প্রযুক্ত সহজে স্মৃতি পথস্থ হয় ।

অপর কাব্যের মধ্যে ভূরি ২ সূচক ভাব এবং পদার্থ বর্ণনা আছে তাহাও স্বরূপে রাখা পরামর্শ সিদ্ধ ও তন্মধ্যে অনেক বিশেষ ২ হিন্দ আছে যদ্বারা উত্তম ২ বচন স্বরূপে রাখা সহজ হয় । ঐ প্রকার বচনে আমারদের মানসিক সংস্কার শোধনের এবং নীচ ও হেয় পদার্থের

ing such excellent passages, which might sometimes raise our conversation from low and grovelling subjects.

2. In heroic verse, but especially in the grander lyrics, there are sometimes such noble elevations of thought and passion as illuminate all things around us, and convey to the soul most exalted and magnificent images and sublime sentiments; these furnish us with glorious springs and mediums to raise and aggrandize our conceptions, to warm our souls, to awaken the better passions.

3. But still there is another end of reading poesy, and perhaps the most considerable advantage to be obtained from it by the bulk of mankind; and that is, to furnish our tongues with the richest and the most polite variety of phrases and words upon all occasions of life. He that writes well in verse will often find a necessity to send his thoughts in search through all the treasure of words that express any one idea in the same language, that so he may comport with the measures, or the rhyme of the verse which he writes, or with his own most beautiful and vivid sentiments of the thing he describes. Now, by much reading of this kind, we shall insensibly acquire the habit and skill of diversifying our phrases upon all occasions, and of expressing our ideas in the most proper and beautiful language, whether we write or speak of the things of God or men.

It is pity that some of these harmonious writers

পরিচয় পূর্বক উৎকৃষ্টতর বিষয় অভ্যাসের সম্ভাবনা আছে ।

২ বীর রস ঘটিত রচনায় বিশেষতঃ কবিতাতে কখন ২ 'এমত ভাব ও মহৎ তাৎপর্য্য প্রকাশ পায় যে তাহাতে চতুর্দিকস্থ সকল দ্রব্য উজ্জ্বল হয় এবং মনের মধ্যে উচ্চ ও অপূর্ণ ভাব উদ্ভূত হয় । এই প্রকার ভাবে সদাশয়ত্ব ও মানসিক উদ্যমের বৃদ্ধি এবং যাবদীয় মনোবৃত্তির শোধন হয় ।

৩ কাব্য অধ্যয়নের আরও এক ফল আছে, অধিকাংশ লোকে তাহাও পরম লাভ বোধ করেন অর্থাৎ কাব্য অধ্যয়ন দ্বারা সাংসারিক এবং পাবমার্থিক যাবদীয় বিষয়ে ভাষার উৎকর্ষ এবং লালিত্য শিক্ষা করিতে পারে । যে ব্যক্তি উত্তম রূপে হৃন্দাবদ্ধ করিতে সমর্থ তাহাকে হৃন্দোরক্ষা করণার্থ কিস্তা কথার মিলন রাখিবার নিমিত্ত অথবা আপনার স্মৃচরু এবং মনোরম্য ভাব প্রকাশার্থ পুনঃ ২ শব্দ সকলের সমুদয় অংশে ছুটি করিয়া সমানার্থ শব্দের অন্বেষণ করিতে হয় । অতএব এই প্রকারে বাহুল্য রূপে অধ্যয়ন হওয়াতে ঐহিক পারত্রিক সকল বিষয়ে বিচিত্র বাক্য প্রয়োগ করিতে এবং যথার্থ ও স্মৃচরু ভাষাতে মনের ভাব প্রকাশ করিতে ক্রমশঃ অভ্যাস এবং ক্ষমতা লভ্যে ।

কোন ২ স্মৃচরু হৃন্দাবদ্ধ গ্রন্থের রচক স্থানে ২ অঙ্গীল দোষ যুক্ত শব্দ প্রয়োগ করিয়া আপনার রচনা অশুদ্ধ করিয়াছেন তাহাতে পাঠক বর্গের কণ্ঠে পীড়া বোধ হয় এবং ধর্ম্মনিষ্ঠা ও ভব্যতার ভয়ানক হয় না ইহা যদিও অতিশয় আক্ষেপের বিষয় তথাপি অসম্মদীয় ভাষাতে এমত ভূরি ২

have ever indulged any thing uncleanly or impure to defile their paper, and abuse the ears of their readers, or to offend against the rules of the nicest virtue and politeness; but still, there is a sufficient choice in our own language, wherein we shall not find any indecency to shock the most modest tongue or ear.

4. After all that I have said, there is yet a further use of reading poesy; and that is, when the mind has been fatigued with studies of a more laborious kind, or when it is any ways unfit for the pursuit of more difficult subjects, it may be as it were unbent, and repose itself a while on the flowery meadows where the muses dwell. It is a very sensible relief to the soul when it is over-tried, to amuse itself with the numbers and the beautiful sentiments of the poets, and in a little time this agreeable amusement may recover the languid spirits to activity and more important service.

XXIX. All this I propose to the world as my best observations about reading of verse. But if the question were offered to me, Shall a student of a bright genius never divert himself with writing poesy? I would answer, Yes, when he cannot possibly help it. A lower genius, in mature years, would heartily wish that he had spent much more time in reading the best authors of this kind, and employed much fewer hours in writing. But it must be confessed, or supposed at least, that there may be seasons when it is hardly possible for a poetic soul to restrain the fancy or quench the

কবিতা আছে যে আমরা নির্বাচন কালে একপ্রকার কাব্য প্রাণ্ড হইতে পারি যাহাতে অশ্লীল দোষের সংস্পর্শ নাই এবং যাহা পাঠ অথবা শ্রবণ করিলে মুখের কিম্বা কণ্ঠের গ্লানি বোধ হয় না ।

৪ কাব্য অধ্যয়ন করিবার চতুর্থ অভিপ্রায় এই যে ছরুহ বিষয় অধ্যয়ন করিয়া মনের মধ্যে শ্রম বোধ হইলে অথবা কোন সময়ে ছরুহ তত্ত্বানুসন্ধানে মনঃসংযোগ করা কঠিন হইলে সাহিত্যাদি রস লালিত্য ঘটিত রচনার অনুশীলনে চিন্তা স্থির করা যাইবে ফলতঃ অন্তঃকরণের অধিক শ্রম বোধ হইলে কবিগণের হৃন্দোবদ্ধন এবং উত্তম ২ ভাব প্রকাশক রচনা পাঠ কর্তৃক আমোদ করিলে শ্রান্তি দূর হয় তাহাতে অঙ্গ কণ্ঠের মধ্যে অবসন্ন অন্তঃকরণের শক্তি প্রাপ্তি এবং গুরুতর কর্মে ক্ষমতা জন্মে ।

কাব্য অধ্যয়নের বিষয়ে আমার এই ২ অভিপ্রায় আমি সাধারণের জ্ঞাপনার্থ প্রকাশ করিলাম । এস্থলে যদি এমত বলিয়া আপত্তি কর যে সূক্ষ্ম বুদ্ধি যুবকেরা কি তবে কখন কাব্য রচনা করিতে চেষ্টা করিবে না? উত্তর, নিতান্ত আবশ্যক হইলে করা কর্তব্য । অতিশয় সূক্ষ্ম বুদ্ধি না হইলে কোন ২ লোক প্রৌঢ়াবস্থায় মনে করে যে যদি কাব্য রচনার অধিক কাল ব্যয় না করিয়া কবিবর পণ্ডিত বর্গের গ্রন্থ অধ্যয়নে অধিক সময় যাপন করিতাম তবে যত্ন সফল হইত । কিন্তু ইহা স্বীকার অথবা অস্বীকার করা যায় যে কোন ২ সময় কাব্যকর্ম ভাবুক পণ্ডিত আপনার ভাবশক্তি ও রচনাশক্তি দমন করিতে না পারিয়া হৃন্দোবদ্ধে বাক্য

flame ; when it is hard to suppress the exuberant flow of lofty sentiments, and prevent the imagination from this sort of style or language ; and that is the only season, I think, wherein this inclination should be indulged, especially by persons who have devoted themselves to professions of a different kind.

XXX. There are other things besides history, grammar, and languages, rhetoric and poesy, which have been included under the name of philological knowledge ; such as an acquaintance with the notions, customs, manners, tempers, polity, &c. of the various nations of the earth, or the distinct sects and tribes of mankind. This is necessary in order to understand history the better ; and every man who is a lawyer or a gentleman ought to obtain some acquaintance with these things, without which he can never read history to any great advantage, nor can he maintain his own station and character in life with honour and dignity, without some insight into them.

XL. The art of criticism is reckoned by some as a distinct part of philology ; but it is, in truth, nothing else than a more exact and accurate knowledge or skill in the other parts of it, and a readiness to apply that knowledge upon all occasions, in order to judge well of what relates to these subjects, to explain what is obscure in the authors which we read, to supply what is defective, and amend what is erroneous in manuscripts or ancient copies, to correct the mistakes of

প্রয়োগ দ্বারা মনের উৎকট ভাব প্রকাশ করিতে আকর্ষিত হইলে, কেবল ঐ প্রকার বিশেষ চিন্তা বৃত্তি হইলে কবিতা রচনাশক্তির আদর করা কর্তব্য, অন্য প্রকার ব্যবসায় প্রবৃত্ত লোকদিগের অন্য কোন অবস্থায় তদর্থ যত্ন করা কর্তব্য নহে ।

পুরাবৃত্ত, ব্যাকরণ, ভাষানুশীলন, অলঙ্কার, কাব্য ব্যতীত অন্যান্য কএক বিদ্যাও শব্দ শাস্ত্রের অন্তর্গত আছে, যথা পৃথিবীস্থ নানা দেশীয় এবং নানা জাতীয় লোকের রীতি নীতি স্বভাব মত রাজনীতি প্রভৃতির জ্ঞান । পুরাবৃত্ত উত্তম রূপে হৃদয়ঙ্গম করণ অভিপ্রেত হইলে ঐ জ্ঞানের অতিশয় প্রয়োজন অচিৎব্যবস্থা শাস্ত্র ব্যবসায়ি এবং ভব্য পুরুষের কর্তব্য যে ঐ সকল বিষয়ের জ্ঞান উপার্জন করেন কেননা তদ্ব্যতীত তাঁহারা পুরাবৃত্ত উত্তম রূপে পাঠ করিতে সক্ষম হইবেন না অথবা প্রতিষ্ঠাপন্ন হইয়াও আপন ২ পদ রক্ষা করিতে পারিবেন না ।

কোন ২ লোক কহে যে রচনার শুদ্ধ্য-ক্তি বিচার শব্দ বিদ্যার স্বতন্ত্র এক শাখা কিন্তু ফলে তাহা নহে শুদ্ধ্যশুদ্ধি বিচার শব্দ বিদ্যার অন্যান্য অংশের যথাথ জ্ঞান এবং তদ্বি-ষয়ে বিশেষ নিপুণতা মাত্র । তাহাতে ঐ সকল বিষয়ের পর-ম্পর সম্বন্ধের উত্তম বিবেচনা হইতে পারে এবং আমাদের পাঠ্য গ্রন্থের অস্পষ্টাংশের ব্যাখ্যা এবং অপেক্ষা পূরণ ও প্রাচীন লিপির দোষ শোধন তথা গ্রন্থকার অথবা সম্পাদকের শব্দার্থে ভ্রম শোধন আর তদ্বিষয়ে পণ্ডিতগণের বিবাদ

authors and editors in the sense or the words, to reconcile the controversies of the learned, and by this means to spread a juster knowledge of these things among the inquisitive part of mankind.

Every man who pretends to the learned professions, if he does not rise to be a critic himself in philological matters, should be frequently conversing with those books, whether dictionaries, paraphrasts, commentators, or other critics, which may relieve any difficulties he meets with, and give him a more exact acquaintance with those studies which he pursues.

And whensoever any person is arrived to such a degree of knowledge in these things as to furnish him well for the practice of criticism, let him take great care that pride and vanity, contempt of others with inward wrath and insolence, do not mingle themselves with his remarks and censures. Let him remember the common frailties of human nature, and the mistakes to which the wisest man is sometimes liable, that he may practise this art with due modesty and candour.



মীমাংসা হয় অতএব এই উপায় দ্বারা বিদ্যার্থী লোক  
সমন্বিত ঐ সকল বিষয়ের যথার্থ জ্ঞান মাত্র বিস্তার হয় ।

শাস্ত্র ব্যবসায়ি লোক যদি স্বয়ং শব্দ বিদ্যার শুদ্ধাশুদ্ধি  
বিচার করিতে অক্ষম হয়েন তবে তাঁহার সর্বদা অভিধান  
টীকা ভাষ্য ব্যাখ্যা প্রভৃতি গ্রন্থের আলোচনা করা কর্তব্য  
তাহাতে যে স্থলে তাঁহার সংশয় হয় তাহার মীমাংসা  
হইতে পারিবে এবং আপন ব্যবসায় বিষয়ক গ্রন্থের ও  
যথার্থ জ্ঞান প্রাপ্ত হইবেন ।

অপিচ কোন ব্যক্তি এই সকল বিষয়ে সমীচীন ব্যুৎপত্তি  
প্রযুক্ত শুদ্ধাশুদ্ধি বিচারে স্বয়ং নিপুণ হইলে তাহার সাব-  
ধান হওয়া কর্তব্য যেন শুদ্ধাশুদ্ধি বিচার কালে অহঙ্কার  
অভিমান গর্ভ ক্রোধ বা অস্থ্যাতে পূর্ণ না হয়েন, কেননা  
কোন মনুষ্য অজ্ঞান নহে মহামহোপাধ্যায় পণ্ডিতেরও  
মতিভ্রম সম্ভাবনা আছে ইহা স্মরণে রাখিলে বিনয় ও  
সরলতা পূর্বক দোষাদোষ বিচার করিতে পারিবেন ।

## PART II.

### INTRODUCTION.

THE chief design of the former part of this book is to lead us into proper methods for the improvement of our own knowledge. Let us now consider what are the best means of improving the minds of others, and of communicating to them the knowledge which we have acquired. If the treasures of the mind should be hoarded up and concealed, they would profit none beside the possessor; and even his advantage by the possession would be poor and narrow, in comparison of what the same treasures would yield, both to himself and to the world, by a free communication and diffusion of them. Large quantities of knowledge acquired and reserved by one man, like heaps of gold and silver, would contract a sort of rust and disagreeable aspect, by lying in everlasting secrecy and silence; but they are burnished and glitter, by perpetual circulation, through the tribes of mankind.

The two chief ways of conveying knowledge to others, are that of verbal instruction to our disciples,

উত্তর খণ্ড ।

ভূমিকা ।

এই গ্রন্থের আদ্য খণ্ডের প্রথম অতিথের এই যে পাঠক বর্গ জ্ঞানার্জনের পর স্ব ২ বিদ্যার উন্নতি করণের প্রকৃত রীতি শিক্ষা করেন। পরন্তু সম্প্রতি ঘোষণাক্রিত বিদ্যা বিতরণ দ্বারা অনেক চিত্তোৎকর্ষ করিবার সুস্থপায় আলোচনা করা যাইতেছে। আপনার পরিশ্রম দ্বারা উপাক্রিত বিদ্যারত্ন আশ্রয় মনোমধ্যেই সংগ্রহ করিয়া প্রচ্ছন্ন ভাবে রাখিলে তদ্বারা কৃতবিদ্য ব্যক্তি ব্যতীত অন্য কাহার উপকার সম্ভাবনা নাই। বিদ্যার বিতরণ ও প্রচারণ দ্বারা বিদ্যা দাতার এবং সমুদয় জগতের যে মহোপকার হয় তাহার সহিত তুলনা করিলে মনের মধ্যে লুকায়িত বিদ্যার কল অতিশয় তুচ্ছ বোধ হইবে। এক ব্যক্তি যথেষ্ট বিদ্যা উপাঞ্জন করিয়া রক্ত কাক্ষন রাশির ন্যায় তাহা গোপনে কেবল চিত্ত মধ্যে রাখিলে সে বিদ্যা চির বন্ধ থাকিয়াও আলোচনাতাবে কলঙ্কিত এবং বিরূপ ভাবাপন্ন হইয়া যায় কিন্তু মনুষ্য সমাজে মুক্ত কণ্ঠে তাহার প্রচারণ করিলে মহোচ্ছল এবং শোভান্বিত হইয়া থাকে।

বিদ্যা বিতরণ করিবার দ্বি খারা, প্রথমতঃ আচার্য্য

or by writing and publishing our thoughts to the world.

Here, therefore, I shall propose some observations which relate to the conveyance of knowledge to others by regular lectures of verbal instruction, or by conversation. I shall represent several of the chief prejudices of which learners are in danger, with directions to guard against them ; and then mention some of the easiest and most effectual ways of convincing persons of their mistakes, and of dealing with their understandings, when they labour under the power of prejudice. I shall afterwards add, by way of appendix, an essay written many years ago, on the subject of Education, when I designed a more complete treatise of it,

## CHAPTER I.

### METHODS OF TEACHING, AND READING LECTURES.

HE that has learned any thing thoroughly, in a clear and methodical manner, and has attained a distinct perception, and an ample survey of the whole subject, is generally best prepared to teach the same subject in a clear and easy method ; for having acquired a large and distinct idea of it himself, and made it

হইয়া ছাত্রদিগকে মৌখিক উপদেশ দান, দ্বিতীয়তঃ গ্রন্থ রচনা দ্বারা সংসারের মধ্যে স্ব ২ মনোরথ প্রকাশ করণ ।

এস্থলে প্রথমতঃ আচার্য্য হইয়া ছাত্রদিগকে মৌখিক উপদেশ দানের রীতি এবং আলাপের দ্বারা জ্ঞান প্রচারের প্রসঙ্গ করা যাইতেছে । শিষ্যেরদের মনে কি ২ প্রধান ২ কুসংস্কার জন্মিবার সম্ভাবনা আছে আদৌ তাহার বর্ণনা করিয়া পরে তন্নিবারক উপায় বিস্তার করা যাইবেক এবং কুসংস্কার জন্মিলে কি প্রকারে ভ্রম শোধন এবং বুদ্ধি চালনা হইতে পারে তাহা উক্ত হইবে । বহু দিবস গত হইল আমি বিদ্যালুশীলনের বিষয়ে যে এক প্রবন্ধ রচনা করিয়াছি পরিশেষে তাহাও এই গ্রন্থে সংযুক্ত করা যাইবেক ।

## ১ পরিচ্ছেদ ।

অধ্যাপনা এবং উপদেশ দানের ধারা ।

যে ব্যক্তি কোন পদার্থ শ্রদ্ধালা পূর্বক স্বয়ং অধ্যয়ন করিয়াছেন এবং তদ্বিষয়ক পরিক্ষার জ্ঞান ও বহু দর্শন প্রাপ্ত হইয়াছেন তিনি তাহা সহজ এবং স্পষ্ট রূপে উপদেশ করিতে সমর্থ হইবেন কেননা কোন বিষয়ে স্বয়ং স্পষ্টানুভব এবং ব্যাপক দৃষ্টি প্রাপ্ত হইলে পুনঃ ২ অধ্যয়ন চিন্তন এবং আলাপ দ্বারা তাহাতে ব্যুৎপত্তি হয় আর সর্বাংশ অবগত থাকিলে এক দৃষ্টিতে সুদৃঢ় অঙ্গ প্রত্যঙ্গ অবলোকন করিতে পারেন সুতরাং ছাত্রের অব-

familiar to him by frequent meditation, reading and occasional discourse, he is supposed to see it on all sides, to grasp it, with all its appendices and relations in one survey, and is better able to represent it to the learner in all its views, with all its properties, relations and consequences. He knows which view or side of the subject to hold out first to his disciple, and how to propose to his understanding that part of it which is easiest to apprehend ; and also knows how to set it in such a light as is most likely to allure and to assist his further inquiry.

But it is not every one who is a great scholar that always becomes the happiest teacher, even though he may have a clear conception, and a methodical as well as an extensive survey of the branches of any science. He must also be well acquainted with words, as well as ideas, in a proper variety ; that, when his disciple does not take in the ideas in one form of expression, he may change the phrase into several forms, till at last he hits the understanding of his scholar, and enlightens it in the just idea of truth.

Besides this, a tutor should be a person of a happy and condescending temper, who has patience to bear with a slowness of perception, or want of sagacity in some learners. He should also have much candour of soul, to pass a gentle censure on their impertinences, and to pity them in their mistakes, and use every mild and engaging method for insinuating knowledge

গতির নিমিত্ত তাহার সর্বাংশ এবং সকল গুণ ও ফল উত্তম রূপে বর্ণনা করিতে সক্ষম হইবেন । উপদেশ দান কালে ছাত্রের বোধার্থ প্রথমতঃ এক ২ অংশ প্রচার করিতে হয় এবং যে ২ অংশ অতি সহজ তাহা কি প্রকারে বর্ণনা করা কর্তব্য এবং ছাত্রের মনোরঞ্জন করিয়া তাহাকে জ্ঞানানুশীলনে উত্তরোত্তর প্রবৃত্ত করিবার নিমিত্ত কি রূপে অধ্যাপনা করা আবশ্যিক উক্ত প্রকার অধ্যাপক এ সমস্তও অবগত থাকেন ।

কিন্তু অতিশয় পাণ্ডিত্য এবং বিদ্যার নানা শাখায় পরিষ্কার জ্ঞান ও শৃঙ্খলা পূর্বক বহু দর্শন থাকিলেও তদ্বারাই যে অধ্যাপনা শক্তি উত্তম হয় তাহা নহে । অধ্যাপকের পক্ষে নানা প্রকার শব্দ এবং ভাবেও ব্যুৎপন্ন থাকা আবশ্যিক কেননা ছাত্র এক প্রকার শব্দ শুনিয়া তাহার দ্বারা ভাব গ্রহণ করিতে অক্ষম হইলে প্রকারান্তরে শব্দ প্রয়োগ করত তাহার প্রবোধ জন্মাইয়া তদ্ব জ্ঞান প্রদান করিতে হইবেক ।

এতদ্ব্যতীত আচার্য্যের সৌষ্ঠব এবং বিনয়ান্বিত হওয়া অতিশয় আবশ্যিক এবং, কোন ২ ছাত্রের স্বল্প বুদ্ধি ও দূর দৃষ্টির অভাব থাকিলে তাহাতে বিরক্ত না হইয়া বরং সহিষ্ণু হওয়া উচিত । অপর ছাত্রদের অসঙ্গত ব্যবহার দেখিলে সরল হইয়া যৎকিঞ্চিৎ অনুরোধ করা এবং তাহারদের প্রমাদ দেখিলে তজ্জন্য আক্ষেপ করা এবং সত্যাবস্থায় উৎসুক ও যত্নশালি বিদ্যার্থীর মনে কোশলক্রমে বিদ্যারোপণ করা তথা ভ্রম জালে বদ্ধ ছাত্রদিগকে তাহা হইতে মুক্ত করা কর্তব্য, ১ আমি এই গ্রন্থের আদ্য ভাগের

into those who are willing and diligent in seeking truth, as well as reclaiming those who are wandering into error. But of this I have spoken somewhat already, in a chapter of the former Part, and shall have occasion to express something more of it shortly.

A very pretty and useful way to lead a person into any particular truth is, by question and answer, which is the Socratical method of disputation, and therefore I refer the reader to that chapter or section which treats of it. On this account, dialogues are used as a polite and pleasant method of leading gentlemen and ladies into some of the sciences, who seek not the most accurate and methodical measure of learning.

But the most useful, and perhaps the most excellent way of instructing students in any of the sciences is, by reading lectures, as tutors in the academy do to their pupils.

The first work is to choose a book well written, which contains a short scheme or abstract of that science; or at least it should not be a very copious and diffusive treatise. Or, if the tutor knows not any such book already written, he should draw up an abstract of that science himself, containing the most substantial and important parts of it, disposed in such a method as he best approves.

Let a chapter or section of this be read daily by



এক অধ্যায়ে এ বিষয় বাহুল্য ভাবে উক্তি করিয়াছি এবং পরে এতদ্বিষয়ে পুনশ্চ উক্তি করিব ।

কোন বিশেষ প্রকরণে সত্য জ্ঞান প্রচার করিবার নিমিত্ত প্রশ্নোত্তর বিধায় কথোপকথন করা উত্তম ধারা । এ ধারা সৌক্রেতিসের নামে বিখ্যাত । তদ্বিষয়ের বর্ণনা পূর্বে হইয়াছে অতএব পাঠক বর্গ সেই অধ্যায়ে দৃষ্টি করিবেন । যে ২ মান্য পুরুষ অথবা স্ত্রী অতিশয় শুদ্ধ এবং ধারাবাহিক জ্ঞান লাভ নিমিত্ত উৎসুক নহেন অথচ সামান্যত বিদ্যার প্রয়ামী তাহারদিগকে কোন বিদ্যায় উপদেশ দিতে হইলে উক্ত প্রশ্নোত্তরের ধারায় আলাপ করা পরামর্শ সিদ্ধ ।

কিন্তু যবক বিদ্যার্থিকে কোন বিদ্যায় শিক্ষা দিতে হইলে তৎসমীপে উপদেশ পাঠ করাই সর্বাপেক্ষা উত্তম, ফলেও অধ্যাপকের স্ব ২ বিদ্যামন্দিরে ছাত্রবর্গকে এ রূপেই শিক্ষা দিয়া থাকেন ।

প্রথমতঃ অভীষ্ট বিষয়ে স্মৃতিত গ্রন্থ নির্বাচন করা কর্তব্য যাহাতে শিক্ষণীয়তব্য বিদ্যার সারাংশ সংক্ষেপে থাকিতে পারে, কেননা আদৌ বাহুল্য ভাবে রচিত গ্রন্থে প্রয়োজ্যতা নাই । অধ্যাপক যদি এই রূপ সংক্ষিপ্ত সার গ্রন্থ প্রাপ্ত না হয়েন তবে তাহা স্বয়ং রচনা করা উচিত, অর্থাৎ শিক্ষণীয়তব্য বিদ্যার সারাংশ উত্তম ২ শৃঙ্খলায় শ্রেণীবদ্ধ করিয়া গ্রন্থ প্রস্তুত করা কর্তব্য ।

ছাত্রের কর্তব্য যে এই প্রকার পুস্তকের এক অধ্যায় কিম্বা পরিচ্ছেদ প্রত্যহ পাঠ করেন এবং অধ্যাপকের উচিত যে নিম্ন লিখিত ধারায় তাহার ব্যাখ্যা করিয়া দেন ।

the learner, on which the tutor should paraphrase in this manner; namely:

He should explain both words and ideas more largely; and especially what is dark and difficult should be opened and illustrated, partly by various forms of speech, and partly by apt similitudes and examples. Where the sense of the author is dubious, it must also be fixed and determined.

Where the arguments are strong and cogent, they should be enforced by some further paraphrase, and the truth of the inferences should be made plainly to appear. Where the arguments are weak and insufficient, they should be either confirmed or rejected as useless; and new arguments, if need be, should be added to support that doctrine.

What is treated very concisely in the author should be amplified; and, where several things are laid closely together, they must be taken to pieces, and opened by parts.

Where the tutor differs from the author which he reads, he should gently point out and confute his mistakes.

Where the method and order of the book is just and happy, it should be pursued and commended; where it is defective and irregular, it should be corrected.

The most necessary, the most remarkable and useful parts of that treatise, or of that science, should be

অধ্যাপক শব্দার্থ এবং ভাবার্থ বাহুল্য রূপে প্রতীপন্ন করিয়া দিবেন বিশেষতঃ কঠিন এবং গূঢ়ার্থ শব্দ থাকিলে নানা প্রকার বাক্য উপমা ও ছুঁড়াত্তের দ্বারা তাহার ব্যাখ্যা করিবেন ফলতঃ গ্রন্থের তাৎপর্য্যে কোন প্রকার সন্দেহ হইলে স্পষ্ট রূপে তাহার ব্যাখ্যা করিয়া গীমাংসা করা উচিত।

গ্রন্থের তর্ক বলিষ্ঠ এবং যুক্তিসিদ্ধ হইলে অধিক বিস্তার করিয়া তাহা ব্যাখ্যা করা উচিত এবং তৎসংক্রান্ত অনুমানের সত্যতা স্পষ্ট রূপে প্রকাশ করা কর্তব্য। অপর তর্ক দুর্বল হইলে তাহা দৃঢ় করা উচিত অথবা অসংলগ্ন হইলে একে কালে ত্যাগ করা উচিত এবং গ্রন্থের তাৎপর্য্য রক্ষার্থ অন্যান্য তর্ক সংগ্রহ করা কর্তব্য।

গ্রন্থের মতো যে ২ বিষয় অতিশয় সংক্ষেপে বর্ণিত আছে তাহার বাহুল্য রূপে ব্যাখ্যা করা কর্তব্য এবং যে সকল পদার্থ একত্র মিশ্রিত হইয়া বর্ণিত হইয়াছে তাহা খণ্ড ২ রূপে পৃথক্ করা উচিত।

যে স্থলে গ্রন্থকারের সহিত অধ্যাপকের বিভিন্ন মত হয় সে স্থলে বিনয় পূর্বক গ্রন্থকারের ভাব উল্লেখ করিয়া শোধন করা উচিত।

গ্রন্থের ধারা এবং শৃঙ্খলা উত্তম হইলে তাহার প্রশংসা করিয়া তদনুযায়ী উপদেশ করা উচিত। আর গ্রন্থের দোষ এবং বিপরীত শৃঙ্খলা থাকিলে তাহার শোধন করা কর্তব্য।

ছাত্রগণকে উল্লেখিত গ্রন্থ অথবা ব্রিড্যার অতি প্রয়োজনীয় এবং বিচিত্র অংশ বিশেষ মনোযোগ করিতে

peculiarly recommended to the learners, and pressed upon them that they would retain it in memory; and what is more unnecessary or superfluous should be distinguished, lest the learner should spend too much time in the more needless parts of a science.

The various ends, uses, and services of that science or of any part of it, should be also declared and exemplified, as far as the tutor hath opportunity and furniture to do it; particularly in mathematics and natural philosophy.

And, if there be any thing remarkably beautiful or defective in the style of the writer, it is proper for the tutor to make a just remark upon it.

While he is reading and explaining any particular treatise to his pupils, he may compare the different editions of the same book, or different writers upon the same subject; he should inform them where that subject is treated by other authors which they may peruse, and lead his disciples thereby to a further elucidation, confirmation, or improvement of that theme of discourse in which he is instructing them.

It is alluring and agreeable to the learner also, now and then, to be entertained with some historical remarks on any occurrences or useful stories which the tutor has met with, relating to the several parts of such a science; provided he does not put on his pupils merely with such stories, and neglect to give them a solid and rational information of the theme in hand.

অনুরোধ এবং আদেশ করা উচিত যাহাতে তাহার উহা মনে ধারণ করিয়া রাখিতে পারিবে । অপর যে ২ অংশ নিম্প্রয়োজন কিম্বা অতিরিক্ত তাহা ভিন্ন করা উচিত কেননা তাহা হইলে কোন বিদ্যার নিম্প্রয়োজন শাখাতে ছাত্রের অধিক কাল ব্যয় হইবেক না ।

অধ্যাপকের স্বযোগ অনুসারে উল্লেখিত বিদ্যার কিম্বা তৎশাখার নানা বিধ তাৎপর্য্য অভিপ্রায় এবং প্রয়োজন বর্ণনা ও প্রকাশ করা কর্তব্য বিশেষতঃ গণিত শাস্ত্র এবং স্বাভাবিক বস্তু তত্ত্বের ঐ ২ বিষয় ব্যাখ্যা করা আবশ্যিক ।

গ্রন্থকারের রচনায় যদি কোন বিশেষ দোষাদোষ থাকে তবে আচার্য্যের কর্তব্য যে তদ্বিষয়ে যথার্থ রূপে স্বীয় অভিপ্রায় ব্যক্ত করেন ।

শিষ্যগণের নিকটে কোন বিশেষ গ্রন্থের অধ্যয়ন ও ব্যাখ্যা কালে অধ্যাপক তাহার বিবিধ পাঠ এবং তদ্বিষয়ে অন্যান্য গ্রন্থকারের মত তুলনা করিতে পারেন । অপর ছাত্রগণকে জ্ঞাপন করা কর্তব্য যে কোন্ ২ স্থলে অন্যান্য গ্রন্থকার ঐ বিষয়ে রচনা করিয়াছেন তাহা করিলে ছাত্রেরা সে সকল গ্রন্থকারের উক্তি পাঠ করিয়া শিক্ষিতব্য একরূপে স্পষ্টতর এবং দৃঢ়তর জ্ঞান প্রাপ্ত হইবে ।

অধ্যাপনা কালীন কখন ২ পুরাবৃত্ত কিম্বা হিতোপদেশক গল্প সম্বন্ধীয় কোন ২ কথা ছাত্রের নিকট প্রসঙ্গতঃ বর্ণনা কর্তব্য তাহা করিলে ছাত্রের মনোরঞ্জন এবং চিত্তাকর্ষণ হয় কিন্তু শিক্ষিতব্য বিষয়ে যথার্থ জ্ঞান বিস্তার না করিয়া কেবল গল্প দ্বারা ছাত্রের কাল হরণ করা উচিত নহে । অধ্যাপকের কর্তব্য যে অধ্যাপনা কালীন সাধ্যক্রমে ছাত্রের

Teachers should endeavour, as far as possible, to join profit and pleasure together, and mingle delight with their instructions; but at the same time they must take heed that they do not merely amuse the ears and gratify the fancy of their disciples, without enriching their minds.

In reading lectures of instruction, let the teacher be very solicitous that the learners take up his meaning; and therefore he should frequently inquire whether he expresses himself intelligibly, whether they understand his sense, and take in all his ideas as he endeavours to convey them in his own forms of speech.

It is necessary that he who instructs others should use the most proper style for the conveyance of his ideas easily into the minds of those who hear him; and though, in teaching the sciences, a person is not confined to the same rules by which we must govern our language in conversation, for he must necessarily make use of many terms of art and hard words, yet he should never use them merely to show his learning, nor affect sounding language without necessity—a caution which we shall further inculcate anon.

I think it very convenient and proper, if not absolutely necessary, that when a tutor reads a following lecture to his pupils, he should run over the foregoing lecture in questions proposed to them, and by this means acquaint himself with their daily proficiency. It is in

উপকার এবং আমোদ জন্মাইতে যত্ন করেন তাহাতে যেন ছাত্র উপদেশ প্রাপ্ত হইয়া সন্তুষ্ট হয় । কিন্তু ইহাও মনে রাখা উচিত যে ছাত্রের কেবল কণ্ঠ সুখ অথবা মনস্তৃষ্টি করা কর্তব্য নহে তাহারদিগকে উপদেশ করাও উচিত ।

রচিত উপদেশ পাঠ কালীন ছাত্রকে তাৎপর্য গ্রহণ করাইতে অধ্যাপকের যত্ন করা উচিত, একারণ বিদ্যার্থীদিগকে পুনঃ ২ জিজ্ঞাসা করা কর্তব্য যে তাঁহার কথা স্পষ্ট হইতেছে কি না ও তাঁহার তাৎপর্য গ্রহণ পূর্বক শব্দ সকল হৃদয়ঙ্গম হইয়া বোধ গম্য হইতেছে কি না ।

অধ্যাপকের কর্তব্য যে শ্রোতার প্রবোধ নিমিত্ত উপযুক্ত ভাষায় মনের ভাব প্রচার করেন । শাস্ত্র অধ্যাপনা কালে অনেক কঠিন এবং পারিভাষিক শব্দ প্রয়োগ করিতে হয় একারণ সামান্য কথোপকথন সময়ে যে প্রকার বাক্য প্রয়োগ করা যায় শাস্ত্রাধ্যাপনা কালে তাহা সম্ভবে না কিন্তু কেবল পাণ্ডিত্য প্রকাশ কিম্বা নিষ্প্রয়োজন কঠিন শব্দ বিস্তার নিমিত্ত পারিভাষিক শব্দ উক্ত করা উচিত নহে । এই বিষয়ে আমারদের আশ্রয় বক্তব্য আছে তাহা পরে উক্ত করা যাইরে ।

অধ্যাপক শিষ্য সন্নিধানে কোন উপদেশ পাঠ করিবার সময় পূর্ব উপদেশের প্রসঙ্গে তাহাদিগকে প্রশ্ন করিয়া নির্ণয় করিবেন যে তাহারা প্রতিদিন কিয়ৎ পরিমাণে অভ্যাস করিতে সক্ষম । উপদেশ দান কালে অধ্যাপকের এই রূপ ব্যবহার করা অত্যন্ত হিত কারক এবং নিতান্ত আবশ্যিক । বিদ্যার্থী শিষ্য যদি এই বলিয়া আপত্তি করে “আমরা বালক নহি, আমরা কণ্ঠস্থ পাঠ করিব কেন? আমরা বিদ্যা শিক্ষার্থ

vain for the learner to object, surely we are not school-boys, to say our lessons again: we came to be taught, and not to be catechised and examined. But, alas! how is it possible for a teacher to proceed in his instructions, if he knows not how far the learner takes in and remembers what he has been taught?

Besides, I must generally believe, it is sloth or idleness, it is real ignorance, incapacity, or unreasonable pride, that makes a learner refuse to give his teacher an account how far he has profited by his last instructions. For want of this constant examination, young gentlemen have spent some idle and useless years, even under the daily labours and inspection of a learned teacher; and they have returned from the academy without the gain of any one science, and even with the shameful loss of their classical learning—that is, the knowledge of Greek and Latin—which they had learned in the grammar-school.

Let the teacher always accommodate himself to the genius, temper, and capacity of his disciples, and practise various methods of prudence to allure, persuade and assist every one of them in their pursuit of knowledge.

Where the scholar has less capacity, let the teacher enlarge his illustrations; let him search and find out where the learner sticks, what is the difficulty, and thus let him help the labouring intellect.

Where the learner manifests a forward genius, and a



আসিয়াছি, পরীক্ষিত হইবার নিমিত্ত আনি নাই" তবে অধ্যাপক সে আপত্তি গণ্য করিবেন না কেননা শিষ্য উপদেষ্ট কথার ভাব গ্রহণ করিয়া ধারণ করেন কি না তাহা নিশ্চয় না জানিলে গুরু কি প্রকারে শিক্ষা দিবেন ?

অপিচ শিষ্যেরা উপদেশ প্রাপ্ত হইয়া কিয়ৎ পরিমাণে ব্যাপন্ন হয় গুরু সন্নিধানে তাহা প্রকাশ করিতে অনিচ্ছু হইলে তাহাদের সে অনিচ্ছার কারণ আলস্য দীর্ঘসূত্রতা অনভিজ্ঞতা অক্ষমতা অথবা অসঙ্গত অভিমান মাত্র । তৎ-প্রমাণ, পুনঃ পরীক্ষিত না হওয়াতে কোন অতিনব তদ্র মস্তান প্রত্যহ সুপণ্ডিত শিক্ষকের নিকট উপদেশ প্রাপ্ত হইয়াও কোন বিদ্যা উপার্জন না করিয়া বিদ্যামন্দির ত্যাগ করিয়াছেন । তাঁহারা কতিপয় বৎসর আলস্যের বশবর্তী হইয়া অনর্থক কালযাপন করাতে পাঠশালায় গ্রীক ও লাতিন ভাষায় যে জ্ঞান প্রাপ্ত হইয়াছিলেন তাহাতেও বঞ্চিত হইয়াছেন ।

গুরুর কর্তব্য যে শিষ্যের বুদ্ধি ও মনোবৃত্তি এবং ক্ষমতা বিবেচনা করিয়া তদনুযায়ী শিক্ষা দেন এবং কৌশলক্রমে নানা উপায় করিয়া বিদ্যা লাভ বিষয়ে শিষ্যের যত্ন এবং উদ্যোগ বৃদ্ধি করেন এবং তাহাতে স্বয়ং সহকারী হইয়েন ।

শিষ্যের দূরদর্শিতা থাকিলে গুরুর বাহুল্য রূপে উপদেশ বিস্তার করা উচিত, এবং শিষ্য কোন স্থলে ভাবার্থ গ্রহণে অক্ষম ও কোন স্থলে তাহার দুর্ব্বল বোধ হয় তাহা অস্ব-সন্ধান করিয়া যথোচিত সাহায্য করা কর্তব্য ।

শিষ্য বাচাল হইলে অথবা জ্ঞান লাভার্থ পুনঃ প্রশ্ন

sprightly curiosity by frequent inquiries, let the teacher oblige such an inquisitive soul by satisfying those questions as far as may be done with decency and convenience; and, where these inquiries are unseasonable, let him not silence the young inquirer with a magisterial rebuff, but with much candour and gentleness postpone those questions, and refer them to a proper hour.

Curiosity is an useful spring of knowledge; it should be encouraged in children, and awakened by frequent and familiar methods of talking with them. It should be indulged in youth, but not without a prudent moderation. In those who have too much, it should be limited by a wise and gentle restraint or delay, lest, by wandering after every thing, they learn nothing to perfection. In those who have too little, it should be excited, lest they grow stupid, narrow-spirited, self-satisfied, and never attain a treasure of ideas, or an aptitude of understanding.

Let not the teacher demand or expect things too sublime and difficult from the humble, modest, and fearful disciple: and where such a one gives a just and happy answer, even to plain and easy questions, let him have words of commendation and love ready for him. Let him encourage every spark of kindling light, till it grow up to bright evidence and confirmed knowledge.

Where he finds a lad pert, positive, and presuming, let the tutor take every just occasion to show him his

করিয়া মানসিক উদ্যম প্রকাশ করিলে গুরুর কর্তব্য যে বিবেচনা পূর্বক তাহার প্রশ্নের উত্তর দেন। অপর শিষ্য অসময়ে কোন প্রশ্ন করিলে তাহাকে তিরস্কার করিয়া নিস্তদ্ধ করা উচিত নহে বরং নিম্ন এবং সরল বাক্য দ্বারা ইহা কহা কর্তব্য যে বিলম্ব করিয়া উপযুক্ত কালে এই সকল প্রশ্ন করিও।

উদ্যোগের দ্বারা বিদ্যোপার্জন সহজ হয় একারণ শিশুদিগের জ্ঞান লাভার্থ উদ্যোগ দেখিলে তাহাতে উৎসাহ দেওয়া উচিত এবং অন্তরঙ্গভাবে পুনঃ ২ কথোপকথন দ্বারা তাহারদিগকে অধিক তৎপর করা কর্তব্য। যদি যুবক লোকদিগের ঐ রূপ উদ্যোগ থাকে তবে তাহার দিগকেও অমুরাগী করা উচিত কিন্তু অবিবেচনা পূর্বক কোন বিষয়ে প্রশ্ন দেওয়া কর্তব্য নহে। যে সকল ব্যক্তির জিজ্ঞাসাবাদে অতিশয় তৎপর তাহারদিগকে বিবেচনা মতে যৎকিঞ্চিৎ শাসন করিয়া অথবা তাহারদিগের জিজ্ঞাসিত প্রশ্নের উত্তর দানে বিলম্ব করিয়া দমন করা উচিত নচেৎ অপরিমিত রূপে প্রত্যেক দ্রব্য মনোযোগ করিলে কোন দ্রব্যই সম্পূর্ণ রূপে শিক্ষা করিতে পারিবে না। পরন্তু যাহাদের উদ্যোগ অত্যন্ত তাহারদিগের সেই উদ্যোগ বৃদ্ধি করা আবশ্যিক কেননা তদ্ব্যতিরেকে তাহারা মুখ সর্কণাঙ্কি ও আত্মশ্লাঘী হইয়া বিবিধ ভাব গ্রহণে অক্ষম হইবে।

যে ২ শিষ্য বিনয়ান্বিত ধীর এবং শঙ্কায়ুক্ত তাহারদের নিকট উৎকট অথবা দুর্লভ ব্যাপারের প্রতীক্ষা করা গুরুর কর্তব্য নহে। তথাবিধ শিষ্যেরা স্পষ্ট এবং সহজ প্রশ্নে

error; let him set the absurdity in complete light before him, and convince him by a full demonstration of his mistake, till he sees and feels it, and learns to be modest and humble.

A teacher should not only observe the different spirit and humour among his scholars, but he should watch the various efforts of their reason and growth of their understanding. He should practise in his young nursery of learning, as a skilful gardener does in his vegetable dominions, and apply prudent methods of cultivation to every plant. Let him, with a discreet and gentle hand, nip or prune the irregular shoots; let him guard and encourage the tender bud-dings of the understanding, till they be raised to a blossom, and let him kindly cherish the younger fruits.

The tutor should take every occasion to instil knowledge into his disciples, and make use of every occurrence of life to raise some profitable conversation upon it; he should frequently inquire something of his disciples that may set their young reason to work, and teach them how to form inferences, and to draw one proposition out of another.

Reason being that faculty of the mind which he has to deal with in his pupils, let him endeavour by all proper and familiar methods, to call it into exercise, and to enlarge the powers of it. He should take frequent opportunities to show them when an

মথার্থ এবং উপযুক্ত উত্তর করিতে পারিলেই তৎক্ষণাৎ তাহাদের প্রশংসা এবং অমুরাগ করা উচিত কেননা জ্ঞান স্রোতির যৎকিঞ্চিৎ আভা দেখিলেই তাহা সম্পূর্ণ রূপে উজ্জ্বল করিয়া বিদ্যা স্থাপন নিমিত্ত যত্ন কথিতে হয় ।

মুদক শিষ্য ব্যগ্রচিত্ত অসংশয়বানী এবং স্পর্জিত হইলে শিক্ষকের কর্তব্য যে সুযোগ ক্রমে তাহার ভ্রম দর্শাইয়া দেন । তাহার প্রমাদ ও কথার অযুক্তি ঐ প্রকারে কেশলক্রমে প্রকাশ করিয়া দিলে সে তদ্বিষয় জদয়ঙ্গম করিয়া নম্ এবং বিনয়ান্বিত হইতে পারিবে ।

অধ্যাপকের কর্তব্য যে ছাত্রগণের বিবিধ মনোরথ এবং প্রবৃত্তিতে মনঃসংযোগ করিয়া তাহাদের যুক্তির ব্যাপার এবং বুদ্ধির উন্নতি নিরীক্ষণ করেন । বিজ্ঞতম উদ্যান পাল যেমন উদ্যানস্থ উদ্ভিদ্রব্যের প্রকৃতি বিবেচনা করিয়া বৃক গুল্ম ওষধি প্রভৃতির রোপণ ও ফল সেকাদি দ্বারা লালন করে বিদ্যার উদ্যানে শিক্ষকেরও তদ্রূপ করা উচিত । অপর তাঁহার কর্তব্য যে বিবেচনা ও সূত্বতা পূর্বক অতিরিক্ত পল্লবাদি রূপ সংশয়াদির ছেদন কবেন এবং বুদ্ধির নম্ কোরকাদি যত্ন পূর্বক বিকসিত করিয়া দিয়া ফল মূল রক্ষা করেন ।

আচার্যের কর্তব্য যে সুযোগ পাইলেই শিষ্যের মনে বিদ্যা রোপণ করেন এবং সংসারের যাবদীয় ঘটনায় হিতকরক কথোপকথন কবেন । অপর শিষ্টগণকে পুনঃ ২ এমত-বিষয়ে সিজ্ঞাসাবাদ করিবেন যে তাহাতে তাহাদের বুদ্ধির চালনা হইতে পারে এবং তাহার হেতুর ও সাধ্যের

idea is clear or confused, when the proposition is evident or doubtful, and when an argument is feeble or strong. By this means their minds will be so formed, that whatsoever he proposes with evidence and strength of reason they will readily receive.

When any uncommon appearances arise in the natural, moral, or political world, he should invite and instruct them to make their remarks on it, and give them the best reflections of his own for the improvement of their minds.

He should by all means make it appear that he loves his pupils, and that he seeks nothing so much as their increase of knowledge, and their growth in all valuable acquirements: this will engage their affection to his person, and procure a just attention to his lectures.

And indeed there is but little hope that a teacher should obtain any success in his instructions, unless those that hear him have some good degree of esteem and respect for his person and character.

জ্ঞান প্রাপ্ত হইয়া অল্পমানের ব্যাপার বুঝিয়া এক পুতিজ্ঞা হইতে অন্য পুতিজ্ঞা অল্পভব করিতে পারে।

আচার্য্য শিষ্যদের বিবেক শক্তি অবলম্বন করিয়া অধ্যাপনা করিয়া থাকেন অতএব সেই শক্তির চালনা এবং বৃদ্ধি নিমিত্ত তাঁহার সৰ্ব্ব প্রকারে সচুপায় করা কর্তব্য। কোন ভাব পরিকার কিবা অপরিহার্য্য হইলে অথবা কোন পতিজ্ঞা স্পষ্ট কিবা অস্পষ্ট হইলে কিবা কোন তর্ক ক্ষীণ অথবা দৃঢ় হইলে স্মরণে ক্রমে শিষ্যগণকে তাহা পুনঃ ২ বুঝিয়া দেওয়া উচিত। এই প্রকারে অধ্যাপক যুক্তি সঙ্গত এবং প্রামাণ্য যে ২ কথার প্ৰস্তাব করিবেন শিষ্যেরা তাহা তৎক্ষণাৎ গ্রাহ্য করিতে পারিবে।

স্বাভাবিক পদার্থ নীতি এবং রাজনীতির সম্বন্ধে কোন অভূত ঘটনা হইলে অধ্যাপকের কল্পনা যে শিষ্যগণকে তদ্বিষয়ে স্ব ২ অভিপ্রায় ব্যক্ত করিতে আহ্বান এবং উপদেশ করেন এবং তাহারদের চিন্তোৎকর্ষ সাধনের নিমিত্ত নিম্ন অভিপ্রায়ও প্রকাশ করেন।

শিষ্যগণের মনে এমত প্রবোধ দেওয়া কর্তব্য যে অধ্যাপকের যথার্থ শিষ্যবাৎসল্য আছে এবং শিষ্যের জ্ঞান বৃদ্ধি এবং উৎকৃষ্ট বিষয়ের শিক্ষা দানে যত্নশ্রম আগ্রহ অন্য কোন ব্যাপারে তাহদের প্রয়াস নাই। শিষ্যের মনে এইরূপ প্রবোধ জন্মিলে গুরুর প্রতি তাহারদের অহুরাগ হইবে এবং তাহারাই তাঁহার উপদেশে সমুচিত মনঃসংযোগ করিবে।

শিষ্যেরা গুরুর প্রতি যথেষ্ট অহুরাগ অথবা ভক্তি না করিলে গুরুর অধ্যাপনা সফল হইবার সম্ভাবনা নাই।

## CHAPTER II.

### OF AN INSTRUCTIVE STYLE.

THE most necessary, and most useful character of a style fit for instruction is, that it be plain, perspicuous, and easy. And here I shall first point out all those errors in style, which diminish or destroy the perspicuity of it, and then mention a few directions, how to obtain a perspicuous and easy style.

The errors of style which must be avoided by teachers, are those that follow :

1. The use of many foreign words, which are not sufficiently naturalized and mingled with the language which we speak or write. It is true, that in teaching the sciences in English, we must sometimes use words borrowed from the Greek and Latin; for we have not in English names for a variety of subjects which belong to learning: but, when a man affects, upon all occasions, to bring in long-sounding words from the ancient languages without necessity, and mixes French



## ২ পরিচ্ছেদ ।

অধ্যাপনার ধারা ।

স্পষ্ট এবং সুগম শব্দ প্রয়োগ দ্বারা অধ্যাপনোপযুক্ত বাক্য বিন্যাসই অধ্যাপনার নিতান্ত প্রয়োজনীয় লক্ষণ, তাহাতেই যথেষ্ট উপকার হয়। অতএব প্রথমতঃ শব্দের স্পষ্টতা রোধক দোষের উল্লেখ করিয়া সহজ পরিষ্কার ধারা প্রাপ্ত হইবার কতিপয় উপায় বিস্তার করা যাইতেছে।

অধ্যাপকের কর্তব্য যে পশ্চাৎলিখিত দোষ পরিহার করেন যথা।

১ যে ভাষায় বক্তৃতা কিম্বা গ্রন্থ রচনা হয় তন্মধ্যে সম্যক্ রূপে চলিত না হইলে বিদেশীয় শব্দ বাহুল্য রূপে প্রয়োগ করা উচিত নহে। ইংলণ্ডীয় ভাষায় বিবিধ বিদ্যার প্রচার করিতে হইলে কখন ২ গ্রীক ল্যাটিন প্রভৃতি ভাষার শব্দ প্রয়োগ করিতে হয় কেননা বিদ্যার ভূরি ২ বিষয়ের নাম ইংরাজি ভাষায় অপ্ৰাপ্ত। কিন্তু কোন ব্যক্তি যদি নিম্প্রয়োজনে প্রাচীন ভাষা হইতে সুদীর্ঘ দুর্লভ শব্দের নব্বদা আড়ম্বর করেন এবং সামান্য ইংরাজি শব্দ দ্বারা তাৎপর্য্য বোধ হইলেও ক্লেঞ্চ প্রভৃতি বিদেশীয় পদ এবং

and other outlandish terms and phrases, where plain English would serve as well, he betrays a vain and foolish genius, unbecoming a teacher.

2. Avoid a fantastic learned style, borrowed from the various sciences, where the subject and matter do not require the use of them. Do not affect terms of art on every occasion, nor seek to show your learning by sounding words and dark phrases : this is properly called pedantry.

These terms of art are but the tools of an artificer, by which his work is wrought in private ; but the tools ought not to appear in the finished workmanship.

There are some persons so fond of geometry, that they bring in lines and circles, tangents and parabolas, theorems, problems, and postulates, upon all occasions. Others who have dealt in astronomy, borrow even their nouns and their verbs, in their common discourse, from the stars and planets. Instead of saying, Jacob had twelve sons, they tell you, Jacob had as many sons as there are signs in the zodiac. If they describe an inconstant person, they make a planet of him, and set him forth in all his appearances, direct, retrograde, and stationary. If a candle be set behind a screen, they call it eclipsed ; and tell you fine stories of the orbit and the revolutions, the radii and the limb or circumference of a cart-wheel.

Others again dress up their sense in chymical lan-

শব্দ প্রয়োগ করেন তবে তাহাতে কেবল তাঁহার বৃথা অভিমান এবং মূঢ়তা প্রকাশ হয়, শিক্ষকের পক্ষে তদ্রূপ অভিমান ও মূঢ়তা অতিশয় অসুপযুক্ত ।

২ বক্তৃত্তা অথবা রচনার বিষয়ে বিবিধ বিদ্যা সংক্রান্ত অদ্ভুত ভাব সংযুক্ত ছুরুহ শব্দ প্রয়োগ করা আবশ্যিক না হইলে তাহার উল্লেখ করিও না । অপর সকল বিষয়ে পাণ্ডিত্য সূচক বাক্যের আড়ম্বর করিও না, এবং উৎকৃষ্ট অগচ্চ অস্পষ্ট বচন প্রয়োগ দ্বারা আপনার পাণ্ডিত্য প্রকাশ করিতে ও চেষ্টা কবিও না, এ প্রকার চেষ্টা কেবল অনর্থক অভিমানের লক্ষণ ।

পাণ্ডিত্য সূচক শব্দ শিল্পিকের যন্ত্র তুল্য, শিল্পিকর বিরলে যন্ত্র ব্যবহার করিয়া স্বকীয় কার্য সম্পন্ন করে কিন্তু কার্য সমাপ্ত হইলে যন্ত্র প্রকাশ করে না ।

কোন ২ লোক ক্ষেত্র তত্ত্বের বিষয়ে এমত অনুরাগী যে রেখা, বৃত্ত, স্পর্শক, ফেপনী, উপপাদ্য, সম্পাদ্য, স্বীকার্য্য প্রভৃতি তদীয় পরিভাষাই সর্বদা প্রয়োগ করেন । কোন ২ লোক জ্যোতিষ শাস্ত্রানুশীলনে মত্ত হইয়া সামান্য কথোপকথনের পুসঙ্গেও গ্রহ নক্ষত্রের নাম উল্লেখ করিয়া শব্দ প্রয়োগ করিয়া থাকেন । যথা যাকোবের দ্বাদশ পুত্র ছিল এই অভিপ্রায় ব্যক্ত করণার্থ কেহ ২ কহেন মেঘাদি রাশির সংখ্যা পরিমাণে যাকোবের পুত্র ছিল । অপর কোন চঞ্চল পুরুষের বর্ণনা করিতে হইলে তাহাকে গ্রহ সত্ত্বশ কল্পনা করিয়া তাহার স্থিতি এবং অগ্র পশ্চাৎ গমন বর্ণনা করেন । আর যবনকার পশ্চাৎ প্ৰদীপ থাকিবে কহেন প্ৰদীপের গ্রহণ হইয়াছে

guage. Extracts and oils, salts and essences, exalt and invigorate their discourses. A great wit with them is a sublimated spirit, and a blockhead is a caput mortuum.

It would be well if the quacks alone had a patent for this language.

3. There are some fine affected words that are used only at court, and some peculiar phrases that are sounding or gaudy, and belong only to the theatre ; these should not come into the lectures of instruction : the language of poets has too much of metaphor in it, to lead mankind into clear and distinct ideas of things ; the business of poesy is to strike the soul with a glaring light, and to urge the passions into a flame by splendid shows, by strong images, and a pathetic vehemence of style ; but it is another sort of speech, that is best suited to lead the calm inquirer into just conceptions of things.

4. There is a mean vulgar style, borrowed from the lower ranks of mankind, the basest characters and meanest affairs of life ; this is also to be avoided ; for, it should be supposed that persons of liberal education, have not been bred up within the hearing of such language, and consequently they cannot understand it ; besides, that it would create very offensive ideas, should we borrow even similies for illustration from the scullery, and the dunghill.

5. An obscure and mysterious manner of expres-

এবং কোন শব্দট চক্রের গতি বর্ণনা করিতে হইলে তাহার পরিধি ব্যাসার্দ্ধ ভ্রমণ পথ প্রভৃতির আড়ম্বর করে ।

অপর কোন ২ লোক কিমিয়া বিদ্যার পরিভাষামুসারে স্বাভিপ্যায় পুকাশ করণার্থ রস তৈল লবণ সমুদ্র প্রভৃতি শব্দ প্রয়োগ করিয়া নিজ বক্তৃতা বাক্য অলঙ্কৃত করে । আর সূচক লোকের প্রসঙ্গে কহে ইনি উৎক্রমণ বায়ুর ন্যায় । পরন্তু কেবল মূর্খ ব্যবসায়ি লোকেরা এই রূপ শব্দ প্রয়োগে অভিমান ও আনন্দ করিলেই ভাল হয় ।

৩ কোন ২ রস ঘটত উৎকট শব্দ কেবল রাজ সভাতেই ব্যবহার্য্য, আর কোন ২ অলঙ্কার যুক্ত দীর্ঘ পদ কেবল রঙ্গ ভূমিতেই উক্ত হয়, কিন্তু আচার্য্যের অধ্যাপনায় তাৎপৰ্য্য শব্দ বা পদ যুক্ত বাক্য প্রয়োগ করা উচিত হয় না । অপিচ কাব্যান্তর্গত ভাষায় রূপকাদি অলঙ্কারের প্রাচুর্য্য হেতুক তদ্বারা পাঠক বর্গের মনে নানা প্রকার ভ্রমের যথার্থ এবং স্পষ্ট অসুভব হইতে পারে না । কাব্যেব তাৎপর্য্য এই যে শব্দার্থের অলঙ্কার দ্বারা হৃদয় প্রফুল্ল হইবে এই কারণেই কবিগণ সূচক রূপক এবং কারুণ্য রস ঘটিত বাক্য দ্বারা বর্ণনা শক্তি বিস্তার করিয়া পাঠক বর্গের রাগ এবং উদ্যম বৃদ্ধি করেন । কিন্তু তত্ত্ব জিজ্ঞাসু লোকের মনে যথার্থ জ্ঞান উৎপত্তির নিমিত্ত অন্য প্রকার কথা চিন্তার পুয়োজন আছে ।

৪ অন্ত্যজ এবং অপকৃষ্ট লোকদিগের অতি জবন্য ব্যাপার সম্বন্ধীয় ইতর ভাষাও পরিহার করা কর্তব্য । অধ্যাপকের অসুমান করা উচিত যে বিদ্বান্ পুরুষেরদের সংসঙ্গ ও সুসংস্কারপ্রযুক্ত এই রূপ অপর ভাষা কখন তাহারদের কর্ণ গোচর হয় নাই স্বতরাং তদ্রূপ উক্তি তাহারদের বোধ

sion and cloudy language is to be avoided. Some persons have been led by education, or by some foolish prejudices, into a dark and unintelligible way of thinking and speaking; and this continues with them all their lives, and clouds and confounds their ideas; perhaps some of these may have been blessed with a great and comprehensive genius, with sublime natural parts, and a torrent of ideas flowing in upon them; yet, for want of clearness in the manner of their conception and language, they sometimes drown their own subject of discourse, and overwhelm their argument in darkness and perplexity.

6. A long and tedious style is very improper for a teacher, for this also lessens the perspicuity of it. Some learned writers are never satisfied, unless they fill up every sentence with a great number of ideas and sentiments; they swell their propositions to an enormous size by explications, exceptions and precautions, lest they should be mistaken; and crowd them all into the same period; they involve and darken their discourse by many a parenthesis, and prolong their sentences to a tiresome extent, beyond the reach of a common comprehension. Such sort of writers or speakers may be rich in knowledge, but they are seldom fit to communicate it. He that would gain a happy talent for the instruction of others must know how to disentangle and divide his thoughts, if too many of them are ready to crowd into one paragraph;

গম্য হইবেক না । অধিকন্তু অধ্যাপনা কালে অপরিষ্কার বস্তু বাচক শব্দ রূপক ভাবে প্রয়োগ করিলেও তদ্বারা শিষ্যের মনের মধ্যে অসম্ভাবের উদয় হয় ।

৫ অধ্যাপকের পক্ষে অস্পষ্ট ও গূঢ়ার্থ শব্দ প্রয়োগ করাও উচিত নহে । কোন ২ লোক সল্পপদেশের অভাবে অথবা কুসংস্কার বশতঃ অস্পষ্ট রূপে চিন্তা করিতে এবং বাক্য প্রয়োগ করিতে অসম্মত হইতে তাহাদের বাক্য এবং চিন্তা যাবজ্জীবন তদ্রীত্যমুঘাণি হয় সুতরাং তাহাদের সমস্ত মনের ভাব গোলযোগে পরিপূর্ণ হইয়া থাকে । এবম্প্রকার লোকের মধ্যে যদিও কাহার ২ সূক্ষ্ম বুদ্ধি দূরদর্শিতা প্রচুর ক্ষমতা এবং বিবিধ ভাব শক্তি থাকে তথাপি অসুভবের শৃঙ্খলা ও বাক্যের স্পষ্টতা না থাকাতে তাহাদের বক্তৃতা কখন ২ লয়প্রাপ্ত হয় এবং তাহাদের যুক্তি গোলযোগে এবং অস্পষ্টতাতে পূর্ণ হয় ।

৬ অধ্যাপকের পক্ষে অনর্থক দীর্ঘ বক্তৃতা করা কৰ্ত্তব্য নহে কেননা তাহাতে স্পষ্টতার হ্রাস হয় । কোন ২ বিজ্ঞ লেখক পদে ২ ভূরিভাবার্থক শব্দ প্রয়োগ করেন এবং স্পষ্ট রূপে স্বীয় তাৎপর্য প্রকাশিতমানে নানা প্রকার অর্থ প্রতিপাদক ও ব্যভিচার সূচক পদ একত্র করিয়া অতিশয় দীর্ঘ রচনা করেন কিন্তু তাহাদের সেই রচনায় দূর অনুষঙ্গ সহকারে বিবিধ ভাব অন্তর্গত থাকতে তাহারা আপনাদের বক্তৃতা চুক্রহ করেন এবং ছেদ ও বিশ্রাম চিহ্ন না করিয়া পাঠক বর্গকে বৃথা শ্রম দেন । ঐ প্রকার রচক অথবা বক্তৃতা কারক ব্যক্তি অতিশয় বিদ্যা সম্পন্ন হইলেও অধ্যাপনা কার্যের উপযুক্ত নহেন । যে ব্যক্তি

and let him rather speak three sentences distinctly and perspicuously, which the hearer receives at once with his ears and his soul, than crowd all the thoughts into one sentence, which the hearer has forgotten before he can understand it.

But this leads me to the next thing I proposed, which was to mention some methods, whereby such a perspicuity of style may be obtained as is proper for instruction.

1. Accustom yourself to read those authors who think and write with great clearness and evidence; such as convey their ideas into your understanding, as fast as your eye or tongue can run over their sentences; this will imprint upon the mind a habit of imitation; we shall learn the style with which we are very conversant, and practise it with ease and success.

2. Get a distinct and comprehensive knowledge of the subject which you treat of; survey it on all sides, and make yourself perfect master of it; then you will have all the sentiments that relate to it in your view and under your command; and your tongue will very easily clothe those ideas with words, which your mind has first made so familiar and easy to itself.

3. Be well skilled in the language which you speak; acquaint yourself with all the idioms and special phrases of it, which are necessary to convey the needful ideas on the subject of which you treat, in the most various and most easy manner to the understanding of



পরকে শিক্ষা দিবার নিমিত্ত ক্ষমতাবান হইতে চাহেন তাঁহার এক স্থলে অর্থের বাহু হইলে পরিষ্কার করিয়া তাহা বিভিন্ন করিতে স্বয়ং অভ্যাস করা কর্তব্য, অর্থাৎ যখন তিনটি বচন এমত পরিষ্কার এবং স্পষ্টতা পূর্বক উক্ত করা উচিত যে শ্রোতারা তাহা সহজে হৃদয়ঙ্গম করিয়া একত্র চিন্তে শ্রবণ করিতে রত হয় তথাপি বিবিধ ভাবে পূর্ণ এক পদ প্রয়োগ করা উচিত নয় কেননা শ্রোতারা ঐ পদ হৃদয়ঙ্গম করিয়া ধারণ করিবার পূর্বে বিম্বৃত হইতে পারে ।

অধ্যাপনার্থ যে প্রকার বাক্যের স্পষ্টতা আবশ্যিক তাহা প্রাপ্ত হইবার কোন ২ উপায় এক্ষণে পূর্ব প্রতিজ্ঞানুসারে বিস্তার করা যাইতেছে ।

১ যে ২ গ্রন্থকার পরিষ্কার এবং স্পষ্টতা পূর্বক মানসিক ব্যাপারের কল্পনা এবং গ্রন্থের রচনা করেন তাঁহারদের রচনা পাঠ করিতে অভ্যাস কর, অপর যে ২ পুস্তক দর্শন অথবা অধ্যয়ন করিবা মাত্র হৃদয়ঙ্গম করিতে পার তাঁহারই আলোচনাতে রত হও, তবে তদনুরূপ উক্তি করিবার অভ্যাস জন্মিবে । যে প্রকার বচনার ধারা পুনঃ ২ আলোচনা করা যায় তাহাতে শীঘ্র সংস্কার লাভ হইতে পারে এবং তদনুরূপে অভ্যাস দ্বারা সহজে কৃতকার্য হওয়া যায় ।

২ যে বিষয়ে রচনা করিতে হইবে তাহা স্পষ্ট এবং সম্পূর্ণ রূপে অবগত হইতে চেষ্টা কর, তাহাতে সম্যক প্রকারে দৃষ্টি করিয়া পারদর্শী হইলে তৎসম্বন্ধীয় সুদয় ভাব কণ্ঠাঙ্কুর করিতে পারিবা এবং মনের মতো তদ্বিষয়ের

the hearer; the variation of a phrase in several forms is of admirable use to instruct; it is like turning all sides of the subject to view; and, if the learner happens not to take in the ideas in one form of speech, probably another may be successful for that end.

4. Acquire a variety of words. Let your memory be rich in synonymous terms, or words expressing the same thing; this will not only attain the same happy effect with the variation of phrases in the foregoing direction, but it will add a beauty also to your style, by securing you from an appearance of tautology, or repeating the same words too often, which sometimes may disgust the ear of the learner.

5. Learn the art of shortening your sentences, by dividing a long complicated period into two or three small ones. When others connect and join two or three sentences in one by relative pronouns, as which, whereof, wherein, whereto, &c., and by parentheses frequently inserted, do you rather divide them into distinct periods; or at least, if they must be united, let it be done rather by conjunctions and copulatives, that they may appear like distinct sentences, and give less confusion to the hearer or reader.

I know no method so effectually to learn what I mean, as to take now and then some page of an author, who is guilty of such a long involved parenthetical style, and translate it into plainer English, by dividing the ideas or the sentences asunder, and multiplying the

স্পষ্ট ভাব উপস্থিত হইলে বাক্যের দ্বারা তাহা উক্ত করা সহজ হইবে।

৩ যে ভাষাতে বক্তৃতা করিবা তাহাতে যত্ন করিয়া নিপুণ হও। অপর তন্মধ্যে যে ২ বিশেষ বাক্যের দ্বারা এবং চলিত কথা আছে সে সকল সম্পূর্ণ রূপে অভ্যাস কর কেননা উল্লেখিত বিষয়ের আবশ্যিক ভাব সহজ অথচ বিচিত্র শব্দ সহকারে শ্রোতার অবগতির নিমিত্ত প্রকাশ করণে ইহা অভ্যাস প্রয়োজন হয়। একটা ভাবকে বিচিত্র শব্দ দ্বারা প্রতিপন্ন করিলে অধ্যাপনা কায উত্তম হয় এবং তাহাতে প্রস্তাবিত বিষয়ের সকল ভাগ প্রকাশ পায়। ছাত্র যদি এক প্রকার বাক্য দ্বারা আচার্যের তাৎপর্য গ্রহণ করিতে না পারে তবে প্রকারান্তরেও অবশ্য কায সিদ্ধ হইবার সম্ভাবনা হয়।

৪ নানা প্রকার শব্দের জ্ঞান প্রাপ্ত হইতে চেষ্টা কর অপর তুরি ২ একার্থ শব্দ মনের মধ্যে ধারণ কর, তাহাডে শব্দের পরিবর্তন দ্বারা এক তাৎপর্য বিচিত্র রূপে উক্ত করিতে পারিবা। এই প্রকার করিলে পূর্বোক্ত শব্দ স্বরণে আসিবে এবং রচনার সৌন্দর্য বৃদ্ধি হইবে আর এক শব্দের বারম্বার প্রয়োগে যে পুনরাবৃত্তি দোষ জন্মে তাহারও শোধন হইবে।

৫ অনেক গোলযোগ বিশিষ্ট দীর্ঘ পদকে দুই তিন অংশে বিভিন্ন করিয়া সংক্ষেপ করিতে শিক্ষা কর। অন্যান্য লোকেরা যে ২ স্থলে যদৃশদ শ্লোক যাহা যাহার যত্ন যাহাতে ইত্যাদি প্রয়োগ করে এবং অর্ধচন্দ্রাকৃতি ( ) এই রেখা দ্বারা বাক্য সংযুক্ত করে তুমি সে ২ স্থলে

periods, till the language becomes smooth and easy, and intelligible at first reading.

6. Talk frequently to young and ignorant persons upon subjects which are new and unknown to them; and be diligent to inquire whether they understand you or no; this will put you upon changing your phrases and forms of speech in a variety, till you can hit their capacity, and convey your ideas into their understanding.

### CHAPTER III

#### OF CONVINCING OTHER PERSONS OF ANY TRUTH, OR DELIVERING THEM FROM ERRORS AND MISTAKES.

WHEN we are arrived at a just and rational establishment in an opinion, whether it relate to religion or common life, we are naturally desirous of bringing all the world into our sentiments; and this proceeds from the affectation and pride of superior influence upon the judgment of our fellow-creatures, much more frequently than it does from a sense of duty, or a love of truth; so vicious and corrupt is human nature. Yet there is such a thing to be found as an honest and sincere delight in propagating truth, aris-

দ্রুত ২ অংশে বাক্য বিভক্ত কর কিম্বা যদি সংযুক্ত করা নিতান্ত আবশ্যিক হয় তবে এবং যদি প্রভৃতি যৌগিক পদ দ্বারা সংযুক্ত কর তাহা করিলে স্বতন্ত্র ২ বাক্য বোধ হইবে এবং শ্রোতা কিম্বা পাঠকের মনে গোলযোগ হইবে না ।

আমি যে প্রকার রচনার দ্বারা প্রসঙ্গ করিতেছি তাহা শিথিলার নিমিত্ত এই উপায় অতিশয় উত্তম, অর্থাৎ অনেক গোলযোগে পরিপূর্ণ এমন কোন গ্রন্থের এক পৃষ্ঠ লইয়া স্পষ্ট ভাষাতে তাহার অনুবাদ করণ । বাক্য সকল বিভিন্ন করিয়া বিশ্রাম চিত্তের বৃদ্ধি করিলে ভাষার লালিত্য হইবে এবং শব্দ স্পষ্ট হওয়াতে একবার মাত্র পাঠেই অর্থ বোধ হইবে ।

৩ যুবক এবং অনভিজ্ঞ লোকেরদের নিকটে তাহাদের অবিদিত বিষয়ের পুনঃ ২ প্রসঙ্গ করিও এবং তোমার বাক্যের তাৎপর্য্য তাহাদের বোধগম্য হয় কি না তাহা যত্ন পূর্বক জিজ্ঞাসা করিও তবে তাহাদের ঐ বোধার্থ প্রকারান্তরে শব্দ প্রয়োগ করিতে পারিবা ।

### ৩ পরিচ্ছেদ ।

অন্যান্য ব্যক্তিকে কোন তত্ত্বের বিষয়ে জ্ঞান দানেব অথবা তাহারদিগকে ভ্রম দূর করিতে যুক্ত করণের বিষয় ।

ঐহিক কিম্বা পারত্রিক কোন বিষয়ে যুক্তি সঙ্গত যথার্থ মত দেখিতে পাইলে মার্বদীয় লোককে সেই মত গ্রহণ

ing from a dutiful regard to the honour of our Maker, and a hearty love to mankind. Now, if we would be successful in our attempts to convince men of their errors, and promote the truth, let us divest ourselves, as far as possible, of that pride and affectation, which I mentioned before, and seek to acquire that disinterested love to men and zeal for the truth, which will naturally lead us into the best methods to promote it. And here the following directions may be useful:—

1. If you would convince a person of his mistake, choose a proper place, a happy hour, and the fittest concurrent circumstances for this purpose. Do not unseasonably set upon him, when he is engaged in the midst of other affairs, but when his soul is at liberty and at leisure to hear and attend. Accost him not upon that subject when his spirit is ruffled or discomposed with any occurrences of life, and especially when he has heated his passions in the defence of a contrary opinion; but rather seize some golden opportunity, when some occurrences of life may cast a favourable aspect upon the truth, of which you would convince him, or which may throw some dark and unhappy colour or consequences upon that error, from which you would fain deliver him. There are in life some very agreeable moments of addressing a person, which, if rightly managed, may render your attempts more successful, and his conviction easy and pleasant.

করাইতে স্বভাবতঃ সকলের মনোবাঞ্ছা হয় কিন্তু মনুষ্যের মন এমত অশুদ্ধ যে ঐ মনোবাঞ্ছা সত্যাসুরাগ অথবা কর্তব্য বোধ বশতঃ উৎপন্ন না হইয়া অন্যের বিবেচনা অপেক্ষা আপনার বিবেচনা উত্তম এই অভিমানে মুহূর্মুহু উৎপন্ন হয়, তথাচ ইহা সত্য বটে যে ঈশ্বর পরায়ণ এবং লোক বৎসল কোন ২ ব্যক্তি সত্য প্রচারণে আমোদ করিয়া থাকেন । অতএব যদি লোকের মতিভ্রম প্রকাশ করিয়া সত্য প্রচারণে কৃতকার্য হইতে আমারদের অতি-প্রায় হয় তবে পূর্বোক্ত অভিমান ও স্পর্দ্ধা সাধ্যাসূসারে পরিত্যাগ করিয়া নিরপেক্ষ চিন্তে লোক বৎসল এবং সত্যাসুরাগী হওয়া উচিত তাহাতে আমরা সত্য প্রচার করিবার উপায় প্রাপ্ত হইব । এ বিষয়ে পশ্চাৎলিখিত নিয়মে উপকার দর্শিতে পারি ।

১ যদি কোন লোকের ভ্রম শোধন করিতে বাসনা কর তবে উপযুক্ত দেশ কালের নির্দেশ করিয়া অন্যান্য স্মৃযোগ অন্বেষণ করিও কিন্তু সে ব্যক্তি যখন কার্য্যে ব্যস্ত থাকে তাৎক্ষণ্য অসময়ে তাহার সহিত সত্যাসত্যের বিচার করিতে যাইও না, যখন নিশ্চিন্ত থাকিবে তখন তাহার প্রবোধ জন্মাইতে চেষ্টা করিও । সংসারের কোন ব্যাপারে যখন তাহার অন্তঃকরণ চঞ্চল হয় বিশেষতঃ যখন বিপরীত মত রক্ষণের উদ্দেশ্যে মনোরথ বিকৃত হয় তখন তাহার নিকটে সে বিষয়ের প্রসঙ্গ করিও না । কিন্তু স্মৃযোগ ক্রমে যখন সাংসারিক কোন ঘটনায় প্রস্তাবিত সত্যের উৎকর্ষ এবং পরিত্যজ্য অসত্যের অপকর্ষ অল্পভূত হইবে তখন তাহাকে বুঝাইতে সমর্থ হইও । সংসারের মধ্যে কখন ২ সত্যাসত্য

2. Make it appear by your whole conduct to the person you would teach, that you mean him well; that your design is not to triumph over his opinion, nor to expose his ignorance, or his incapacity of defending what he asserts. Let him see that it is not your aim to advance your own character as a disputant, nor to set yourself up for an instructor of mankind; but that you love him, and seek his true interest; and do not only assure him of this in words when you are entering on an argument with him, but let the whole of your conduct to him at all times demonstrate your real friendship for him. Truth and argument come with particular force from the mouth of one whom we trust and love.

III. The softest and gentlest address to the erroneous is the best way to convince them of their mistake. Sometimes it is necessary to represent to your opponent, that he is not far off from the truth, and that you would fain draw him a little nearer to it. Commend and establish whatever he says that is just and true.

Come as near to your opponent as you can in all your propositions, and yield to him as much as you dare, in a consistence with truth and justice.

It is a very great and fatal mistake in persons who attempt to convince or reconcile others to their party, when they make the difference appear as wide as possible: this is shocking to any person who is to be



বিচারের স্মরণ হইতে পারে তৎকালেই কৌশল পূর্বক কার্য্য তৎপর হইলে তোমার অভিলাষ সিদ্ধ হইবে এবং তাহারও সত্য জ্ঞান সহজে জন্মিবে ।

২ তোমার আচরণের দ্বারা শিষ্যের মনে এমন প্রবোধ জন্মাইয়া দেও যে তুমি তাহার হিতৈষী, আর তাহার মতে দোষারোপ করা অথবা তাহার অবিদ্যা কিস্বা স্বমত রক্ষায় অক্ষমতা প্রকাশ করিয়া স্পর্ধা করা তোমার অতি-প্রেরিত নহে । তুমি তাহার নিকটে সপ্রমাণ কর যে আপনি তর্কিক বলিয়া যশোভাজন হওয়া অথবা দেশ গুরু রূপে প্রতিষ্ঠা লাভ করা তোমার অতিমত নহে কেবল শিষ্য বাৎসল্য প্রযুক্ত তাহার যথার্থ মঙ্গলই তোমার আকাক্ষিত । অপিচ, শিষ্যের সহিত তর্ককালে কেবল মৌখিক অমুরাগ প্রচার করিও না, সমুদয় ব্যবহারে সর্বদা যথার্থ স্নেহ প্রকাশ করিও । বিশ্বাসী এবং অমুরাগ ভাজন লোক সত্য এবং যুক্তি সঙ্গত বাক্য প্রয়োগ করিলে তাহা বিশেষ রূপে প্রবল হয় ।

৩ ভ্রান্তচিত্ত লোককে ধীরতা এবং কোমলতা পূর্বক বাক্য কহিলে অনায়াসে তাহার ভ্রম শোধন হয় । অপর তাদ্রুশ বিপক্ষবাদিকে কখন এমন কথা কহা কর্তব্য যে সে ব্যক্তি সত্যের নিকটস্থ আছে এবং তাহাকে আরো নিকটস্থ করাই তোমার অতিমত । অপর সে ব্যক্তি যথার্থ এবং সত্য কোন কথা কহিলে তাহার প্রশংসা করা কর্তব্য ।

তোমার সকল বাক্যেতে বিপক্ষবাদের সহিত যত দূর সাধ্য মিলন করিও এবং সত্য ও যথার্থতা সঙ্গত হইলে তাহার কথা স্বীকার করিতে ক্রটি করিও না ।

convinced: he will choose rather to keep and maintain his own opinions, if he cannot come into yours without renouncing and abandoning every thing that he believed before. Human nature must be flattered a little as well as reasoned with, that so the argument may be able to come at his understanding, which otherwise will be thrust off at a distance. If you charge a man with nonsense and absurdities, with heresy and self-contradiction, you take a very wrong step toward convincing him.

Remember that error is not to be rooted out of the mind of man by reproaches and railings, by flashes of wit and biting jests, by loud exclamations or sharp ridicule. Long declamations, and triumph over our neighbour's mistake, will not prove the way to convince him; these are signs either of a bad cause, or of want of arguments or capacity for the defence of a good one.

IV. Set therefore a constant watch over yourself, lest you grow warm in dispute, before you are aware. The passions never clear the understanding, but raise darkness, clouds, and confusion in the soul. Human nature is like water which has mud at the bottom of it; it may be clear while it is calm and undisturbed, and the ideas, like pebbles, appear bright at the bottom; but when once it is stirred and moved by passion, the mud rises uppermost, and spreads confusion and darkness over all the ideas; you cannot set things

কোন ২ লোক পরকে আপনার দলস্থ বলিয়া স্বীকৃত করিতে উদ্যত হইয়া পরস্পরের মত ভেদ অতি ব্যাপক রূপে বর্ণনা করে । এই প্রকার বর্ণনাতে বিপক্ষবাদী অতিশয় বিরক্ত হয় সুতরাং সে যদিও আপনার মত রক্ষা করিতে রত হয় তথাপি পূর্ব স্বীকৃত সমুদয় মত ত্যাগ করিয়া তোনার মত গ্রাহ্য করিতে উৎসুক হইবে না । লোকের সহিত যেমত তর্ক করা আবশ্যিক তাহারদিগকে সন্তুষ্ট করাও তদ্রূপ উচিত কেননা তাহা করিলে তোমার মত তাহারদের হৃদয়ঙ্গম হইবে নচেৎ সে ব্যক্তি তোমার মত ত্যাগ করিবে । যদি তুমি কোন ব্যক্তিকে নির্দোষ পাষণ্ড এবং অযুক্তি বাচক বলিয়া অসঙ্গত নিন্দা কর তঁবে তাহাতে তাহার ভ্রম শোধন হইবেক না ।

অরণ্যে রাখিও যে ভৎসনা বিদ্রূপ শ্লেষ ব্যঙ্গ পরিহাস প্রভৃতি দ্বারা কোন মনুষ্যের মনের ভ্রম নির্মূল করা যায় না । আর পরের ভ্রমের বিরুদ্ধে দীর্ঘ বক্তৃতা করিয়া দম্ব করিলেও সে ভ্রম শোধনের উপায় হয় না কেননা এ প্রকার দম্ব অসৎ তাৎপর্য্য প্রকাশ হয় অথবা তাহাতে বোধ হয় যে দম্বকারক যে ২ মত স্থাপন করিতে বাঞ্ছা করে তাহা রক্ষা করণার্থ তর্ক করিতে অসমর্থ ।

৪ অতএব সাবধান হইও যেন তর্ক করিবার কালে অজ্ঞাতসারে কুপিত হইও না । রাগ হেষেতে কখন বুদ্ধির পরিষ্কার হয় না তাহাতে কেবল মনের মধ্যে সংশয় গোলযোগ এবং অন্ধতা জন্মে । মনুষ্যের মন তলেতে পক্ষ বিশিষ্ট জলাশয়ের তুল্য; হির এবং নিশ্চল থাকিলে নির্মূল

in so just and so clear a light before the eyes of your neighbour, while your own conceptions are clouded with heat and passion.

Besides, when your own spirits are a little disturbed, and your wrath is awakened, this naturally kindles the same fire in your correspondent, and prevents him from taking in your ideas, were they ever so clear; for, his passions are engaged all on a sudden for the defence of his own mistakes, and they combat as fiercely as yours do, which perhaps may be awakened on the side of truth.

To provoke a person whom you would convince, not only rouses his anger, and sets it against your doctrine, but it directs its resentment against your person, as well as against all your instructions and arguments. You must treat an opponent like a friend if you would persuade him to learn any thing from you; and this is one great reason why there is so little success on either side between two disputants or controversial writers; because they are so ready to interest their passions in the subject of contest, and prevent the mutual light that might be given and received on either side. Ambition, indignation, and a professed zeal, reign on both sides. Victory is the point designed, while truth is pretended; and truth oftentimes perishes in the fray, or retires from the field of battle; the combatants end just where they began; their understandings hold fast the same opi-

বোধ হয় এবং জলধির নিম্ন ভাগস্থ প্রাণাদি শিলার  
ন্যায় মনের ভাব উজ্জ্বল হয় কিন্তু যেমন জলাশয়ের পক্ষ  
উজ্জ্বল উখিত হইলে জলকে কেন্দ্রযুক্ত করে সেই রূপ রাগ  
বোধ দ্বারা মন চঞ্চল হইলে তদ্রূপ সুদয় ভাব মলিন এবং  
বিশৃঙ্খল হয় ।

অধিকন্তু তোমার নিজ চিন্তা রাগ ঘেষেতে আচ্ছন্ন হইলে  
তুমি পরের সমক্ষে কোন পদার্থ যথার্থ এবং স্পষ্ট রূপে  
প্রকাশ করিতে সমর্থ হইবা না। অপিচ তোমার আপনার  
মনোচঞ্চল্য এবং ক্রোধোদ্ভব হইলে তোমার সমভিব্য-  
হারিণও স্বভাবতঃ তদ্রূপ রাগোদ্ভব সম্ভব্য সুতরাং তোমার  
অতিপ্রায় স্পষ্ট রূপে ব্যক্ত হইলেও সে ব্যক্তি তাহা  
গ্রহণ করিতে অক্ষম হইবে কেননা সে ক্রোধ প্রযুক্ত  
আপনার অসত্য মতের পোষকতা করিতে অকম্মাৎ  
উদ্যত হইবে তাহাতে তুমি যেমন মতের সপক্ষতা  
করিতে উগ্রতা প্রকাশ করিবে সেও স্বমতের বিষয়ে তদ্রূপ  
করিবে ।

তুমি যে ব্যক্তির প্রবোধ কন্মাইতে বাঞ্ছা কর তাহাকে  
বিরক্ত করিলে কেবল তোমার মতে তাহার ঘেষ জন্মিবে  
এমত নহে কিন্তু তোমার এবং তোমার তর্কের বিরুদ্ধেও  
তাহার ক্রোধ প্রস্ফুট হইবে । তুমি যদি বিপক্ষবাদিকে  
উপদেশ গ্রহণে প্রবৃত্ত করিতে চাহ তবে তাহার সহিত  
মিত্রবৎ ব্যবহার করিও । দুই জন লোক পরস্পরের সন্মুখে  
তর্কে প্রবৃত্ত হইলে অথবা লেখনী দ্বারা বাদানুবাদ করিলে  
উভয়েই কোপে পতিত হয় সুতরাং পরস্পরের সহকারি-  
তায় তাহারদের যে ২°ত্রয় শোধন হইতে পারিত তাহা

nions; perhaps with this disadvantage, that they are a little more obstinate and rooted in them without fresh reason, and they generally come off with the loss of temper and charity.

V. Neither attempt nor hope to convince a person of his mistake, by any penal methods or severe usage. There is no light brought into the mind by all the fire and sword, and bloody persecutions, that were ever introduced into the world. One would think both the princes, the priests, and the people, the learned and the unlearned, the great and the mean, should have all, by this time, seen the folly and madness of seeking to propagate the truth by the laws of cruelty. We compel a beast to the yoke by blows, because the ox and the ass have no understanding; but intellectual powers are not to be fettered and compelled at this rate. Men cannot believe what they will, nor change their religion and their sentiments as they please; they may be made hypocrites by the forms of severity, and constrained to profess what they do not believe; they may be forced to comply with external practices and ceremonies contrary to their own consciences; but this can never please God nor profit men.

.VI. In order to convince another, you should always make choice of those arguments that are best suited to his understanding and capacity, his genius and temper, his state, station and circumstances.

অসম্ভব হয় এই কারণ বাদানুবাদ দ্বারা কোন পক্ষে কোন ফলোদয় হয় না । উভয় পক্ষেরই আত্মাভিমান ক্রোধ এবং উৎসুকতা প্রবল হয় । তাহারা সত্যাবেষণের ছলে কেবল পরস্পর জয়ী হইবার অভিলাষ করে স্বতরাং তাহারদের বাগ্মুদে সত্যের বিনাশ হয় অথবা তথা হইতে সত্য সদ্যো নিরাকৃত হয় । তাহারদের বাক্যমুদে কোন উপকার হয় না, তর্কের পূর্বে যাহার যে প্রকার মত, তর্কান্তেও তাহাই থাকে, ফলে তাহারা অকারণে স্ব মত গোরবে মত্ত হইয়া তর্ক বিতর্ক করত অবশেষে পরস্পর বিরক্ত হইয়া সম্ভাব নষ্ট করে ।

৫ দণ্ড বিধান অথবা যজ্ঞদণ্ড প্রদান দ্বারা কাহারও ভ্রম শোধন করিতে চেষ্টা করিও না, কেননা এ দুই উপায়ে তাহা কখন সাধ্য হয় না । অগ্নি প্রায়াগ অথবা খড়্গাঘাত কিম্বা রক্তারক্তি পূর্বক তাড়না এ সকলের দ্বারা কখন ও কাহার মনে প্রবোধ কয়ে নাই । বোধ হয় রাজা এবং পুরোহিত ও বিদ্বান অবিদ্বান ও ইতর মহৎ যাবদীয় লোক অনেক কাল পর্যন্ত এ রূপ তাড়না দেখিয়া এক্ষণে বুঝিয়া থাকিবেন যে পব পীড়ন পূর্বক সত্য প্রচার করিতে চেষ্টা করাতে কেবল অবিদ্যা এবং উন্মাদ প্রকাশ পায় । বলীবর্দ গর্দভ প্রভৃতি পশুরদের বুদ্ধি নাই একারণ আমরা তাহার-  
নিকটে প্রহার করিয়া বল দ্বারা যুগে সংযুক্ত করি কিন্তু বিগৈকি  
আত্মাকে এ রূপে শৃঙ্খলাবদ্ধ অথবা বল দ্বারা শাসিত  
করা অসাধ্য । লোকেরা যাহা ইচ্ছা তাহা বিশ্বাস করিতে  
পারে না এবং স্বেচ্ছানুসারে ধর্ম এবং মতের পরিবর্তনও  
করিতে পারে না । অপর তাড়না করিলে তাহারদের প্রত্যেক

VII. Argument should always be proposed in such a manner as may lead the mind onward to perceive the truth in a clear and agreeable light, as well as to constrain the assent by the power of reasoning. Clear ideas, in many cases, are as useful toward conviction as a well formed and unanswerable syllogism.

VIII. Allow the person you desire to instruct a reasonable time to enter into the force of your argument. When you have declared your own sentiments in the brightest manner of illustration, and enforced them with the most convincing arguments, you are not to suppose that your friends should immediately be convinced and receive the truth: habitude in a particular way of thinking, as well as in most other things, obtains the force of nature; and you cannot expect to wean a man from his accustomed errors but by slow degrees, and by his own assistance: entreat him, therefore, not to judge on the sudden, nor determine against you at once; but that he would please to review your scheme, reflect upon your arguments with all the impartiality he is capable of, and take time to think these over again at large; at least that he would be disposed to hear you speak yet further on this subject, without pain or aversion.

Address him therefore, in an obliging manner, and say, I am not so fond as to think I have placed the subject in such lights as to throw you on a sudden into any new track of thinking, or to make you imme



হইবার সম্ভাবনা হয় কেননা তাহার মনে ২ যাহা বিশ্বাস করে না তয় প্রযুক্ত তাহার মৌখিক সাপেক্ষতা করিতে পারে, এবং স্বমতের বিরুদ্ধ বাহ্য ক্রিয়া কলাপ সম্পন্ন করিতে প্রবৃত্ত হয় কিন্তু তাহাতে ঈশ্বরের সন্তোষ অথবা মনুষ্যের উপকার কিছুই হয় না ।

৩ পরের মনে কোন প্রকার প্রবোধ দিতে হইলে তাহার শক্তি এবং বুদ্ধির পরিমাণানুযায়ি অথচ তাহার স্বভাব মনো-বৃত্তি পদ এবং অবস্থা সঙ্গত তর্ক এবং বাক্য প্রয়োগ করিতে হয় ।

৭ সর্বদা এমত প্রকারে তর্কের প্রয়োগ করিতে হয় যে অস্বতঃকরণের মধ্যে সত্যের স্পষ্ট জ্ঞান এবং তৎপ্রতি অল্লুরাগ জন্মিতে পারে যুক্তি বল দ্বারা তাহাতে পরের সম্মতি হইবার সম্ভাবনা হয় । বখন ২ স্পষ্ট অল্লভব দ্বারা মনের মধ্যে ব্যাপ্তি বিশিষ্ট পরামর্শের ন্যায় সত্য জ্ঞান জন্মে ।

৮ তুমি যাহাকে উপদেশ করিতে বাসনা কব তাহাকে তোমার তর্ক হৃদয়ঙ্গম করণার্থ যথেষ্ট অবকাশ কাল প্রদান করিও । তুমি আপনার মত অতি স্পষ্ট রূপে প্রকাশ করিয়া অখণ্ডনীয় তর্ক দ্বারা তাহা সপ্রমাণ করিলেও এমত মনে করিও না যে তোমার সহচরেরা তৎক্ষণাৎ তোমার তাৎপর্য বুঝিয়া প্রস্তাবিত সত্য গ্রাহ্য করিবে । চিন্তা করণে এবং অন্যান্য অনেক ব্যাপারে অভ্যাস জন্মিলে তাহা স্বাভাবিক শক্তির ন্যায় প্রবল হয় অতএব কাহাকেও অভ্যাস সিদ্ধ অবিদ্যা ত্যাগ করাইতে হইলে সূতরাং বিলম্ব করিতে হয় কেননা সেই ব্যক্তির আপনায়

diately lay aside your present opinions or designs; all that I hope is, that some hint or other which I have given is capable of being improved by you to your own conviction, or possibly it may lead you to such a train of reasoning, as in time to effect a change in your thoughts. This hint leads me to add;

IX. Labour as much as possible to make the person you would teach his own instructor. Human nature may be allured, by a secret pleasure and pride in its own reasoning, to seem to find out by itself the very thing that you would teach; and there are some persons that have so much of this natural bias toward self rooted in them, that they can never be convinced of a mistake by the plainest and strongest arguments to the contrary, though the demonstration glare in their faces; but they may be tempted, by such gentle insinuations, to follow a track of thought which you propose, till they have wound themselves out of their own error, and led themselves hereby into your own opinion, if you do but let it appear, that they are under their own guidance rather than yours. And perhaps there is nothing which shows more dexterity of address, than this secret influence over the minds of others, which they do not discern, even while they follow it.

X. If you can gain the main point in question, be not very solicitous about the nicety with which it shall be expressed. Mankind is so vain a thing, that it is

উদ্যোগ ব্যতীত তাহা হইবেক না । তন্নিমিত্ত তাহাকে বিনয় পূর্বক নিবেদন করিয়া কহিও যে হঠাৎ মত স্থির করত তোমার বিরুদ্ধে মীমাংসা না করে তোমার কথায় অবধান করিয়া নিরপেক্ষ চিন্তে যেন তোমার হেতুবাদ বিবেচনা করে এবং ত্বরা না করিয়া অবকাশ মতে যেন পুনরাবলোচনা করিতে পারে । অধিকন্তু যেন সে ব্যক্তি তদ্বিশয়ে পুন-  
র্যাবলোচনা তোমার উক্তি প্রবণে বিরক্ত না হয় এবং পীড়া বোধ ও না করে তাদ্রশ উপায় তোমার সর্বথা করা কর্তব্য ।

অতএব বিনয় পূর্বক সম্বোধন করিয়া এই রূপ কহিও  
“আমি আত্মান্বাধী হইয়া এমত কহিতে পারি না যে অকস্মাৎ  
তোমার মনের ভাবান্তর অথবা তোমার মতের সন্ধ্যা  
পরিবর্তন করণার্থ আপনার তাৎপর্য অতি স্পষ্ট রূপে  
প্রকাশ করিয়াছি । আমার এই মাত্র আশ্বাস আছে যে  
মদ্রুক্ত কোন কথার সহকারে আমি আপনি সত্য প্রাপ্ত  
হইতে পারিবা অথবা তদ্বারা তুমি স্বয়ং যথার্থ হেতুবাদ  
পূর্বক মত পরিবর্তন করিতে পারিবা” ।

১ এ স্থলে আরও বক্তব্য এই যে যাহাকে শিক্ষা দিতে  
উদ্যত হইবে তাহাকে সাধ্য ক্রমে তাহার নিজ উপদেশক  
করিতে ক্রটি করিও না । তুমি যাহা শিক্ষাইতে বাঞ্ছা কর  
শিষ্য যদি তাহা স্বয়ং তর্ক দ্বারা প্রাপ্ত হইতে পারে তবে  
সেই শিষ্য আপনার হেতুবাদে আপ্যায়িত হইয়া স্বভাবতঃ  
স্বীকার করিবে । কোন ২ লোক এমত আত্মান্বাধী যে অতি  
স্পষ্ট হেতুবাদ দেখিলেও এবং উপপত্তি অতি পরিষ্কার  
হইলেও আপনারদের ভ্রম বঝিতে পারে না কিন্তু তাহার-  
দের মনে যদি এমত প্রবোধ দেও যে তাহারা তোমার  
শাসনে না থাকিয়া স্বোপদিষ্ট হইয়া তর্ক করিতেছে তবে  
ক্রমশঃ তোমার অভীষ্ট ধারাতে চিন্তা করিতে প্রবৃত্ত হইয়া  
আপনারদের অবিদ্যা জ্ঞান হইতে মুক্ত হইবে এবং তোমার

not willing to derive from another; and though it cannot have every thing from itself, yet it would seem at least to mingle something of its own with what it derives elsewhere: therefore, when you have set your sentiment in the fullest light, and proved it in the most effectual manner, an opponent will bring in some frivolous and useless distinction on purpose to change the form of words in the question, and acknowledge that he receives your proposition in such a sense, and in such a manner of expression, though he cannot receive it in your terms and phrases.

To these directions I shall add two remarks in the conclusion of this chapter, which would not so properly fall under the preceding directions.

Remark I. When you have laboured to instruct a person in some controverted truth, and yet he retains some prejudice against it, so that he does not yield to the convincing force of your arguments, you may sometimes have happy success in convincing him of that truth, by setting him to read a weak author, who writes against it. A young reader will find such pleasure in being able to answer the argument of the opposer, that he will drop his former prejudices against the truth, and yield to the power and evidence of your reason. I confess this looks like setting up one prejudice to overthrow another; but, where prejudices cannot be fairly removed by dint of reason the wisest and the best of teachers will sometimes find,

নিজ মত অবলম্বন করিবে । এই রূপে পরের চিন্তা বৃত্তিকে উপলক্ষ করিয়া চিন্তা শাসন করিলে অজ্ঞাতসারেই সে তোমার শাসনানুযায়ী হইবে আর এই প্রকার শাসনে তোমারও বিশেষ কর্ম দক্ষতা প্রকাশ পাইবেক ।

১০ কোন বিষয়ে বিপক্ষবাদের সহিত যদি তোমার মূখ্য অভিপ্রায়ে একা থাকে তবে সে ব্যক্তি সূক্ষ্ম রূপে স্বমত প্রকাশ করে কি না তদ্বিষয়ে অতিশয় ব্যস্ত হইও না কেননা মনুষ্য জাতির মধ্যে অনেকই আত্মাভিমানী হয় সুতরাং পরের নিকট উপদেশ প্রাপ্ত হইতে সম্মত হয় না এবং যদিও আপনারা স্বয়ং আপনারদের সকল বিষয় সিদ্ধ করিতে না পারে তথাপি অন্যের সকাশাৎ যাহা প্রাপ্ত হয় তাহাতে আপনারদের যত্ন মিশ্রিত করিতে বাঞ্ছা করে । অতএব তুমি আপনার মত অতি স্পষ্ট রূপে প্রকাশ করিয়া দৃঢ়তর রূপে সপ্রমাণ করিলেও বিপক্ষবাদী তোমার প্রশ্নে শব্দান্তর যোগ দ্বারা যৎসামান্য প্রভেদ করিতে উদ্যত হইয়া কহিতে পারে যে প্রকারান্তরে তোমার প্রতিজ্ঞা স্বীকার করে কেবল তোমার প্রযুক্ত শব্দ গ্রাহ্য করিতে পারে না । এই পরিচ্ছেদের সমাপ্তি কালে উপরি উক্ত বিষয় ব্যতীত আর দুই কথা বক্তব্য আছে পূর্বোক্ত নিয়মে তাহা উহ্য হয় নাই ।

১ কোন ব্যক্তির সহিত বাদানুবাদ করিয়া তাহাকে কোন বিষয়ে প্রবোধ দিবার নিমিত্ত বহু পরিশ্রম করিলেও যদি তদ্বিষয়ে তাহার কোন দ্বেষ থাকে এবং তন্নিমিত্ত যদি সে ব্যক্তি তোমার তর্ক শক্তি স্বীকার না করে তবে তাহাকে এই বিষয়ের বিরুদ্ধ কোন অধম গ্রন্থ অধ্যয়ন করিতে প্রবৃত্ত করিও তাহাতে কার্যসিদ্ধ হইবে । যুবক পাঠক লোক বিরুদ্ধ-বাদের তর্ক খণ্ডন করিতে সমর্থ হইলে অতিশয় আনন্দী হয় সুতরাং তাহার এই উপায়ে সত্যের বিপক্ষতা ত্যাগ করিয়া

it necessary to make a way for reason and truth to take place by this contrast of prejudices.

Remark II. When our design is to convince a whole family or community of persons of any mistake, and to lead them into any truth, we may justly suppose there are various reigning prejudices among them; and therefore it is not safe to attempt, nor so easy to effect it, by addressing the whole number at once. Such a method has been often found to raise a sudden alarm, and has produced a violent opposition even to the most fair, pious, and useful proposal, so that he who made the motion could never carry his point.

We must therefore first make as sure as we can of the most intelligent and learned, at least the most leading persons amongst them, by addressing them apart prudently, and offering proper reasons, till they are convinced and engaged on the side of truth; and these may with more success apply themselves to others of the same community; yet the original proposer should not neglect to make a distinct application to all the rest, so far as circumstances admit.

Where a thing is to be determined by a number of votes, he should labour to secure a good majority, and then take care that the most proper persons should move and argue the matter in public, lest it be quashed in the very first proposal by some prejudice against the proposer.

So unhappily are our circumstances situated in this

তোমার হেতুবাদের শক্তি এবং প্রামাণ্য স্বীকার করিবে । এই প্রকার করিলে এক কুসংস্কার দ্বারা অন্য কুসংস্কারের নাশ হয় বটে কিন্তু যুক্তি ও হেতুবাদ দ্বারা কুসংস্কারের সম্পূর্ণ রূপে উচ্ছেদ করা অসাধ্য হইলে বিচক্ষণ আচার্য্যেরা পরস্পর বিরুদ্ধ সংস্কারের সহকারে ন্যায় এবং সত্য প্রবল করিতে যত্ন করিয়া থাকেন ।

২ যখন কোন গোষ্ঠী কিম্বা সম্প্রদায়ের সমুদয় লোককে কোন অবিদ্যার সম্বন্ধে প্রবোধ দিয়া সত্য বিষয়ে অবগত করা আমারদের অভিপ্রেত হয় তখন যথার্থতঃ এমত আশঙ্কা করা যাইতে পারে যে তাহারদের মধ্যে নানা প্রকার অবিদ্যা প্রবল আছে অতএব সমর্থি রূপে তাহারদের সকলের নিকট একে কালে বক্তৃতা কবা উচিত নহে তাহা করিলে আমরা কৃতকার্য্য হইতে পারিব না কেননা ঐ রূপে বক্তৃতা করিলে দৈবাৎ সকলের মনে শঙ্কা জন্মিবার সম্ভাবনা, এবং বক্তৃতার বিষয় ধর্ম্ম সঙ্গত ও উত্তম হইলেও তাহাতে ঘোরতর আপত্তি হইবার সম্ভব সূত্রাতঃ যে ব্যক্তি বক্তৃতার প্রসঙ্গ করে সে আপনি তাহা সিদ্ধ করিতে পারে না ।

অতএব উক্ত প্রকার সম্প্রদায়ের লোক মধ্যে অতি বিজ্ঞ এবং বিদ্বান অথচ প্রধান ব্যক্তিদিগের নিকট বিবেচনা পূর্ব্বক প্রথক ২ বক্তৃতা করিয়া এবং তাহারদের মনে সত্যের জ্ঞান এবং সত্য বিষয়ে প্রবৃদ্ধি উৎপাদন নিমিত্ত যথার্থ প্রমাণ বিস্তার করিয়া তাহারদিগকে স্বপক্ষ করা প্রথমতঃ কর্তব্য । ঐ সকল ব্যক্তি প্রবোধিত হইলে তাহারা স্বয়ং স্ব ২ সম্প্রদায়ের অন্যান্য লোককে মুহুর্জে বুঝাইতে পারিবে কিন্তু আদ্য

world, that if truth, and justice, and goodness could put on human forms, and descend from heaven to propose the most divine and useful doctrines, and bring with them the clearest evidence, and publish them at once to a multitude, whose prejudices are engaged against them, the proposal would be vain and fruitless, and would neither convince nor persuade. So necessary is it to join art and dexterity, together with the force of reason, to convince mankind of truth; unless we come furnished with miracles or omnipotence to create a conviction.

## CHAPTER IV.

### OF AUTHORITY, OF THE ABUSE OF IT, AND OF ITS REAL AND PROPER USE AND SERVICE.

\*THE influence, which other persons have upon our opinions, is usually called authority. The power of it is so great, and widely extensive, that there is scarce any person in the world entirely free from the impress-



প্রস্তাব কারকের কর্তব্য যে আপনি স্বেয়োগ ক্রমে সে সকল লোকের নিকট স্বতন্ত্র রূপে নিজ অভিপ্রায় ব্যক্ত করেন ।

যে স্থলে অবিকাংশ লোকের অভিপ্রায়ানুসারে কোন প্রশ্নের মীমাংসা কর্তব্য হয় সে স্থলে প্রশ্নের প্রসঙ্গ কারির কর্তব্য যে অবিকাংশ লোককে নিজ দলস্থ করিতে যত্ন করেন এবং উক্ত ২ লোক যাহাতে অভীষ্ট প্রশ্নের পোষকতা করেন তন্নিমিত্ত তাঁহার সচেতন হওয়া উচিত কেননা পোষকতা কারক ব্যক্তি সভাসদ গণের প্রিয় না হইলে প্রশ্নের উল্লেখ কালেই সকলে তাহা অগ্রাহ্য করিবে ।

সংসারের মধ্যে মনুষ্য জাতি এমত চরবস্থান্বিত যে ন্যায় সত্য এবং সাধুতা যদি স্যাৎ শরীরী হইয়া স্বর্গ হইতে অবতরণ পূর্বক সাধারণের হিতজনক দিব্য উপদেশ বিস্তার করত স্পষ্ট প্রমাণের সহিত প্রকাশ পায় তথাপি তদ্বিষয়ে লোকের বিরোধ থাকিলে তদুপদেশ নিষ্ফল এবং বৃথা হইয়া পড়ে তাহাতে কেহ প্রবোধ কিম্বা সংপ্রবৃত্তি প্রাপ্ত হয় না । অতএব লোকের মনে প্রবোধ প্রদান নিমিত্ত অদ্ভুত ক্রিয়া শক্তি অথবা সর্ব পরাক্রম বিশিষ্ট না হইলে তদ্ব্যবস্থার কারণ তর্ক এবং বাক্য নৈপুণ্য ও কৌশল সকলি ব্যবহার করিতে হয় ।

### ৪ পরিচ্ছেদ ।

প্রভুত্বের বিষয় এবং তৎসম্বন্ধীয় ভদ্রাভদ্র ব্যবহারের প্রসঙ্গ ।

আমাদের মনোবৃত্তির বিষয়ে পরের যে শক্তি তাহাকে প্রভুত্ব কহা যায় । এই প্রভুত্ব এমত ব্যাপক এবং প্রবল যে প্রায় কোন লোক তাহার অনধীন নহে । অতিশয় সতর্কতা পূর্বক পরের মতানুসৃত্তি তাণ করিতে চেষ্টা

ion of it, even after their utmost watchfulness and care to avoid it. Our parents and tutors, yea, our very nurses, determine a multitude of our sentiments; our friends, our neighbours, the custom of the country, where we dwell, and the established opinions of mankind, form our belief: the great, the pious, the learned, and the ancient, the king, the priest, and the philosopher, are characters of mighty efficacy to persuade us to receive what they dictate. These may be ranked under different heads of prejudice; but they are all of a kindred nature, and may be reduced to this one spring or head of authority.

Cicero was well acquainted with the unhappy influences of authority, and complains of it in his first book, *On the Nature of the Deities*: "In disputes and controversies (says he) it is not so much the authors or patrons of any opinion, as the weight and force of argument, which should influence the mind. The authority of those who teach is a frequent hindrance to those who learn, because they utterly neglect to exercise their own judgment, taking for granted whatsoever others, whom they reverence, have judged for them. I can by no means approve, what we learn from the Pythagoreans, that, if any thing asserted in disputation was questioned, they were wont to answer, *Ipse dixit*, that is, *He himself said* so, meaning Pythagoras. So far did prejudice prevail, that authority without reason

করিলেও প্রায় কেহই সম্পূর্ণ রূপে তাহাতে নিরপেক্ষ হইতে পারে না। পিতার গুরুর এবং ধাত্রীর উপদেশ ভুরি ২ বিষয়ে আমারদের মনে সংস্কার বদ্ধ হয়। বন্ধুর এবং প্রতিবাসির অভিমতানুসারে তথা দেশাচার লোকাচার বশতঃ অনেক ২ বিষয়ে আমারদের মানসিক বিশ্বাস হয়। ধার্মিক বিদ্বান প্রধান ও প্রবীণ লোক এবং রাজা ও যাজক ও পণ্ডিত বর্গ ইহারা সহজেই আমারদিগকে স্ব ২ মতানুযায়ী করিতে পারেন। কিন্তু এই প্রকার পর মতানুযায়িতা সংস্কার বহুবিধ হইলেও নিতান্ত প্রভিন্ন নহে একারণে সে সকলকেই প্রভুত্ব জন্য সংস্কার कहा গিয়া থাকে।

প্রভুত্ব প্রযুক্ত যে ২ অশুভ মনোবৃত্তি উৎপন্ন হয় সিসেরো তাহা উত্তম রূপে অবগত হইয়া দেবতারদের প্রকৃতি সম্বন্ধীয় আত্ম গ্রন্থে তদ্বিষয়ে আক্ষেপ করিয়াছেন যথা "তর্ক এবং বিবাদ কালে কোন মতের প্রচারক এবং পোষকের অপেক্ষা না করিয়া বরং তর্কের শক্তিতে মনোযোগ করা উচিত। আচার্য্যের প্রভুত্ব প্রযুক্ত শিষ্যের পক্ষে মহা ব্যাঘাত হইয়া থাকে কেননা তাহারা মান্যবর লোকদিগের অভিমত সত্য রূপে গ্রাহ্য করিয়া আপনারা বিবেচনা মাত্র করে না। পাইথাগোরাস নামা মহা পণ্ডিতের শিষ্যেরদের ব্যবহার কোন ক্রমে আমার মনোগত হয় না, তাহারা তর্কস্থলে কোন বচনে সংশয় প্রকাশ হইলে উত্তর করিতেন আচার্য্য পাইথাগোরাস এই রূপ উক্তি করিয়াছেন। অর্থাৎ পূর্বতন লোকের মনে পাইথাগোরাসের মত এমত সংস্কার বদ্ধ ছিল যে যুক্তিকে অগ্রাহ্য করিয়া কেবল গুরুর বাক্য অবলম্বনে বিবাদ নিষ্পত্তি, এবং সত্য স্থাপন হইত"।

was sufficient to determine disputes, and to establish truth."

All human authority, though it be never so ancient, though it has had universal sovereignty, and swayed all the learned and the vulgar world for some thousands of years, yet has no certain and undoubted claim to truth; nor is it any violation of good manners to enter a protest with due decency against its pretended dominion. What is there among all the sciences that has been longer established and more universally received, ever since the days of Aristotle, and perhaps for ages before he lived, than this, that all heavy bodies whatsoever tend towards the centre of the earth? But Sir Isaac Newton has found that those bulky and weighty bodies, the earth and all the planets, tend toward the centre of the sun, whereby the authority of near three thousand years or more is not only called in question, but actually refuted and renounced.

If we would find out the truth in many cases, we must dare to deviate from the long-beaten track, and venture to think with a just and unbiassed liberty.

Though it be necessary to guard against the evil influences of authority, and prejudices derived thence, because it has introduced thousands of errors and mischiefs into the world, yet there are three eminent and remarkable cases wherein authority, or the sentiments of other persons, must or will determine the judgment and practice of mankind.

মাহুষিক গুরু বাক্য অতি প্রাচীন হইলেও এবং সর্বত্র প্রবল হইয়া সহস্র ২ বৎসর পর্যন্ত বিদ্বান্ অবিদ্বান্ সকল লোকের চিন্তা শাসন করিলেও তাহাকে নিতান্ত এবং নিঃসন্দেহ আশু কঁহা যাইতে পারে না । বিনয় পুরঃসর ঐ বাক্যের বিষয়ে সকলকে সাবধান করিলে অভদ্রতাচরণ হইবে না । মহাপণ্ডিত আরিস্ততিলের সময়াবধি অথবা তৎকালের পূর্ব হইতে যে সকল দার্শনিক বিদ্যা চলিত হইয়া আসিতেছে উক্তাবতের মধ্যে সর্ব প্রসিদ্ধ এবং বহুকাল পর্যন্ত প্রবল এক মত এই যে গুরুতর দ্রব্য মাত্র পৃথিবীর কেন্দ্র দেশে আকৃষ্ট হয় । কিন্তু স্যার আইজেক নিউটন উপপন্ন করিয়াছিলেন যে ভূমি মণ্ডল এবং গ্রহ প্রভৃতি প্রকাণ্ড ও গুরুতর পদার্থ সকল সূর্য্য মণ্ডলের মধ্য দেশে আকৃষ্ট হয় তাহাতেই তিন সহস্র বৎসরাবধি চলিত মতে এক্ষণে কেবল সাধারণের সংশয় জন্মিয়াছে এমত নহে তাহা একেবারে খণ্ডিত এবং সকলের অগ্রাহ্য হইয়া পড়িয়াছে ।

ভূরি ২ বিষয়ে সত্য প্রাণ্ড হইবার নিমিত্ত বহুকালাবধি চলিত পথ পরিত্যাগ পূর্বক নিরপেক্ষ চিন্তে যথার্থ রূপে মানসিক ব্যাপারে প্রবৃত্ত হওয়া আবশ্যক ।

গুরুতর লোকের প্রভুত্ব প্রযুক্ত সংসারের মধ্যে সহস্র ২ অবিদ্যাদি দোষ ঘটিয়া থাকে সুতরাং তাহাতে অনেক অনিষ্ট হয় অতএব সেই সকল অনিষ্ট নিবারণ করা কর্তব্য বটে কিন্তু তিনটী প্রধান বিষয়ে পরের প্রভুত্ব স্বীকার করিয়া তন্মতানুসারে চিন্তা এবং ব্যবহার করা কর্তব্য ।

১ পিতা মাতার কর্তব্য যে স্ব ২ সন্তানের হিতাহিত বিবেচনা করিয়া কি ২ মত বিস্থাস্য এবং কোন্ ২ কার্য্য লোকতঃ

I. Parents are appointed to judge for their children in their younger years, and to instruct them what they should believe, and what they should practise in the civil and religious life. This is a dictate of nature, and doubtless it would have been so in a state of innocence. It is impossible that children should be capable of judging for themselves, before their minds are furnished with a competent number of ideas—before they are acquainted with any principles and rules of just judgment—and before their reason is grown up to any degrees of maturity and proper exercises upon such subjects.

I will not say, that a child ought to believe nonsense and impossibility, because his father bids him; for so far as the impossibility appears, he cannot believe it; nor will I say, he ought to assent to all the false opinions of his parents, or to practise idolatry and murder, or mischief, at their command; yet a child knows not any better way, to find out what he should believe and what he should practise, before he can possibly judge for himself, than to run to his parents and receive their sentiments and their directions.

It is hard to say, at what exact time of life the child is exempted from the sovereignty of parental dictates. Perhaps it is much juster to suppose that this sovereignty diminishes by degrees! as the child grows in understanding and capacity, and is more capable of exert-

ধর্মতঃ কর্তব্য এত বিষয়ে তাহারদিগকে বাল্যাবস্থাবধি শিক্ষা দেন। এই কর্ম স্বভাবসিদ্ধও বটে এবং মনুষ্য জাতির নির্দোষাবস্থা থাকিলে ইহা অবশ্য সঙ্গতও বোধ হয়। বালকেরদের জ্ঞান না জন্মিলে এবং তাহারা যথার্থ বিবেচনার কোন নিয়ম বা সূত্র হৃদয়ঙ্গম করিতে সমর্থ না হইলে আর মনের মধ্যে কোন বিষয় প্রকৃত রূপে অল্পধাবন করণার্থ তাহারদের বুদ্ধির পক্বতা না হইলে উত্তম রূপ বিচার ক্ষমতা কখন হয় না।

বালকেরা পিতৃ আজ্ঞা প্রযুক্ত নিতান্ত অযুক্ত এবং অসম্ভব বিষয়ে বিশ্বাস করিবে ইহা আমার অভিমত নহে, কেননা অসম্ভব বিষয়ে বিশ্বাস হওয়া কঠিন। অপর আমার ইহাও অভিপ্রায় নহে যে তাহারা পিতার মিথ্যা মত সকলই গ্রহণ করে অথবা তাঁহার শাসনের প্রতিমা পূজা নরহত্যা কিম্বা অন্য কোন দুষ্ট ক্রিয়াতে রত হয়। কিন্তু বালকেরদের স্ব ২ বুদ্ধির পক্বতা হইবার পূর্বে কিং বিষয় বিশ্বাস করা উচিত অথবা কি রূপ আচরণ করা বিহিত ইত্যাদি অবগত হইবার নিমিত্ত অবশ্য তাহাদের পিতা মাতার নিকটে যাওয়া উচিত।

কত বৎসর বয়ঃক্রমে বালকেরা পিতৃ শাসন হইতে মুক্ত হয় তাহা সূক্ষ্ম রূপে নির্ণয় করা সহজ নহে। বয়ঃপ্রাপ্ত হইবার বর্ষ ও মাস গণনা করণাপেক্ষা ইহা অল্পমান করা পরামর্শ সিদ্ধ যে বালকের বুদ্ধির পক্বতা ও ব্যুৎপত্তি হইলে এবং বিবেচনা শক্তি জন্মিলে পিতৃ শাসনের অবমান হওয়া উচিত।

বাল্য এবং যৌবনের শেষ হইলে যখন বিবেচনা ও বুদ্ধির পরিপক্বতা হয় তখন ঐহিক পারত্রিক সকল বিষয়ে স্ব ২ মতের

ing his own intellectual powers, than to limit this matter by months and years.

• When childhood and youth are so far expired, that the reasoning faculties are grown up to any just measure of maturity, it is certain that persons ought to begin to inquire into the reasons of their own faith and practice in all the affairs of life and religion; but as reason does not arrive at this power and self-sufficiency in any single moment of time, so there is no single moment when a child should at once cast off all its former beliefs and practices; but, by degrees, and in slow succession, he should examine them, as opportunity and advantage offer; and either confirm, or doubt of, or change them, according to the leading of conscience and reason, with all its advantages of information.

When we are arrived at manly age, there is no person on earth, nor set nor society of men whatsoever, that have power and authority given them by God, the Creator and Governor of the world, absolutely to dictate to others their opinions or practices in moral and religious life. God has given every man reason to judge for himself, in higher or lower degrees. Where less is given, less will be required. But we are justly chargeable with criminal sloth, and misimprovement of the talents with which our Creator has intrusted us, if we take all things for granted which



এবং কার্যের বিচার করিতে উপক্রম করা উচিত কিন্তু বুদ্ধির পকতা জন্মিবার কোন বিশেষ মুহূর্ত্ত নির্দিষ্ট নাই সুতরাং এমত কোন কালও নির্দিষ্ট করা যায় না যে তৎ-কালে পূর্ব সংস্কার সকল একেবারে ত্যাগ করা যাইবে অতএব অবকাশ এবং সুযোগ মতে ক্রমশঃ পরীক্ষা করা কর্তব্য এবং জ্ঞান লাভ করিবার সুযোগ হইলে বুদ্ধি এবং বিবেকানুসারে তাহার দার্ঢ়্য অথবা তাহাতে সংশয় ক্লিষ্টা তাহা পরিহার করা উচিত ।

পৃথিবীস্থ কোন লোকের কিম্বা সম্প্রদায়ের প্রতি ঈশ্বর দত্ত এমত অধিকার নাই যে তত্ত্ব জিজ্ঞাসু ব্যক্তি বয়ঃপ্রাপ্ত হইলেও ঐহিক বা পারত্রিক বিষয়ে বল দ্বারা পরের মত এবং কার্যের শাসন করিতে পারেন । পরমেশ্বর সকল লোককে বিবেক শক্তি দিয়াছেন তাহাতে সকলেই স্ব স্ব বিষয়ে এক প্রকারে বিবেচনা করিতে পারেন । যদিও বিবেক শক্তি উত্তম না হইলে সবিবেচনার অপেক্ষা করা যায় না তথাচ পরের কথা প্রমাণ সকল বিষয় গ্রহণ করিলে এবং উপযুক্ত পরীক্ষা ব্যতীত পরের অভিমতানুসারে সকল তত্ত্ব এবং কার্য স্বীকার করিলে আমরা যথার্থ রূপে অলস বলিয়া স্থষ্টিকর্ত্তা পরমেশ্বর দত্ত অন্তরীন্দ্রিয়ের উপেক্ষাকারি নামে নির্দিত হইব ।

২ ইতিবৃত্ত বিষয়ে পরের অভিপ্রায়ানুসারে আমারদের মত নিষ্পত্তি করা উচিত । এই প্রকরণে অন্যের বাক্য এবং বর্ণনা দ্বারা আপনাদের মতের মীমাংসা করিলে হানি

others assert, and believe and practise all things which they dictate, without due examination.

II. Another case, wherein authority must govern our assent, is in many matters of fact. Here we may and ought to be determined by the declarations or narratives of other men; though I confess this is usually called testimony rather than authority. It is upon this foot, that every son or daughter among mankind are required to believe that such and such persons are their parents; for they can never be informed of it, but by the dictates of others. It is by testimony that we are to believe the laws of our country, and to pay all proper deference to the prince, and to magistrates in subordinate degrees of authority, though we did not actually see them chosen, crowned, or invested with their title and character. It is by testimony that we are necessitated to believe there is such a city as Canterbury or York, though perhaps we have never been at either.

The authority or testimony of men, if they are wise and honest, if they had full opportunities and capacities of knowing the truth, and are free from all suspicion of deceit in relation to it, ought to sway our assent; especially when multitudes concur in the same testimony, and when there are many other attending circumstances, which raise the proposition which they dictate to the degree of moral certainty.

But, in this very case, even in matters of fact and

নাই কিন্তু এই প্রকার মত নিষ্পত্তিকে প্রতুচ্ছ না করিয়া শব্দ প্রমাণ কথা কর্তব্য । এই প্রমাণ দ্বারা প্রত্যেক ব্যক্তি আপন জনক জননীর পরিচয় প্রাপ্ত হয় কেননা তাহার পরের সাক্ষ্য ব্যতিরেকে স্বয়ং ঐ বিষয়ের জ্ঞান লাভ করিতে পারে না । আমরা শব্দ প্রমাণ দ্বারা স্বদেশীয় ব্যবস্থার পরিচয় পাই এবং রাজা প্রাদিবাৎ ও অন্যান্য রাজ পুরুষ-দিগকে স্ব ২ পদে অভিষিক্ত হইতে স্বচক্ষে না দেখিয়াও উপযুক্ত রূপে সম্মুখ করি । শব্দ প্রমাণ দ্বারা কেণ্টবরী ইয়ক প্রভৃতি নগরে গমন না করিয়াও তাহাতে বিশ্বাস করি ।

মূলেখক ব্যক্তি আপনার মত বাহুল্য রূপে বিস্তার করিয়া ভূততর হেতুবাদ দ্বারা সপ্রমাণ করিলেও বিপক্ষ দলস্থ কেহ তাঁহার বিরুদ্ধে উক্তি করিতে পারেন । অপর বিপক্ষ দলস্থ লেখক বুদ্ধিমান এবং বিচক্ষণ হইলে তাহার মত খণ্ডন নিমিত্ত উক্ত ২ যুক্তি ও হেতুবাদ বিস্তার করিবেন অর্থাৎ তাঁহার মনে যাহা ভ্রম বোধ হয় তাহা নষ্ট করিবার নিমিত্ত তদ্বিরুদ্ধ হেতুবাদের শ্রেণী বন্ধ করিবেন । প্রথম লেখক পূর্ব পক্ষের তর্ক আশঙ্কা করিয়া তাহার যে রূপ বর্ণনা করিয়াছেন দ্বিতীয় লেখক সেই সকল তর্ক আরও স্পষ্ট রূপে বিস্তার করিয়া প্রবল করিতে পারিবেন ।

দ্বিতীয় লেখকের জ্ঞাপ প্রকাশ করিয়া দিয়া প্রথম লেখক যদি পুনর্বার যত্ন এবং সাবধান পূর্বক উত্তর করত উক্তম রূপে স্বমত রক্ষা করেন তবে পাঠকবর্গ অমুমান করিতে পারিবেন যে ঐ ত্রিবিধ রচনাতে বিবাদীয় বিষয়ের সমুদয় অঙ্গ উক্ত হইয়াছে এবং উভয় পক্ষের যে ২ তর্ক অতি প্রবল তাহার নিরবশেষ হইয়াছে ।

অপর ঐ তিন রচনার পরেও যদি চতুর্থ পক্ষম কিম্বা ষষ্ঠ বার উত্তর প্রত্যুত্তর হয় তবে তাহাতে আর কোন নূতন কথার প্রত্যাশা করিতে পারা যায় না, এবং

ably expect any great degrees of light to be derived from them, or that much further evidence for truth should be found in them; and it is sufficiently evident from daily experience that many mischiefs attend this prolongation of controversies among men of learning, which, for the most part, do injury to the truth, either by turning the attention of the reader quite away from the original point to other matters, or by covering the truth with a multitude of occasional incidents and perplexities, which serve to bewilder rather than guide a faithful inquirer.

Sometimes, in these latter volumes, the writers on both sides will hang upon little words and occasional expressions of their opponent, in order to expose them, which have no necessary connection with the grand point in view, and which have nothing to do with the debated truth.

Sometimes they will spend many a page in vindicating their own character, or their own little sentences or accidental expressions, from the remarks of their opponent, in which expressions or remarks the original truth has no concern.

And sometimes again you shall find even writers of good sense, who have happened to express themselves in an improper and indefensible manner, led away by the fondness of self love to justify those expressions, and vindicate those little lapses they were guilty of, rather than condescend to correct those little mistakes,



সত্যের বিষয়েও কোন প্রমাণ প্রাপ্ত হইবার সম্ভাবনা থাকে না। অপিচ সংসারের মধ্যে প্রাত্যহিক ব্যাপার দেখিয়া আমরা নিশ্চয় জানিতেছি যে বিদ্বান্ লোক ঐ রূপ তর্ক করিলে অনেক অনিষ্ট হয় এবং সত্য জ্ঞান সঞ্চারে প্রায় সর্বদা ব্যাঘাত জন্মে। ফলতঃ এই রূপে মূল প্রস্তাব হইতে পাঠক-বর্গেরও মনোযোগ অন্যান্য বিষয়ে আকর্ষিত হয় অথবা ভূরি ২ নৈমিত্তিক ঘটনা এবং গোলযোগে সত্যের প্রভা আবৃত হইয়া পড়ে সুতরাং তাহাতে তত্ত্ব জিজ্ঞাসু ব্যক্তির উপকার না হইয়া বরং মতিভ্রম হইবার সম্ভাবনা হয়।

বারম্বার উত্তর প্রত্যুত্তর হইলে অবশেষে উভয় দলই লোকেদের স্ব ২ বিপক্ষবাদের আকস্মিক শব্দ দোষ পাইবা মাত্র সে দোষ প্রকাশ করণানন্তর তদ্বিষয়েই বাগাড়ম্বর করিবেন অথচ সে সকল শব্দ দোষে তর্কের মূল প্রস্তাবে অথবা বিবাদীয় বিষয়ে কোন হানি হয় না।

কখন ২ তর্কিকেরা স্ব ২ বিপক্ষ দলের গ্লোষ বাক্যের উত্তরে মূল তত্ত্বের অসঙ্গ ত্যাগ করিয়া আপনারদের ব্যবহার অথবা ক্ষুদ্র পদ কিম্বা আকস্মিক শব্দ রক্ষা নিমিত্ত ব্যগ্র হইয়া দীর্ঘ রচনা করিবেন।

কখন ২ সুবুদ্ধি লেখকেরাও দৈবাৎ অববেচনা পূর্বক কোন অসঙ্গত উক্তি করিলে আত্মাভিমান প্রযুক্ত সেই সকল উক্তির পোষকতা করিতে প্রবৃত্তি হইবেন এবং আপনারদের ক্ষুদ্র ২ দোষ ত্যাগ অথবা অসঙ্গত উক্তির শোধন না করিয়া বরং তাহার সপৃষ্ঠতা করিবেন। যাহা হউক। সত্যের আলোচনা কালে আমরা যদি অহঙ্কার,

or recall those improper expressions. Oh that we would put off our pride, our self-sufficiency, and our infallibility, when we enter into a debate of truth. But, if the writer is guilty of mingling these things with his grand argument, happy will that reader be who has judgment enough to distinguish them, and to neglect every thing that does not belong to the original theme proposed and disputed.

Yet here it may be proper to put in one exception to this general observation or remark—namely, when the second writer attacks only a particular or collateral opinion which was maintained by the first, then the fourth writing may be supposed to contain a necessary part of the complete force of the argument, as well as the second and third, because the first writing only occasionally or collaterally mentioned that sentiment which the second attacks and opposes; and in such a case the second may be esteemed as the first treatise on that controversy. It would take up too much time to mention instances of this kind, which might be pointed to in most of our controversial writers, and it might be invidious to enter into the detail.

WHEN we take a book into our hands, in which any doctrine or opinion is printed in a way of argument, we are too often satisfied and determined before hand, whether it be right or wrong; and, if we are on the writer's side, we are generally tempted to take

আত্মশ্লাঘা এবং অজ্ঞানতার অভিমান ত্যাগ করিতে পারি তবেই আমারদের মঙ্গল সম্ভাবনা । এবং যদি কোন গ্রন্থকার অহঙ্কারাদি চিত্ত বৃত্তি আপনার তর্কেতে মিশ্রিত করনে তবে যে ব্যক্তি বিবেচনা পূর্বক বিবাদীয় মূল প্রস্তাবের অসংলগ্ন কথা প্রথক করিয়া তাহাতে উপেক্ষা করিতে পারেন তিনিই শুভ পাঠক ।

এ স্থলে উক্ত সাধারণ নিয়মের একটি ব্যাবৃত্তি বর্ণিত হইবে । পূর্বাগর পক্ষীয় দুই লেখকের মধ্যে দ্বিতীয় লেখক যদি প্রথম লেখকের প্রসঙ্গতঃ উক্ত কোন মতের খণ্ডন করেন তবে তৃতীয় এবং তৃতীয়ের ন্যায় চতুর্থ উত্তরে তর্কের কোন মুখ্য অঙ্গ থাকিতে পারে কেননা দ্বিতীয় উত্তরে খণ্ডিত মত প্রথম পুস্তকে কেবল প্রসঙ্গতঃ উক্ত হয় সুতরাং সেই মত বিষয়ক বিবাদ দ্বিতীয় প্রবন্ধেতে প্রথমতঃ উক্ত থাকে । এই প্রকার তর্কের ছফ্টান্ত বর্ণনা করিতে গেলে কালের বাহুল্য হইবে, বিবাদ বিষয়ক গ্রন্থ রচকদিগের মধ্যে এই প্রকার তর্কের অনেক ছফ্টান্ত আছে কিন্তু উদ্দেশ্যের বিস্তারিত বর্ণনা করা পরামর্শ সিদ্ধ নহে ।

যখন কেহ কোন মত পোষক তর্ক সম্বলিত গ্রন্থ অধ্যয়ন করিতে উপক্রম করেন তখন সে মত সভ্য কি মিথ্যা তাহা গ্রন্থ অধ্যয়ন করিবার পূর্বেই মনে ২ স্থির করেন । অপর পাঠক যদি গ্রন্থকারের মতানুযায়ী হয়েন তবে তাহার তর্ককে ছট এবং যুক্তি সঙ্গত জ্ঞান করিতে অমুরাগী

his arguments for solid and substantial. Thus our own former sentiment is established more powerfully, without a sincere search after truth.

If we are on the other side of the question, we then take it for granted that there is nothing of force in these arguments, and we are satisfied with a short survey of the book, and are soon persuaded to pronounce mistake, weakness, and insufficiency concerning it. Multitudes of common readers, who are fallen into any error, when they are directed and advised to read a treatise that would set them right, read it with a sort of disgust which they have before entertained; they skim lightly over the arguments, they neglect or despise the force of them, and keep their own conclusion firm in their assent, and thus maintain their error in the midst of light, and grow incapable of conviction.

But, if we would indeed act like sincere searchers for the truth, we should survey every argument with a careful and unbiassed mind, whether it agree with our former opinion or no; we should give every reasoning its full force, and weigh it in our sedatest judgment. Now the best way to try what force there is in the arguments which are brought against our own opinions, is to sit down and endeavour to give a solid answer, one by one, to every argument that the author brings to support his own doctrine. In this attempt, if we find some arguments which we are not able to answer

হইবেন স্মৃতরাং আমরা সরলান্তঃকরণে সত্যের অন্বেষণ না করিলেও আমাদের আপনার আদ্য সংস্কার পূর্বাপেক্ষা দৃঢ় হইবেক ।

যদি আমারদের মত গ্রন্থকারের বিরুদ্ধ হয় তবে আমরা একেবারে নিশ্চয় করিব যে তাঁহার তর্কে যুক্তি বল মাত্র নাই এবং গ্রন্থে যৎকিঞ্চিৎ দৃষ্টি করিয়াই দ্বারা গ্রন্থকারের প্রতি অবিদ্যা, ক্ষীণতা, অক্ষমতা প্রভৃতি দোষারোপ করিব । ভূরি ২ সামান্য পাঠক কোন প্রকার ভ্রম জালে বদ্ধ হইয়া সেই ভ্রম নাশক কোন গ্রন্থ অধ্যয়ন করিতে অনুরুদ্ধ হইলে বিরাগ পূর্বক পাঠ করিয়া থাকে । তাহারা গ্রন্থান্তর্গত তর্কে সংক্ষেপ দৃষ্টি করিয়া তদ্বিষয়ক যুক্তিবাদের উপেক্ষা করে এবং দৃঢ় রূপে স্বমত ধারণ করত, দীপ্তি সন্নিধানেই অবিদ্যা রক্ষা করিয়া অবশেষে আর হেতুবাদের শাসন মান্য করে না ।

কিন্তু যথার্থ সত্যান্বেষির ন্যায় ব্যবহার করিতে হইলে গ্রন্থ আমারদের মতানুযায়ি হউক বা না হউক সাবধান পূর্বক নিরপেক্ষ চিন্তে তাহার প্রত্যেক তর্ক পরীক্ষা করিয়া দেখা উচিত । আর প্রত্যেক হেতুবাদের সম্পূর্ণ বল স্বীকার করিয়া স্থির মনে তাহার বিবেচনা করাও কর্তব্য । আমারদের মতের বিরুদ্ধ হেতুবাদের বল কি প্রকার তাহা পরীক্ষা করিবার প্রকৃত ধারা এই, অর্থাৎ গ্রন্থকারের স্বমত পোষক প্রত্যেক হেতুবাদে একে ২ যুক্তি সঙ্গত উত্তর প্রদানে মনঃস্থৈর্য্য পূর্বক যত্ন করিতে হয় । অপর এই প্রকার যত্ন করিলেও যদি আমরা মনস্তর্ষি পূর্বক কোন হেতুবাদের উত্তর করিতে না পারি তবে মনে ২ এমত সংশয় করা কর্তব্য যে

fairly to our own minds, we should then begin to be-  
think ourselves whether we have not hitherto been in  
a mistake, and whether the defender of the contrary  
sentiments may not be in the right. Such a method  
as this will effectually forbid us to pronounce at once  
against those doctrines and those writers, which are  
contrary to our sentiments; and we shall endeavour to  
find solid arguments to refute their positions, before  
we entirely establish ourselves in a contrary opinion.

---

যুক্তি আমাদের মতিভ্রম হইয়া থাকিবে এবং বিপক্ষ দলের  
রক্ষকই যথার্থ বাদী হইবেন । এই রূপ আলোচনা করিলে  
বিরুদ্ধবাদির এবং বিরুদ্ধ মতের বিপক্ষে উক্তি করিতে  
আমরা সঙ্কুচিত হইব এবং বিরুদ্ধ মত সম্পূর্ণ রূপে হৃদয়ঙ্গম  
করিবার পূর্বে তাহারদের উক্তি খণ্ডনार्थ ছড়তর হেতুবাদ  
করিতেও যত্ন করিব না ।

---

## APPENDIX.

As the improvement of the mind by the acquisition and communication of knowledge is the subject treated of, in this and the preceding numbers of our series, we shall embrace this opportunity of making a few remarks on the cultivation of the Bengali, which is the vernacular language of this province: since on the right use of their own language must depend in a great measure the improvement of the native population.

It is gratifying to observe that the Bengali language is not now treated with the contempt and indifference which English scholars once affected to manifest toward it. It is high time therefore for Bengali writers and readers to attempt the solution of certain problems which have long puzzled those who are desirous of cultivating their vernacular tongue.

The questions to which we wish to direct attention are the following.

1st. Is a knowledge of Sanscrit absolutely necessary for acquiring a critical knowledge of Bengali?

2nd. How far should Sanscrit words and phrases, which are not generally understood, except by Sanscrit scholars, be adopted in the Bengali language?



## পরিশেষ ।

বিদ্যোপার্জন এবং বিদ্যা প্রচারণ দ্বারা মানসিক সংস্কার শোধন যে প্রকারে হয় এই কাণ্ডে এবং ইহার পূর্ব কাণ্ডে তাহা বর্ণিত হইয়াছে । অতএব এ স্থলে এতদ্দেশে চলিত বঙ্গ ভাষানুশীলন বিষয়ে যৎকিঞ্চিৎ উক্তি করা উচিত কেননা বঙ্গ ভাষানুশীলনের সুধারা না হইলে এতদ্দেশীয় জনগণের মানস সংস্কার শোধনের সম্ভাবনা নাই ।

ইংলণ্ডীয় ভাষায় ব্যুৎপন্ন লোকেরা পূর্বে বঙ্গ ভাষার প্রতি যে অনাদর এবং অশ্রদ্ধা প্রকাশ করিতেন এক্ষণে তাহা রহিত হইয়াছে ইহা মহা আনন্দের বিষয় । পরন্তু সম্প্রতি বঙ্গীয় পাঠক এবং রচকগণের কর্তব্য যে বঙ্গ ভাষানুশীলনে রত লোকেরা বহু কালাবধি যে ২ প্রশ্নের মীমাংসায় অক্ষম হইয়া গোলচক্রে পতিত আছেন তাহার নিষ্পত্তি করিতে চেষ্টা করেন ।

আমরা সম্প্রতি পাঠকবর্গকে নিম্ন লিখিত প্রশ্নে মনোযোগ করিতে অনুরোধ করিব ।

১ বঙ্গ ভাষায় সমীচীনা ব্যুৎপত্তি প্রাপ্তির নিমিত্ত সংস্কৃত ভাষার আলোচনা নিতান্ত প্রয়োজনীয় কি না?

২ সংস্কৃত ভাষাজ্ঞ পণ্ডিত ব্যতীত অন্যের অবিদিত সংস্কৃত শব্দ এবং পদ বঙ্গ ভাষায় কত দূর পর্য্যন্ত প্রয়োগ করা উচিত? ।

3rd. How far should foreign words and idioms be introduced into the Bengali language?

4th. Should the general rule of Bengali composition be to raise it above the popular standard, or should it be gradually brought down to the level of the dialect which is actually spoken?

5th. Should an author study accuracy, ease, and perspicuity, more than mere elegance of style?

1. It is commonly believed that a knowledge of Sanscrit is absolutely necessary for the study of the Bengali language. The principal reason, adduced for this opinion, is that without a knowledge of Sanscrit Grammar it is impossible to understand the Etymology and right spelling of Bengali words. People take for granted that the Bengali grammar can never sufficiently teach its Orthography and Etymology. It is also alledged that, since the present state of the Bengali language requires constantly the invention of new words and phrases, none but a Sanscrit scholar can safely undertake this task.

The above reasons will appear cogent, if we consider the Bengali Grammars and Dictionaries now in use, and the sort of Bengali Scholarship we meet with in persons who know not Sanscrit. The Grammars are certainly meagre. The Dictionaries are no better. Persons affect Bengali scholarship, if they can only spell their names, without giving any proof

৩ বঙ্গ ভাষায় বিদেশীয় শব্দ এবং পদ কত দূর পর্য্যন্ত প্রয়োগ করা উচিত ? ।

৪ বঙ্গ ভাষায় কি চলিত ধারা অতিক্রম করিয়া রচনা করা কর্তব্য, অথবা সামান্য কথোপকথনের রীতানুসারে রচনা করাই উচিত ? ।

৫ শুদ্ধ স্পষ্ট এবং পরিষ্কার রূপে তাৎপর্য্য প্রকাশ করা গ্রন্থকারের উচিত, কিম্বা রচনার মাধুর্য্য এবং অলঙ্কারার্থ যত্ন করা কর্তব্য ? ।

১ লোকে সামান্যতঃ মনে করিয়া থাকেন যে বঙ্গ ভাষার অনুশীলনার্থ সংস্কৃত ভাষায় ব্যুৎপন্ন হওয়া নিতান্ত আবশ্যিক । এই প্রকার মতের মূল কারণ এই যে সংস্কৃত ব্যাকরণে ব্যুৎপত্তি না জন্মিলে বাঙ্গলা শব্দের সাধন ও বর্ণ জ্ঞান জন্মে না । অধিকংশ লোকে মনে করিয়া থাকেন যে গোড়ীয় ব্যাকরণ অধ্যয়ন করিলে শব্দ সাধন এবং বর্ণ জ্ঞান যথেষ্ট রূপে হয় না । তাঁহারা আরো কহেন যে সম্প্রতি বঙ্গ ভাষায় নূতন শব্দ এবং পদের সৃষ্টি করা আবশ্যিক হয় অতএব সংস্কৃত ভাষায় ব্যুৎপন্ন না হইলে ঐ সকল কার্য্যে নিপুণত অসম্ভব হয় ।

এক্ষণে যে ২ ব্যাকরণ এবং অভিধান চলিত আছে তাহাতে ত্রুটি করিলে এবং সংস্কৃত ভাষায় জ্ঞান না থাকিলে বাঙ্গলা ভাষায় যে প্রকার পাণ্ডিত্য দেখা যায় তাহাও স্মরণ করিলে উক্ত হেতুবাদ নির্দোষ বোধ হইবে । চলিত ব্যাকরণ সকল অতিশয় সঙ্কীর্ণ এবং অভিধানও তাৎক্ষণিক অধম বটে আর লোকে আপনারদের নাম শুদ্ধ রূপে নিবন্ধাক্ষর করিতে পারিলেই মনে করে আমরা ব্যুৎপন্ন

that they can write a single sentence correctly, unprompted by a pundit.

These facts would certainly lead us toward the belief that a knowledge of Sanscrit is necessary for an accurate acquaintance with Bengali. But, though good Bengali Grammars and Dictionaries are not now in existence, they are not beyond the range of possibility. Neither is it impossible to imagine a system of Bengali tuition under which Orthography and Etymology may be accurately learned. A time may also be looked for, when inventions of new Sanscrit words will be no longer constantly necessary in Bengali, and when half-informed scholars will be deterred from affecting what they do not possess, by the consciousness that greater knowledge than they have is familiar to a considerable number of those whom they may chance to meet in the daily intercourse of society.

The formation of the English language may be here adverted to, in illustration of the foregoing observations. There was a time when English authors found it as difficult to express a variety of thoughts in their vernacular dialect, as Bengali writers now do in theirs. How then was the English language improved? Not by being perpetually dealt with as a dependant on Latin or Greek or French—but by being gradually treated as an independent language—having its own Grammar and its own Vocabulary, though

হইলাম, কিন্তু পণ্ডিতের উপদেশ ব্যতীত একটা পদও শুদ্ধ  
রূপে রচনা করিতে পারে কি না তাহা বিবেচনা করে না ।

এই ব্যাপার দেখিয়া আপাততঃ এমত অনুভব হয় বটে  
যে সংস্কৃত ভাষায় ব্যুৎপন্ন না হইলে বঙ্গ ভাষা শুদ্ধ  
রূপে জানা যায় না । কিন্তু যদিও এক্ষণে উত্তম গোড়ীয়  
ব্যাকরণ এবং অভিধানের অভাব আছে বটে তথাপি  
তাহার রচনা নিতান্ত সাধ্যাতীত নহে । এবং বঙ্গ ভাষায়  
এমত সুশিক্ষার নিয়মও অসাধ্য নহে যদ্বারা শুদ্ধ রূপে  
বর্ণ এবং শব্দ জ্ঞান বিস্তৃত হইতে পারে । বঙ্গ ভাষার  
উপযুক্ত রূপ অনুশীলন হইলে বারম্বার স্মৃতি ২ সংস্কৃত  
শব্দ স্মৃতি করিবার প্রয়োজন থাকিবে না এবং ভূরি ২  
লোকের ব্যুৎপত্তি জন্মিলে, অনতিদূর ব্যক্তির মিথ্যা পাণ্ডিত্য-  
ভিমান করিতে সঙ্কুচিত হইবেন কেননা তাঁহারা মনে ২  
বুঝিবেন যে তাহারদের অপেক্ষা ভূরি ২ লোক অধিক  
পণ্ডিত আছে ।

ইংলণ্ডীয় ভাষার বৃদ্ধিতে উক্ত বাক্যের উদাহরণ দেখা  
যাইতেছে । এক কালে ইংলণ্ডীয় ভাষার এমত দূরবস্থা  
ছিল যে ইংলণ্ডীয় গ্রন্থকাবেরা অম্মদাদির ন্যায় স্বদেশীয়  
চলিত ভাষাতে বিবিধ ভাব ব্যক্ত করিতে অসমর্থ হইতেন ।  
যদি বল তবে পরে ইংলণ্ডীয় ভাষার এতাদৃশ বৃদ্ধি কি  
রূপে হয়? উত্তর, ল্যাটিন কিম্বা গ্রীক অথবা ফ্রেন্স ভাষার  
চির সহচরী রূপে গণ্য হওয়াতে তাহা হয় নাই, কিন্তু স্নতঙ্গ  
ব্যাকরণ এবং অভিধান সংযুক্ত মূল ভাষা রূপে ক্রমশঃ  
গণ্য হওয়াতেই তাহা হয় । যদিও তাহার আভিধানিক  
শব্দের অধিকাংশ অগ্ণ্য ভাষা হইতে উৎপন্ন তথাপি

most of the contents of that Vocabulary were derived from other sources. For a long time none was esteemed in England even an ordinary scholar, without a knowledge of Latin or Greek ; to this day an acquaintance with the classics is necessary to establish great literary reputation. But the language is now become one of the richest and most copious in the world. It possesses an inexhaustible treasury of its own which the reader can unceasingly enjoy without directing his attention to Latin or Greek ; and this extraordinary change was effected within little more than one hundred years ; reckoning from the death of Lydgate in 1461 to the birth of Shakespeare in 1564.

Similar may be the case with the Bengali. Its teachers and leaders may require a knowledge of Sanscrit for communicating its elements with greater facility. But it is possible for a body of sagacious leaders, acquainted no less with the genius of their own language, than with the general principles of philology, so to inculcate it as to give it an independent position in the republic of letters, and dispense with the necessity of studying Sanscrit except as an accomplishment.

We are far from depreciating the excellencies of the Sanscrit. It is in some respects a wonderful language. Its gigantic compounds, its diversified and harmonious versification, its poetic capacities, its sublime and pithy descriptions deserve to be ranked every where among objects of literary curiosity. Their

তাহা স্বতন্ত্র রূপে গণ্য হওয়াতে বৃদ্ধি হইয়াছে । ইংলণ্ড দেশে বহু কালাবধি ল্যাটিন কিম্বা গ্রীক ভাষায় ব্যুৎপত্তি না জন্মিলে কেহই পণ্ডিত রূপে গণ্য হইত না এবং অদ্যাবধি বিশেষ পাণ্ডিত্য জন্য যশোভাজন হওনার্থ ঐ ২ ভাষায় পরিচয়ের অপেক্ষা আছে । কিন্তু ইংলণ্ডীয় ভাষা এক্ষণে নানা জাতীয় ভাষার মধ্যে অত্যাধিকৃষ্ট এবং বিবিধ ভাব প্রকাশকন বলিয়া মান্য হইয়াছে । ইংলণ্ডীয় ভাষায় সম্প্রতি অপরিমিত বিদ্যা রত্ন আছে পাঠকবর্গ ল্যাটিন কিম্বা গ্রীক ভাষানুশীলন না করিয়াও অবিরত ঐ রত্ন ভোগ করিতে পারে । ১৪৩১ শাকে লিড্‌গেটের মৃত্যু হয় এবং ১৫৬৪ শাকে সেক্সপিয়রের জন্ম হয় তাহার মধ্যে এক শত বৎসরের কিঞ্চিৎ অধিক কাল যাপিত হয় সেই কালের মধ্যেই ইংলণ্ডীয় ভাষার ঐ রূপ উন্নতি হইয়াছিল ।

বঙ্গীয় ভাষার বৃদ্ধিও ঐ রূপে হইতে পারে । সহজে অধ্যাপনা করণার্থ গোড়ীয় পণ্ডিত এবং অধ্যাপকগণের পক্ষে সংস্কৃত শিক্ষা করা আবশ্যিক হয় বটে কিন্তু কতিপয় সুক্ষ্ম দর্শী পণ্ডিত নিজ ভাষার মর্ম্ম এবং নানা দেশীয় শব্দের নিয়ম উত্তম রূপে অবগত হইলে এমনতর কৌশল পূর্ব্বক অধ্যাপনা করিতে পারিবেন যে গোড়ীয় ভাষা স্বতন্ত্র পদ প্রাপ্ত হইবে এবং ছাত্রের পক্ষে সংস্কৃত শিক্ষা আর আবশ্যিক হইবে না । তখন সংস্কৃত শিক্ষা কেবল পাণ্ডিত্যের শোভার্থ প্রয়োজন হইবে ।

পাঠকবর্গ এত মনে করিবেন না যে আমরা সংস্কৃত ভাষার গুণ গ্রহণে অসম্মত । কোন ২ প্রকরণে সংস্কৃত

claims to the attention of Indian scholars are enhanced still more by the consideration that Sanscrit was the language in which Vyas, Menu, Kalidasa, and other Indian luminaries of yore clothed the inventions of their mighty genius.

2. Our second question is how far should Sanscrit words and phrases, which are not generally understood except by Sanscrit scholars, be adopted in the Bengal language? Before answering this question we will request attention to the fact that the Sanscrit is principally a language of poetry. It does not appear to have ever been a spoken language. A scholar would find it easier to compose a whole poem, than represent the accounts of a common tradesman in it. If dramas be any index of manners and customs, we should conclude that the Sanscrit was spoken by scholars, and the Prakrita by women and servants. The Sanscrit is in fact ill adapted for popular composition in prose. It is ill suited for such writings as are free from romance, or are intended to communicate exact truths to unprofessional men by means of accurate and easily intelligible words. It is best fitted to captivate the ear by its harmonious metres; to please the imagination by its poetic flights; and to amuse the reader by an array of long compounds and high flown language, in some cases conveying no definite ideas. Even science is inculcated in Sanscrit by means of versified sentences and poetical expressions. It is not uncommon in grave



ভাষা নিঃসন্দেহ অন্তুত । ইহার প্রকাশ সমাস, বিচিত্র এবং সূচক ছন্দ, কাব্য শক্তি, এবং উৎকট ও সরস বর্ণনা সর্বত্র অপূৰ্ব বোধ হয় । ভারত বর্ষীয় পণ্ডিতগণের বিশেষতঃ কর্তব্য যে তাহা যত্ন পূৰ্বক আলোচনা করেন কেননা ব্যাস মহু কালিদাস প্রভৃতি ভারত বর্ষীয় মহা-মহোপাধ্যায় প্রাচীন পণ্ডিতেরা ঐ ভাষাতেই স্ব ২ মনের ভাব প্রকাশ করিয়াছিলেন ।

দ্বিতীয় প্রশ্ন এই যে সংস্কৃত ভাষায় পণ্ডিত ব্যতীত অন্যের অবিদিত সংস্কৃত শব্দ এবং পদ বঙ্গ ভাষায় কত দূর পর্য্যন্ত প্রয়োগ করা উচিত । এই প্রশ্নের উত্তর দেওনের পূর্বে পাঠক-বর্গকে অবগত হইতে হইবে যে সংস্কৃত ভাষায় কাব্য রচনাই উত্তম রূপে হইতে পারে । বোধ হয় সংস্কৃত ভাষা কথোপকথনে কখনই চলিত ছিল না । তাহাতে মহা কাব্য রচনা করা বরং সহজ তথাপি কোন বাণিজ্যকারির সামান্য হিসাব লেখা সহজ নহে । অপিচ লৌকিক ব্যবহার এবং রীতি নীতির সম্বন্ধে নাটক গ্রন্থ সকলকে যদি প্রমাণ জ্ঞান করা যায় তবে নিঃসন্দেহ বোধ হইবে পণ্ডিতেরা সংস্কৃত কহিতেন এবং স্ত্রী লোক ইতর লোক প্রভৃতি সকলে প্রাকৃত ভাষায় কথোপকথন করিত । ফলে সংস্কৃত ভাষায় গদ্য রচনা সহজে হয় না, এবং যে ২ রচনায় রসের অভাব আছে অথবা শুদ্ধ এবং স্পষ্ট শব্দ সহকারে অপণ্ডিত লোককে যথার্থ তত্ত্ব জ্ঞাপন করা যে রচনার তাৎপর্য্য তাহাও সংস্কৃত ভাষায় সহজে লিপি বদ্ধ করা যায় না । সংস্কৃত ভাষায় সূচক ছন্দ দ্বারা কণ স্বার্থ জন্মে এবং কাব্যের উৎকট ভাব দ্বারা চিত্ত সন্তোষ হয় তথা দীর্ঘ সমাস এবং নির্দিষ্ট অর্থ বিহীন অথচ উৎকট ভাব

works on astronomy to meet with such expressions as *Lady Earth, Lord of the night, &c.* We may, therefore, safely say that, except in works of poetry and imagination, it is not advisable to adopt Sanscrit words and phrases that are not popularly understood. One great exception must be made in respect of technical terms. Scientific names, for which there are no equivalents in Bengali, must be borrowed from the Sanscrit, or some other language still further removed from the idioms of Bengali, whether they are popularly understood or not. In some of the sciences, the Sanscrit itself will fail to supply ready-made terms. In such cases technical names must be coined agreeably to the rules of Sanscrit. But we are opposed to the general introduction of hard Sanscrit terms in historical or narrative compositions.

Some persons are of opinion that Sanscrit words ought to be entirely excluded from Bengali works. This opinion is founded on a mistake. Such persons are perhaps not aware that the vast majority of Bengali words, commonly spoken by the vulgar themselves, are either pure Sanscrit, or Sanscrit in their origin. It would be impossible to find words for water, fire, air, earth, sky, heaven, sun, moon, stars, fruit, creeper, day, night, &c, if Sanscrit were entirely excluded from Bengali.

But it would be ridiculous if, in order to express common ideas or things, vernacular authors used hard

বিশিষ্ট শব্দ শ্রেণীর আড়ম্বরে পাঠকের মন আমোদিত হয় । সংস্কৃত ভাষায় দর্শন শাস্ত্র পর্য্যন্ত ছন্দোবদ্ধ এবং অলঙ্কার যুক্ত শব্দ দ্বারা প্রতিপন্ন হয় । জ্যোতির্বিদ্যা সম্বলিত প্রগাঢ় গ্রন্থে কখন ২ “ভগবতী ধরণী” “নিশাপতি” প্রভৃতি ভাবুক শব্দের প্রয়োগ দেখা যায় । অতএব আমরা সাহস পূর্ব্বক কহিতে পারি পদ্য এবং উৎকট ভাব বিশিষ্ট গ্রন্থ ব্যতীত সামান্য রচনায় অপ্রসিদ্ধ সংস্কৃত শব্দ প্রয়োগ করা কর্তব্য নহে । তবে পারিভাষিক শব্দ অপ্রসিদ্ধ হইলে হানি নাই । গোড়ীয় ভাষায় দর্শন শাস্ত্র সম্বলিত পরিভাষা না থাকিলে সংস্কৃত অথবা অন্য কোন দুরূহ ভাষা হইতে সংগ্রহ করিতে হইবে । কোন ২ শাস্ত্রে সংস্কৃত পরিভাষাও অপ্রাপ্ত হইবে, তহা হইলে সংস্কৃত ব্যাকরণের সূত্রানুসারে নূতন শব্দের সৃষ্টি করিতে হইবে । কিন্তু ইতিবৃত্ত রচনায় অপ্রসিদ্ধ সংস্কৃত ভাষা প্রয়োগ করা উচিত নহে ।

কোন ২ ব্যক্তি কহেন যে গোড়ীয় রচনায় সংস্কৃত শব্দ কখনই প্রয়োগ করা উচিত নহে । এ প্রকার উক্তিতে মতিভ্রম প্রকাশ হয় । ঐ ব্যক্তির জ্ঞানেন না যে ইতর লোকদিগের ভাষাতেও সংস্কৃত শব্দ অথবা সংস্কৃত হইতে উৎপন্ন শব্দ বিজাতীয় পাওয়া যায় । ফলত সংস্কৃত শব্দ ব্যবহার না করিলে জল, অগ্নি, বায়ু, পৃথিবী, আকাশ, স্বর্গ, চন্দ্র, সূর্য্য, নক্ষত্র, ফল, লতা, দিন, রাত্রি, প্রভৃতি শব্দ একেবারে অপ্রাপ্ত হইবে ।

পরন্তু সামান্য দ্রব্য কিম্বা ভাব প্রতিপন্ন করিবার নিমিত্ত গোড়ীয় গ্রন্থকার অপ্রসিদ্ধ কট্টীয় শব্দ প্রয়োগ করিলে তাহা হাস্যাস্পদ হইবে । কোন ২ স্থলে যদি সংস্কৃত পদ

words unintelligible to the people. Where a Sanscrit phrase has become proverbial, it may be elegantly and harmlessly inserted; but, in writings which are not sentimental or declamatory, easy words are to be preferred to those which, however fine in Sanscrit, would be hardly intelligible in Bengali. Many a scholar uses hard words in order to show his *panditya* or learning; and many a critic looks upon *panditya* as the best recommendation of a book. Such a style of writing may do well for a school boy's exercise intended to be an index of his acquirements. It would be out of place in an author aiming to be intelligible.

Vernacular writers should bear in mind that the language will never improve so long as they study a style diametrically opposite to the style of speaking. The styles of writing and of speaking should approximate to one another. We do not mean that an author should transfer to paper the colloquial vulgarisms of ignorant multitudes; but if *Sadhu bhasha* (polite language) means the language actually spoken by the upper classes, he should not affect a harder style on ordinary subjects than pundits themselves make use of in common parlance. This leads me to the next question, which is,

3. How far should foreign words and idioms be introduced into the Bengali language? It must be borne in mind that the use of foreign words is not considered in Bengal a fault of the same kind as in

চলিত হইয়া থাকে তবে তাহা প্রয়োগ করিলে হানি নাই বরং তাহাতে রচনার পারিপাট্য হয় । কিন্তু যে স্থলে রস বিস্তার কিম্বা দীর্ঘ বক্তৃতা করা অভিপ্রেত নহে সে স্থলে অপ্রসিদ্ধ শব্দ প্রয়োগ না করিয়া সহজ শব্দ ব্যবহার করাই উচিত । অপ্রসিদ্ধ শব্দ যদিও সংস্কৃত ভাষায় সূচক বোধ হয় তথাপি গোড়ীয় ভাষায় তাহা কাহার বোধগম্য হয় না । ভূরি ২ পণ্ডিতেরা পাণ্ডিত্য প্রকাশের নিমিত্ত কঠিন অপ্রসিদ্ধ শব্দ প্রয়োগ করিয়া থাকেন এবং ভূরি ২ পাঠক মনে করেন যে পাণ্ডিত্য প্রকাশই রচনার উৎকর্ষের প্রধান লক্ষণ । এই রূপ রচনার দ্বারা পাঠশালাস্থ বালকের পক্ষে উপযুক্ত হইতে পারে বটে কেননা বালকেরা গুরু সম্মিথানে বিদ্যার পরীক্ষা দিবার কারণ প্রবন্ধ রচনা করে । কিন্তু যে ২ গ্রন্থকার পাঠকবর্গের অবগতির নিমিত্ত রচনা করেন তাঁহাদের পাণ্ডিত্য প্রকাশের অভিমান ত্যাগ করা উচিত ।

যাঁহারা গোড়ীয় ভাষায় গ্রন্থ রচনা করেন তাঁহাদের স্মরণে রাখা কর্তব্য, যে যদি তাঁহারা চলিত ভাষার বিপরীত শব্দ প্রয়োগ করিতে সর্বদা প্রয়াস করেন তবে গোড়ীয় ভাষার কখন উন্নতি হইবে না । গ্রন্থ রচনার শব্দ এবং চলিত ভাষা ক্রমশঃ এক রূপ হইলেই শ্রেয়ঃ সম্ভাবনা । ইতর এবং মূর্থ লোকদিগের মধ্যে চলিত অপর ভাষা লিপি বদ্ধ করা কর্তব্য আমার এমত অভিপ্রায় নয়, কিন্তু সাধু ভাষার অর্থ সাধু লোকদিগের বানী, অতএব পণ্ডিতেরা কথোপকথন কালে অভ্যাস বশত যে ২ শব্দ প্রয়োগ করেন সামান্য বিষয়ের রচনায় তদপেক্ষা কঠিন শব্দ ব্যবহার করা কর্তব্য

England. In England, it is looked upon as a sign of affectation and pedantry; here it is a note of vulgarity. He who adopts foreign *Mletcha* words is assimilated with the outcast who has a partiality for *Mletcha* customs. But this jealousy is confined to written compositions only. It does not extend to colloquies. The most learned Brahmin will not scruple in conversation to make use of foreign words for which there are no current equivalents in Bengali or Sanscrit. Who would not say to his wife, if he felt an appetite for *bread*; "Make some *rooties* for me?" What Brahmin in talking of a *desk* would use any other than the English expression itself? What pundit would consider it a vulgarism to use the word *moja* in speaking of the *stockings* so generally worn by young Baboos? And yet few persons of the learned profession would tolerate the same words in writing, or hesitate to coin long elaborate Sanscrit compounds in translating *bread*, *table*, *stockings*, &c.

This fastidious exclusion of current words, merely because they are foreign, and the elaborate invention of Sanscrit terms for common and ordinary ideas, may be properly called a vicious taste. It is calculated to retard the improvement of the people, and to perpetuate the anomaly of having a *Sanscrit* or refined vernacular for *writing*, and a *Prakrita* or vulgar dialect for *speaking*. If such a taste become general, readers will loathe whatever is not elaborate or sentimental,

হয় না। এক্ষণে তৃতীয় প্রশ্নের মীমাংসা করা যাইবে অর্থাৎ  
৩ বঙ্গ ভাষায় বিদেশীয় শব্দ এবং পদ কত দূর পর্য্যন্ত  
প্রয়োগ করা উচিত?। ইংলণ্ড দেশে বিদেশীয় শব্দ প্রয়োগ  
করিলে যে প্রকার দূষণাবহ হয় বঙ্গ দেশে তদ্রূপ হয় না।  
ইংলণ্ড দেশে রচনার মধ্যে বিদেশীয় শব্দ প্রয়োগ করিলে কেবল  
পাণ্ডিত্যভিমান এবং যশঃস্পৃহার দোষ আরোপিত হয় কিন্তু  
বঙ্গ দেশে ঐ রূপ শব্দ প্রয়োগকে ইতর স্বভাবের লক্ষণ জ্ঞান  
করা যায় যে ব্যক্তি স্লেচ্ছ ভাষা ব্যবহার করে সে স্লেচ্ছাচারী-  
রাগী জাতি ভ্রষ্ট রূপে গণ্য হয়। কিন্তু এই প্রকার দ্বেষ কেবল  
গ্রন্থ রচনাতেই প্রকাশ হয়, চলিত ভাষাতে তাড়ক বিচার  
নাই। কোন স্লেচ্ছ শব্দের সমানার্থ সংস্কৃত কিম্বা বঙ্গীয়  
শব্দের অভাবে অতি বিজ্ঞ ব্রাহ্মণেরাও কথোপকথন কালে  
স্লেচ্ছ ভাষা প্রয়োগ করিতে সঙ্কুচিত হয়েন না। কোন  
পণ্ডিত মহাশয় রুটি খাইতে ইচ্ছা হইলে নিজ গৃহিণীকে  
না কহেন “অদ্য আমার নিমিত্ত রুটি প্রস্তুত করিও”?  
লিখিবার ডেস্কের প্রসঙ্গ উপস্থিত হইলে কোন ব্রাহ্মণ ঐ  
স্লেচ্ছ শব্দ ব্যতীত অন্য শব্দ প্রয়োগ করেন? নব বাবুদিগের  
পরিধেয় মোজার প্রসঙ্গে কোন পণ্ডিত ইতর ভাষা কহিবার  
ভয়ে ঐ শব্দ ব্যবহার করিতে সঙ্কুচিত হয়েন? অথচ পণ্ডিত-  
বর্গের মধ্যে অল্প লোক ঐ সকল শব্দ লিপি বন্ধ করিতে সম্মত  
হইবেন, তাঁহারা বরং রুটি, মেজ, মোজা প্রভৃতি বস্তু বাচক  
পদ সমাস ঘটিত দীর্ঘ সংস্কৃত শব্দ হইতে সৃষ্টি করিতে  
চেষ্টা করিবেন।

কিন্তু বিদেশীয় প্রসিদ্ধ শব্দকে স্লেচ্ছ বলিয়া ত্যাগ করত  
সামান্য দ্রব্যের প্রতিপাদক সূতন ২ সংস্কৃত শব্দের সৃষ্টি  
করাতে বিচক্ষণতা প্রকাশ পায় না। ঐ প্রকার ব্যবহারে দেশীয়  
লোকদিগের বিদ্যা বুদ্ধিতে ব্যাঘাত হইবার সম্ভাবনা এবং  
তাহাতে গোড়ীয় ভাষা দুই ভাগে চির বিভক্ত থাকিতে পারে  
অর্থাৎ পুস্তক রচনার্থ এক প্রকার সংস্কৃত বাঙ্গলা এবং  
কথোপকথনার্থ এক প্রকার প্রাকৃত বাঙ্গলা। এই প্রথা সর্বত্র

nor admits of being repeated in a declamatory tone; and speakers will consider it an affectation to use polite words sacred to authors. The spoken language will continue to degenerate—the written, to soar above the comprehension of all but pundits. An order of literary *Sudras* will be settled in perpetuity on India's soil.

We shall therefore once more advert to the instance of the English language, and direct attention to the way in which it was formed. The English attained its present eminence, not by fastidiously excluding whatever was outlandish, but by naturalizing new words that came in with new things and new ideas from other countries. We should do the same. Wherever we find outlandish words already current as the signs and images of outlandish ideas and things recently introduced, we should endeavour to naturalize them in our language, if those ideas and things are worth retaining. To reject the exotic words, and to hunt after high sounding Sanscrit terms for exotic ideas, would indicate a wrong taste. We do not include scientific and technical terms in these remarks.

4. Should the general rule of Bengali composition be to raise it above the level of the popular standard, or should it be gradually brought down to the level of the dialect which is actually spoken? We have already said that it would be absurd to think of two vernacular languages, one for writing, the other for



প্রবল হইলে পাঠক বর্গ কঠিন শব্দ সম্বলিত রস ঘটিত অথচ মহা আড়ম্বরে পঠনীয় রচনা ব্যতীত কোন প্রবন্ধের অনুরাগ করিবেন না, এবং কথকেরা রচনার উপযোগি সাধু ভাষা প্রয়োগ করিতে সঙ্কুচিত হইবেন। অপর চলিত ভাষা উত্তরোত্তর অপকৃষ্ট হইয়া যাইবে এবং রচনা করিবার ভাষা ক্রমশঃ পণ্ডিত ব্যতীত অন্য সকল লোকের অবোধ হইবে সুতরাং বিদ্যার বিষয়েও ভারতবর্ষের মধ্যে অনধিকারী শূদ্রবৎ এক অপকৃষ্ট বর্ণের সৃষ্টি হইবে।

অতএব ইংলণ্ডীয় ভাষার উদাহরণ পুনঃস্মরণ করিয়া আমরা পাঠকবর্গকে ঐ ভাষার বৃদ্ধির বিষয়ে মনোযোগ করিতে অনুরোধ করিতেছি। অভিমান পূর্বক বিদেশীয় শব্দ সকল অগ্রাহ্য করাতে ইংলণ্ডীয় ভাষার বৃদ্ধি হয় নাই কিন্তু দেশ দেশান্তর হইতে আসিয়া যে ২ নূতন দ্রব্য এবং ভাব ইংলণ্ড দেশে উপস্থিত হইয়াছিল তত্তৎপ্রতিপাদক নূতন ২ শব্দ অভ্যাস করিয়া তাহা দেশীয় ভাষাতে মিশ্রিত করাতে ঐ মহৎ উপকার হয়। আমারদেরও তদ্বশ ব্যবহার করা উচিত, নূতন ২ বিদেশীয় বস্তু বাচক এবং নূতন ২ ভাবের প্রতিপাদক লক্ষণ স্বরূপ স্লেচ্ছ শব্দ প্রসিদ্ধ হইলে তাহা আপনাদের ভাষায় অন্তর্গত করা কর্তব্য, অর্থাৎ যদি ঐ সকল বিদেশীয় দ্রব্য এবং ভাব ত্যাগ করা পরামর্শসিদ্ধ না হয় তবে তৎসূচক শব্দ গ্রাহ্য করা কর্তব্য। স্লেচ্ছ শব্দ ত্যাগ করিয়া স্লেচ্ছ ভাব প্রতিপন্ন করণার্থ দীর্ঘ সংস্কৃত শব্দের আড়ম্বর করিলে সদতিপ্রায় প্রকাশ পায় না। পরন্তু এ স্থলে আমরা দার্শনিক পারিভাষিক শব্দে দোষারোপ করি না।

৪ বঙ্গ ভাষায় চলিত ধারা অতিক্রম করিয়া রচনা করা কর্তব্য অথবা সামান্য কথোপকথনের রীতিনুসারে রচনা করাই উচিত? পূর্বে উক্ত হইয়াছে যে রচনা এবং বক্তৃতা করণার্থ দুই ভিন্ন ২ ভাষা স্থাপন করা অতিশয় অসঙ্গত সুতরাং উপস্থিত প্রশ্নের উত্তর তাহাতেই হইয়াছে। আমারদের এমত অভিপ্রায় নহে যে গ্রন্থ রচনার্থ ইতর

speaking. We have thereby somewhat anticipated the present question. We do not wish that the vulgarisms of the lowest and the most illiterate of the population should become the model of our language. We would raise the tone of popular conversation. But we decidedly think it would be a bad taste in authors to write such words as they themselves would blush to use in conversation; words, which if uttered in common parlance, would beget suspicions of the soundness of their understandings. We do not deny that we may all profitably raise the tone of our colloquies; it is desirable we should do so. But what we contend for is that the written and the spoken languages should approximate to one another—and that it would be hurtful to the cause of education to treat them as two different languages.

We must however confess that it is very difficult under present circumstances, to divest one's mind of all inclinations to adopt a higher than the colloquial style. The Bengali reader is not yet prepared to tolerate the spoken language in writing. We do not pretend to have ourselves always followed out our rule. Our aim has been to assimilate the written with the spoken language, but we will not presume to say that we have invariably succeeded.

5. Should the author study accuracy, ease, and perspicuity more than mere elegance of style? All parties are agreed that the Bengali language is still in

এবং মূৰ্খ লোকদিগের অপকৃষ্ট ভাষা গ্রাহ্য করা উচিত কেননা ইতর লোকদিগের ভাষারও শোধন করা আবশ্যিক পরন্তু কথোপকথন কালে যে ২ শব্দ প্রয়োগ করিতে গ্রন্থকার স্বয়ং লজ্জিত হইেন তাহা লিপিবদ্ধ করা বিহিত নহে অর্থাৎ কথোপকথন কালে যে ২ শব্দের আড়ম্বরে বক্তার উদ্ভাস প্রকাশ পায় সে সকল শব্দের দ্বারা প্রবন্ধ রচনা করা উচিত নহে । কথোপকথন কালে ক্রমশঃ উত্তম ২ শব্দ প্রয়োগ করিলে উপকার দর্শে অতএব তাহা করা কর্তব্য কিন্তু রচনা এবং বক্তৃতা করিবার ভাষা উত্তরোত্তর পরম্পরের সত্ত্বশ করা উচিত কেননা রচনা এবং কথোপকথনের ভাষা সম্পূর্ণ রূপে বিভিন্ন করিলে বিদ্যোপার্জনে মহা ব্যাঘাত হয় ।

পরন্তু সম্প্রতি উৎকট শব্দ প্রয়োগে নিবৃত্ত হওয়া সহজ নহে কেননা বঙ্গ দেশীয় পাঠক বর্গ কথোপকথনের ধারায় রচনা দেখিলে বিরক্ত হইয়া থাকেন । আমরাও বিদ্যাকল্পদ্রুম গ্রন্থে 'আপনাদের এই অভিমতানুযায়ী রচনায় বারম্বার ত্রুটি করিয়াছি । কিন্তু কথোপকথন এবং রচনার দ্বারা পরম্পরের সত্ত্বশ করাই আমাদের তাৎপর্য্য, তদ্বিষয়ে আমরা নিতান্ত অযত্ন করি নাই, যত্ন সফল হইয়াছে কি না তাহা পাঠকবর্গ বিচার করিবেন ।

এ শুদ্ধ স্পষ্ট এবং পরিষ্কার রূপে তাৎপর্য্য প্রকাশ করা গ্রন্থকারের উচিত কি রচনার মাধুর্য্য এবং অলঙ্কারেব নিমিত্ত প্রয়াস করা কর্তব্য? বঙ্গীয় ভাষা এখনও বিশৃঙ্খল অবস্থাতে আছে ইহা সকলেই স্বীকার করিয়া থাকেন । সম্পূর্ণ রূপে নিয়ম বদ্ধ হইবার পূর্বে বহুল ভাবে তাহার চর্চা করা আবশ্যিক এবং তাহাতে বিবিধ পুস্তক রচনা কিম্বা অনুবাদ করিবার অপেক্ষা আছে । অপর বঙ্গীয় ভাষার বিশেষ ২ ধারা এখনও স্পষ্ট রূপে অঙ্কিত হয় নাই, কালের গতিতে রচনার দ্বারা রূপান্তর হইয়াছে এক শত বৎসর হইল বঙ্গ ভাষায় রচনা করিবার যে ধারা চলিত

a very crude state. It must be largely cultivated, works on various subjects must be written or translated in it, before it becomes *settled*. Its peculiarities are not yet prominently marked out; they have been changing as the times are progressing. The Bengali style of 1750 was as different from that of 1800, as the one of 1800 was from that of the present year. Not a single book can be cited to which all parties look as a model. Opinion is divided as taste is diversified. It may therefore prove a dangerous attempt to sacrifice the universally acknowledged qualities of accuracy and perspicuity for the sake of a precarious elegance or rhetoric—which after all may please none so much as the author himself. When a well known proverbial phrase which the mind and the ear are accustomed to regard as elegant, happens to convey the intended idea accurately, the author or translator may congratulate himself. It would indeed be an inexcusable omission not to make use of it. But to sacrifice accuracy and perspicuity in search of elegant compounds, or to reject every sentence or idea that does not please, because it is new, would be to perpetuate the present crude state of our language, which all parties agree in lamenting, while they differ so widely in the methods which they recommend and practise for its improvement.

---

ছিল পঞ্চাশ বৎসরে তাহার রূপান্তর হয় এবং পঞ্চাশ বৎসর গত হইল যে ধারা সকলের গ্রাহ্য হইয়াছিল তাহা এক্ষণে বিরূপ বোধ হয় । তথাপি সৰ্বজনের মনোরঞ্জক ধারা কোন পুস্তকে পাওয়া যায় না । ভিন্ন ২ পাঠকের ভিন্ন ২ মত এবং ভিন্ন ৩ ভাব অতএব শুদ্ধতা এবং স্পষ্টতা রূপ সৰ্ববাদি সম্মত গুণ তাগ করিয়া গগণ পুস্তাবৎ অলঙ্কার এবং সৌন্দর্য্যের প্রয়াস করিলে মন্দ হইবার সম্ভাবনা কেননা সেই অলঙ্কার এবং সৌন্দর্য্যে গ্রন্থকার ব্যতীত অন্য কাহারও অধিক সন্তোষ হইবার সম্ভাবনা নাই । কোন প্রসিদ্ধ শব্দ অন্ত্যাস প্রযুক্ত সৰ্বজনের কর্ণ এবং চিত্ত তোষক হইলে যদি তাহাতে গ্রন্থকার কিম্বা অনুবাদকের তাৎপর্য্য শুদ্ধ রূপে প্রতিপন্ন হয় তবে গ্রন্থকার আনন্দ পূর্ব্বক তাহা প্রয়োগ করিবেন । এমত শব্দ প্রয়োগ না করিলে মহা দোষ হইতে পারে । কিন্তু তাৎপর্য্যের বৈলক্ষণ্য এবং স্পষ্টতার উপেক্ষা করিয়া কেবল চিত্ততোষক সমাসের অন্বেষণ করিলে অথবা অনন্ত্যাস প্রযুক্ত যে ২ বচন কিম্বা ভাব আপাততঃ চিত্তরঞ্জক হয় না সে সকলই অগ্রাহ্য করিলে বঙ্গ ভাষার উন্নতি কখনই হইবে না । বঙ্গ ভাষার উন্নতির নিমিত্ত ভিন্ন ২ লোক ভিন্ন ২ উপায়ের উল্লেখ করিলেও সকলেই তাহার বর্তমান দুরবস্থায় খেদ প্রকাশ করিয়া থাকেন কিন্তু ঐ রূপ অভিমান প্রবল থাকিলে সে দুরবস্থার প্রতীকার কখন হইবে না ।

সমাশ্রয়ং কাণ্ডঃ ।

# ERRATA

Page	Line	For	Read
5	2	beinge	being
73	10	his	this
73	24	mostn ecessary	most necessary
73	25	usin	us in
92	14	over-tried	over-tired
103	28	et	let
114	9	ente-	enter-
117	4	eharity	charity
117	24	canvince	convince
120	28	find,	find

## শুদ্ধি পত্র ।

পৃষ্ঠা	পংক্তি	অশুদ্ধ	শুদ্ধ
৩	৬	ক্ৰোধ	ক্ৰোশ
১৩	১৭	পরম্পর ভাব	ভাব পরম্পর
১৩	২২	ব্যবস্থা	ব্যবস্থা
৩১	২	তদ্রূপ	তদ্রূপ
৪১	২১	লোকদগকে	লোকদিগকে
৪৩	৮	গৃহীতব্য	গ্রহীতব্য
৫১	৭	তাহার	তাহারা
৫১	১০	ধিত	বধিত
৫৩	২	করিয়াহ	করিয়াই
৫৩	২৬	মিথ্য	মিথ্যা
৫৯	১৯	নিশাথে	নিশীথে

পৃষ্ঠা	পংক্তি	অশুদ্ধ	শুদ্ধ
৫৯	২০	সাবধান	অসাবধান
৬২	৪	বিশেষ	বিশেষ
৬৪	৭	ঘটনা	ঘটনা
৬৫	৮	উৎপন্ন	উৎপন্ন
৬৬	৩	হইবে	হইলে
৬৬	২২	পারেনা	পারেন
৬৯	১৩	শূন্য	শূন্য
৬৯	২৪	ব্যাকরণের	ব্যাকরণের
৭০	৭	সুস্ম	সুস্ম
৭৩	২১	শাখার	শাখায়
৮২	৪	প্রকাষে	প্রকারে
৮৫	২৬,	ভাষাতে	ভাষাতে
৯০	৯	ঘর	ঘোর
১০০	৪	নিম্প্রয়োজন	নিম্প্রয়োজন
১০৭	২৪	যবনকার	যবনিকার
১১৪	১৭	ভ্রান্ত	ভ্রান্ত
১১৭	৯	গোরবে	গৌরবে
১১৭	১৩	ঐ	এই
১১৮	১৩	বখন ২	কখন ২
১১৯	১১	ভাবান্তর	ভাবান্তর
১৩০	১	সম্মত	সুস্মত
১৩০	৩	আচার্য্যর	আচার্য্যের
১৩৬	৯	তাহকে	তাহাকে
১৪৭	১২.	শিত্র	শীত্র

# ENCYCLOPÆDIA BENGALENSIS.

## ALREADY PUBLISHED.

No. I.	History of Rome part I.	(Diglot Edition,).....	2 8
"	"	(Bengali Edition,) .....	1 4
"	"	Ditto to Native Students, ....	0 10
No. II.	Geometry part I.	(Diglot Edition,).....	2 8
"	"	(Bengali Edition,) .....	1 4
"	"	Ditto to Native Students, ....	0 10
No. III.	Miscellaneous part I.	(Diglot Edition,).....	2 8
"	"	(Bengali Edition) .....	1 4
"	"	Ditto to Native Students, ....	0 10
No. IV.	History of Rome part II.	(Diglot Edition,).....	2 8
"	"	(Bengali Edition,) .....	1 4
"	"	Ditto to Native Students, ....	0 10
No. V.	Biography part I.	(Diglot Edition,).....	2 8
"	"	(Bengali Edition,) .....	1 4
"	"	Ditto to Native Students, ....	0 10
No. VI.	History of Egypt.	(Diglot Edition,) .....	2 8
"	"	(Bengali Edition,) .....	1 4
"	"	Ditto to Native Students, ....	0 10
No. VII.	Miscellaneous part II.	(Diglot Edition,) .....	2 8
"	"	(Bengali Edition,) .....	1 4
"	"	Ditto to Native Students, ....	0 10
No. VIII.	Geography part I.	(Diglot Edition,).....	2 8
"	"	(Bengali Edition,) .....	1 4
"	"	Ditto to Native Students, ....	0 10
No. IX.	Geometry part II.	(Diglot Edition,) .....	2 8
"	"	(Bengali Edition,) .....	1 4
"	"	Ditto to Native Students, ....	0 10
No. X.	Moral Tales.	(Diglot Edition,) .....	2 8
"	"	(Bengali Edition,) .....	1 4
"	"	Ditto to Native Students, ....	0 10
No. XI.	Improvement of the Mind vol. I.	(Diglot Edition,)....	2 8
"	"	(Bengali Edition,) .....	1 4
"	"	Ditto to Native Students, ....	0 10
No. XII.	Improvement of the Mind vol. II.	(Diglot Edition,)....	2 8
"	"	(Bengali Edition,) .....	1 4
"	"	Ditto to Native Students, ....	0 10